



## নিবিড় পরিবীক্ষণ প্রতিবেদন

“ঢাকার মিরপুরস্থ ৯নং সেকশনে ১৫টি ১৪তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ (২য় পর্যায়) প্রকল্প”



পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৭  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)  
পরিকল্পনা মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

জুন ২০২১

সূচিপত্র

ক্রঃ নং	বিবরণ	পৃঃ নং
	নির্বাহী-সারসংক্ষেপ	iv
	Acronyms and Abbreviations	vi
	<b>প্রথম অধ্যায়</b> প্রকল্পের বিস্তারিত বর্ণনা	১
১.১	প্রকল্পের পটভূমি	১
১.২	প্রকল্পের পরিচিতি	১
১.৩	প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য	১
১.৪	প্রকল্প অনুমোদন, সংশোধন ব্যয় ও বাস্তবায়নকাল	১
১.৫	প্রকল্পের প্রধান প্রধান কাজসমূহ	২
১.৬	প্রকল্পের অনুমোদিত অঙ্গ ও অঙ্গাভিত্তিক ব্যয় বিভাজন	২
১.৭	ডিপিপি অনুযায়ী প্রকল্পের লগ-ফ্রেম	৪
১.৮	প্রকল্পের অর্থ বছর ভিত্তিক কর্ম-পরিকল্পনা	৫
১.৯	প্রকল্পের ক্রয় পরিকল্পনা	৫
১.১০	প্রকল্পের এক্সিট প্লান	১৫
	<b>দ্বিতীয় অধ্যায়</b> নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালন পদ্ধতি ও সময় ভিত্তিক কর্ম-পরিকল্পনা	১৬
২.০	ভূমিকা (Introduction)	১৬
২.১	নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার উদ্দেশ্য	১৬
২.২	নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের কার্যপরিধি (ToR)	১৬
২.৩	নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের কার্যপদ্ধতি	১৮
২.৪	কর্মপদ্ধতি (Methodology)	১৯
২.৫	সমীক্ষা পদ্ধতি	২০
২.৬	নিবিড় পরিবীক্ষণের নির্দেশক নির্বাচন	২১
২.৭	নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার প্রশ্নমালা ও ছক/চেকলিষ্ট	২২
২.৮	নমুনা এলাকা নির্বাচন ও আকার নির্ধারণ	২৩
২.৯	জরিপ কার্যক্রম	২৪
২.১০	প্রাথমিক তথ্য সংগ্রহ	২৫
২.১১	সেকেন্ডারী তথ্য /উপাত্ত সংগ্রহ	২৬
২.১২	গুণগত পদ্ধতি (Qualitative Method)	২৬
২.১৩	তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ পদ্ধতি	২৭
২.১৪	প্রতিবেদন প্রস্তুতকরণ	২৭
২.১৫	নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের সময়ভিত্তিক কর্ম-পরিকল্পনা	২৮
	<b>তৃতীয় অধ্যায়</b> ফলাফল পর্যালোচনা	৩০
৩.১	প্রকল্পের অনুকূলে এডিপি/আরএডিপি'তে বরাদ্দ, অর্থ-ছাড় ও ব্যয় বিভাজন পর্যালোচনা ও বিশ্লেষণ	৩০
৩.২	প্রকল্পের অঙ্গাভিত্তিক বাস্তব ও আর্থিক লক্ষ্যমাত্রা এবং ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি পর্যালোচনা	৩১
৩.৩	প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণসমূহ পর্যালোচনা	৩২
৩.৪	প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা	৩৩
৩.৫	প্রকল্পের আওতায় পিআইসি ও পিএসসি সভা সংক্রান্ত পর্যালোচনা	৩৫
৩.৬	পণ্য ক্রয় কার্যক্রম বিশ্লেষণ ও পর্যালোচনা	৩৭
৩.৭	কার্য ক্রয় বিশ্লেষণ ও পর্যালোচনা	৪০
৩.৮	সেবা ক্রয় কার্যক্রম বিশ্লেষণ ও পর্যালোচনা	৪৬
৩.৯	পূর্ত অডিট পর্যালোচনা	৪৭
৩.১০	প্রকল্পের লগ-ফ্রেম অনুযায়ী উদ্দেশ্য অর্জনের বাস্তব অবস্থা পর্যালোচনা ও বিশ্লেষণ	৫২
৩.১১	প্রকল্পের দায়িত্ব পালনকারী প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যাদি পর্যালোচনা	৫৬
৩.১২	আইএমইডি'র প্রতিবেদন পর্যালোচনা	৫৭
৩.১৩	ডিপিপি পর্যালোচনা	৫৮

ক্রঃ নং	বিবরণ	পৃঃ নং
৩.১৪	প্রকল্পের অর্থ বছর ভিত্তিক কর্ম-পরিকল্পনা পর্যালোচনা ও বিশ্লেষণ	৫৮
৩.১৫	ফ্ল্যাটের আয়তন ও পরিসংখ্যান বিশ্লেষণ ও পর্যালোচনা	৫৯
৩.১৬	চলমান কাজের বিভিন্ন নির্মাণ উপকরণের ল্যাব টেস্টের রিপোর্ট পর্যালোচনা	৬০
৩.১৭	নির্মাণ কাজের গুণগত মান পর্যবেক্ষণ	৬২
৩.১৮	চলমান কাজ পর্যবেক্ষণের ফলাফল ও মতামত	৬৪
৩.১৯	মোট বরাদ্দ ও বরাদ্দের পর্যায় পর্যালোচনা ও বিশ্লেষণ	৬৮
৩.২০	ফ্ল্যাটের মূল্য ও কিস্তি পরিশোধ সংক্রান্ত পর্যালোচনা ও বিশ্লেষণ	৬৯
৩.২১	প্রকল্পের আওতায় উপকারভোগীদের জরিপের ফলাফল পর্যালোচনা ও বিশ্লেষণ	৭০
৩.২২	বরাদ্দ পাওয়া সংক্রান্ত তথ্যাদি	৭৩
৩.২৩	নির্মাণ কাজের গুণগত মান ও অন্যান্য বিষয়াদি সম্পর্কিত তথ্যাদি	৭৭
৩.২৪	বরাদ্দপ্রাপ্তগণ নির্ধারিত সময়ে ফ্ল্যাট বুঝে না পাওয়ায় আর্থিক ক্ষতি পর্যালোচনা ও বিশ্লেষণ	৮০
৩.২৫	কেআইআই হতে প্রাপ্ত তথ্য ও ফলাফল বিশ্লেষণ	৮১
৩.২৬	দলীয় আলোচনা হতে প্রাপ্ত তথ্যের ফলাফল বিশ্লেষণ	৮২
৩.২৭	স্থানীয় পর্যায়ে মতবিনিময় কর্মশালার ফলাফল পর্যালোচনা	৮৫
৩.২৮	প্রকল্পের টেকসইকরণ পরিকল্পনা	৮৭
	<b>চতুর্থ অধ্যায়</b> SWOT বিশ্লেষণ	৮৮
	<b>পঞ্চম অধ্যায়</b> পর্যবেক্ষণ	৯০
৫.১	সমীক্ষালব্ধ পর্যবেক্ষণ	৯০
৫.২	প্রকল্পের অনুকূলে এডিপি/আরএডিপি'তে বরাদ্দ, অর্থ-ছাড় ও ব্যয় বিভাজন পর্যবেক্ষণ	৯০
৫.৩	ডিপিপি পর্যবেক্ষণ	৯০
৫.৪	প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণসমূহ পর্যবেক্ষণ	৯০
৫.৫	প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমের অগ্রগতি পর্যবেক্ষণ	৯০
৫.৬	প্রকল্পের আওতায় পিআইসি ও পিএসসি সভা সংক্রান্ত পর্যবেক্ষণ	৯১
৫.৭	প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা পর্যবেক্ষণ	৯১
৫.৮	পণ্য ক্রয় সংক্রান্ত পর্যবেক্ষণ	৯১
৫.৯	কার্য ক্রয় কার্যক্রম পর্যবেক্ষণ	৯১
৫.১০	পূর্ত অডিট পর্যালোচনা	৯১
৫.১১	লগ-ফ্রেম অনুযায়ী প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য ও আউটপুট পর্যবেক্ষণ	৯২
৫.১২	বরাদ্দপ্রাপ্তগণ যথাসময়ে ফ্ল্যাট বুঝে না পাওয়ায় আর্থিক ও অন্যান্য ক্ষতি পর্যবেক্ষণ	৯২
৫.১৩	বার্ষিক কর্ম-পরিকল্পনা পর্যবেক্ষণ	৯২
৫.১৪	চলমান কাজের বিভিন্ন নির্মাণ উপকরণের ল্যাব টেস্টের রিপোর্ট পর্যবেক্ষণ	৯২
৫.১৫	নির্মাণ কাজের ব্যবহৃত উপকরণগুলোর গুণগত মান পর্যবেক্ষণ	৯২
৫.১৬	নির্মাণ কাজের বাস্তব অবস্থা এবং চলমান কাজের গুণগত মান পর্যবেক্ষণ	৯৩
৫.১৭	আইএমইডি'র পরিদর্শন প্রতিবেদন পর্যবেক্ষণ	৯৩
৫.১৮	প্রকল্পের দায়িত্ব পালনকারী প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যাদি পর্যবেক্ষণ	৯৪
৫.১৯	SWOT পর্যবেক্ষণ	৯৪
৫.২০	প্রকল্প টেকসইকরণ পরিকল্পনা পর্যবেক্ষণ	৯৪
	<b>ষষ্ঠ অধ্যায়</b> সুপারিশমালা ও উপসংহার	৯৫
৬.১	সুপারিশমালা	৯৫
৬.২	উপসংহার	৯৬
	রেফারেন্সসমূহ	৯৭

#### সংযোজনী

সংযোজনী-০১	সুবিদাভোগীদের (ফ্ল্যাট মালিকগণ) থানা জরিপ প্রশ্নমালা	৯৮
সংযোজনী-০২ ও ০৩	কেআইআই ও এফজিডি প্রশ্নমালা	১০১
সংযোজনী-০৪ ও ০৫	ভবন পরিদর্শন এবং ক্রয় সংক্রান্ত চেকলিস্ট	১০৫

## নির্বাহী সারসংক্ষেপ

পরিকল্পিত উপায়ে অল্প জমির উপর সর্বাধিক সুযোগ সুবিধা সম্বলিত অত্যাধুনিক আবাসিক ভবন নির্মাণের মাধ্যমে ঢাকা মহানগরীতে তীব্র আবাসন সমস্যা সমাধানের লক্ষ্যে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন “ঢাকার মিরপুরস্থ ৯নং সেকশনে ১৫টি ১৪তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পটি সরকারের একটি গুরুত্বপূর্ণ প্রকল্প। প্রকল্পটি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিজস্ব অর্থায়নে ৯৩৬০৩.১৭ লক্ষ টাকা ব্যয়ে জানুয়ারি ২০১৭ - ডিসেম্বর ২০২১ (প্রস্তাবিত) মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতাধীন বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কর্তৃক বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপিভুক্ত) উন্নয়ন প্রকল্পসমূহ পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের মাধ্যমে চলমান প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ এবং সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন সমীক্ষা কাজ সম্পন্ন করে থাকে। এরই ধারাবাহিকতায় ২০২০-২০২১ অর্থ-বছরে আলোচ্য প্রকল্পটি নিবিড় পরিবীক্ষণের জন্য বাছাই করা হয়েছে এবং পরামর্শক প্রতিষ্ঠান ইউনিকনসাল্ট ইন্টারন্যাশনাল লিঃ-কে দায়িত্ব প্রদান করা হয়েছে।

প্রকল্পটি জানুয়ারি ২০১৭ - জুন ২০২০ সময়ে বাস্তবায়নের জন্য ৯৩৬০৩.১৭ লক্ষ টাকা ব্যয়ে ১৯.০২.২০১৭ তারিখে অনুমোদন হয়েছে। পরবর্তীতে ২৬.০৮.২০২০ তারিখে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে (১ম ক্ষেত্রে) জানুয়ারি ২০১৭- জুন ২০২১ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করা হয়েছে এবং পুনরায় ডিসেম্বর ২০২১ পর্যন্ত মেয়াদ বৃদ্ধির জন্য প্রস্তাব করা হয়েছে। প্রকল্পের শুরু থেকে এ পর্যন্ত মোট ০৩ জন প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

প্রকল্প অঞ্চল অধিকতর নিচু হওয়ার কারণে প্রায় ১০-১৫ ফুট আর্থ-ফিলিং এর মাধ্যমে মাটি ভরাট করে নির্মাণ কাজ শুরু করতে প্রায় ৪-৫ মাস সময় অতিবাহিত হয়েছে, প্রকল্প এলাকায় ভূমি দখল করতে প্রায় ৩-৪ মাস সময় অতিবাহিত হয়েছে এবং বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (Covid-19) এর কারণে প্রায় ৫-৬ মাস কাজ বন্ধ ছিল। মূলত এ সমস্ত ইত্যাদি কারণে প্রকল্প বাস্তবায়নে সময় বিলম্ব হয়েছে।

প্রকল্পের আওতায় অনুমোদিত অঙ্গগুলোর বছর-ভিত্তিক কর্ম-পরিকল্পনা ডিপিপি’তে থাকলেও বিগত অর্থ-বছরগুলোতে সময়ভিত্তিক কর্ম-পরিকল্পনা তৈরি করা হয়নি। কর্ম-পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের আওতায় ১৫টি ১৪ তলা বিশিষ্ট ভবনে সর্বমোট ১৫৬০টি ফ্ল্যাট নির্মাণ কাজ চলমান রয়েছে তবে কোন ভবনের কাজ পুরোপুরিভাবে সম্পন্ন হয়নি। প্রকল্পের ভৌত অগ্রগতি গড়ে ৫৫% এবং মে/২০২১ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৪২.০৯% যা সন্তোষজনক নয়।

পণ্য ও কার্য ক্রয় ডিপিপি এবং সরকারি ক্রয় বিধি/নীতিমালা (পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট-২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস-২০০৮) অনুযায়ী সম্পন্ন করা হয়েছে কিনা সমীক্ষাকালীন তা যাচাই করা হয়েছে। দেখা যায় যে, ডিপিপি’তে সংযুক্ত ক্রয় পরিকল্পনার সাথে মিল রেখে বার্ষিক ক্রয় পরিকল্পনা তৈরি করা হয়নি। এছাড়াও পণ্য ক্রয়ের ক্ষেত্রে দরপত্র অনুমোদনকারী কর্তৃপক্ষের মধ্যে ব্যত্যয় ঘটেছে যেখানে পাবলিক প্রকিউরমেন্ট রুলস-২০০৮ এর ব্যত্যয় করা হয়েছে। পণ্য ক্রয়ের ০৬টি প্যাকেজের মধ্যে মাত্র ০১টি প্যাকেজ (GD-2) এর দরপত্র আহবান করা হয়েছে এবং অন্য ০১টি প্যাকেজের (GD-1) দরপত্র আহবান ব্যতিরেকে ০৪টি কম্পিউটার ক্রয় করা হয়েছে। GD-02 প্যাকেজের আওতায় ০২টি মোটরসাইকেল এবং ১টি জীপ গাড়ী ক্রয় করা হয়েছে। কার্য ক্রয়ের ২০টি প্যাকেজের মধ্যে ১১টি প্যাকেজের দরপত্র আহবান করা হয়েছে। কিন্তু প্যাকেজ নং- WD-3 থেকে WD-11 পর্যন্ত ০৯টি প্যাকেজ ডিপিপি অনুযায়ী দরপত্র আহবান করা হয়নি। এ ক্ষেত্রে প্যাকেজ নাম্বার পরিবর্তন করে দরপত্র আহবান করা হয়েছে যেখানে ডিপিপি’র ব্যত্যয় হয়েছে।

২০১৯-২০২০ অর্থ-বছরের ০১টি অডিট আপত্তির বিপরীতে এখনো ট্রি-পক্ষীয় অডিট সভা হয়নি এবং অডিট আপত্তি নিষ্পত্তি হয়নি। অর্থ-বছর ২০১৭-২০১৮ তারিখের ৪টি অডিট আপত্তির বিপরীতে ৩টি অডিট আপত্তি বিষয়ে ট্রি -পক্ষীয় অডিট সভায় নিষ্পত্তির জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্পের আওতায় ডিপিপি এবং পরিপত্র অনুযায়ী নিয়মিত পিআইসি ও পিএসসি সভা অনুষ্ঠিত হয়নি। প্রকল্পের আওতায় মে-২০২১ তারিখ পর্যন্ত মোট ০৬টি পিআইসি সভা এবং ০৪টি পিএসসি সভা অনুষ্ঠিত হয়েছে।

প্রকল্পের আওতায় চলমান কাজে ব্যবহৃত নির্মাণ উপকরণের প্রতিটি ল্যাব টেস্ট বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে করা হয়েছে এবং প্রতিটি ল্যাব টেস্টের ফলাফল সন্তোষজনক পাওয়া গিয়েছে। কিন্তু সরেজমিনে ১১, ১৬, ১৭, ১৮ ও ২৪ নং ভবনে ব্যবহৃত ইটের মান সন্তোষজনক পাওয়া যায়নি (আকৃতিগত ও কোনাভাঙ্গা)। চলমান কাজে একেক ভবনে একেক ধরনের রেইনফোর্সমেন্ট ব্যবহার করা হচ্ছে-যেমন- ভবন নং-১৭ তে HI-TECH রেইনফোর্সমেন্ট আবার অন্য ভবনে ASBRM রেইনফোর্সমেন্ট ব্যবহার করা হচ্ছে যেগুলো বাজারের শীর্ষস্থানীয় কোন রেইনফোর্সমেন্ট নয়। ভবনের ফলস স্ল্যাব ও লিফ্টেলের ঢালাই কাজে ব্যবহৃত স্টোনগুলো মানসম্মত নয় (ময়লা, আবর্জনা)।

নির্মাণ কাজে বিএনবিসি অনুসরণ করা হচ্ছে এবং অনুমোদিত ড্রইং/ডিজাইন অনুযায়ী নির্মাণ কাজ চলমান রয়েছে। তবে, ওজন ও পরিমাপ মান দন্ড অর্ডিন্যান্স-১৯৮২ এবং ওজন ও পরিমাপ মান দন্ড আইন-২০১৮ অনুযায়ী অত্র প্রকল্পের

ড্রইং/ডিজাইনে মেট্রিক পদ্ধতি ব্যবহারের ক্ষেত্রে ব্যত্যয় হয়েছে। বিধিমালা-মে ২০০৮ অনুযায়ী ভবনসমূহের সিঁড়ি নির্মাণের ক্ষেত্রে কোথাও কোথাও কিছু ব্যত্যয় হয়েছে। এছাড়াও একটি বহুতল ভবন নির্মাণের ক্ষেত্রে আধুনিক যে পদ্ধতিগুলো বিভিন্ন সরকারি/বেসরকারি প্রকল্পের নির্মাণ কাজে ব্যবহৃত হচ্ছে সেই তুলনায় এই প্রকল্পের আধুনিক সরঞ্জামাদি খুবই সীমিত। এক্ষেত্রে Roof hoist ও Tower hoist সিস্টেমের ব্যবহার করা যেতে পারে। চলমান কাজে ঢালাই পরবর্তীতে কিউরিং ঠিকভাবে করা হচ্ছেনা। যার কারণে ভবন নং-১৮ এর ১৪ তম তলার ছাঁদে, ১৭ নং ভবনের ১০ তম তলার ছাঁদে এবং ১৬ নং ভবনের ১৩ তম তলার ছাঁদে বহু স্থানে ১মিমি অপেক্ষা অধিক ফাঁকা/ফাটল দেখা গিয়েছে। ভবন নং-১৬ এর ১৩তম তলার ঢালাই এর জন্য প্রস্তুতকৃত কলাম কাস্টিং এর সাঁটারিং এ এ্যালাইনমেন্ট যথাযথ হয়নি। এ্যালাইনমেন্ট কোথাও কোথাও ১-২ সেমিঃ পার্থক্য দিখা গিয়েছে। ভবন নং-১৭ এর শেয়ারওয়ালের ঢালাই কোথাও কোথাও এমন নিম্ন মানের হয়েছে যে, রেইনফোর্সমেন্ট বের হয়ে আছে দেখা যায়। অধিকাংশ বীম এর ঢালাই পরবর্তীতে হানিকশ দেখা গিয়েছে। এছাড়া প্রকল্পের কর্ম-পরিবেশ এবং চলমান কাজে নিয়োজিত শ্রমিকদের নিরাপত্তা সুরক্ষার বিষয়টি সন্তোষজনক নয় (হ্যালমেট, গ্লাবস, সেফটি বেল্ট ইত্যাদি সরবরাহ করা হয়নি) এ ক্ষেত্রে কর্তৃপক্ষ কর্তৃক চলমান কাজের তদারকি বৃদ্ধি করা প্রয়োজন।

নির্দিষ্ট সময়ের মধ্যে নির্মাণ কাজ শেষ না হওয়ায় প্রকল্পের উদ্দেশ্য স্বল্প ও মধ্যমে আয়ের জনগণকে উন্নত জীবনযাপনের জন্য অন্যান্য প্রয়োজনীয় আধুনিক সুবিধা সরবরাহ করা ব্যহত হচ্ছে বলে ধারণা করা যায়। এখন পর্যন্ত ভূমি উন্নয়নের কাজ সম্পন্ন হয়নি, ১৫টি ভবনের মধ্যে একটি ভবনের কাজও শেষ হয়নি, রাস্তা উন্নয়নের কাজ শুরু করা হয়নি এবং বিদ্যুৎ সরবরাহের কাজও শুরু করা হয়নি। এছাড়াও গভীর নলকূপ স্থাপন ও সীমানা প্রাচীর এর কাজ শুরু করা হয়নি। অর্থাৎ ডিপিপিতে উল্লিখিত লগ-ফ্রেম অনুযায়ী প্রকল্পের আউটপুট অর্জন খুবই কম।

প্রকল্পের আওতায় অবরাদ্দকৃত ৩৪৩টি ফ্ল্যাটের জন্য ৩য় পর্যায়ে পুনরায় মার্চ-২০২১ তারিখে বিজ্ঞাপন দেয়া হয়েছে এবং প্রতিটি ফ্ল্যাটের বিপরীতে ১:৪ অনুপাতে আবেদন জমা পরেছে। কিন্তু ফ্ল্যাটগুলো এখনও বরাদ্দ প্রদান করা হয়নি। এছাড়াও বরাদ্দপ্রাপ্তগণ যথাসময়ে ফ্ল্যাট বুকে না পাওয়ায় তাঁরা মাসিক গড়ে ৩৫,০০০-৪০,০০০/- টাকার ক্ষতি এবং সামাজিকভাবেও ক্ষতিগ্রস্ত হচ্ছেন।

প্রকল্পের সবলদিকগুলো হলো- প্রকল্পের অনুকূলে এডিপি'তে প্রয়োজনীয় অর্থ-বরাদ্দ ও যথাসময়ে অর্থ-ছাড় হয়েছে এবং স্বল্প ও মধ্যম আয়ের জনগণকে স্থায়ীভাবে উন্নত বাসস্থানসহ উন্নত নাগরিক সুবিধা পাবে। প্রকল্পের দুর্বল দিকে (Weakness) দেখা যায়, যথাসময়ে ভূমি দখল এবং ভূমি উন্নয়নের কাজ সম্পন্ন করতে পারেনি, প্রকল্পের আওতায় যারা বরাদ্দ পেয়েছেন তাদেরকে যথাসময়ে ফ্ল্যাটের বাস্তু দখল বুঝিয়ে দিতে পারেননি। প্রকল্পের সুযোগে (Opportunity) দেখা যায়, পরিকল্পিত আবাসন ব্যবস্থা নিশ্চিত করত স্বল্প ও মধ্যম আয়ের লোকদের স্বাস্থ্যসম্মত ও উন্নত জীবন ব্যবস্থা নিশ্চিত করার সুযোগ রয়েছে। প্রকল্পে ঝুঁকি (Threat) হলো, নির্মাণ কাজের ধীরগতি, ভবিষ্যতে ফ্ল্যাটের মূল্য বৃদ্ধি ইত্যাদি কারণে বরাদ্দপ্রাপ্তগণ যথাসময়ে ফ্ল্যাটের বাস্তু দখল বুকে না পেলে মহামান্য আদালতে রিট-পিটিশনের সম্ভাবনা থাকবে এতে নির্মাণ কাজে বিঘ্ন এবং অবরাদ্দকৃত ফ্ল্যাট বরাদ্দপ্রদানে হুমকি হতে পারে।

ডিসেম্বর-২০২১ (প্রস্তাবিত) তারিখের মধ্যে প্রকল্পের সমস্ত নির্মাণ কাজ সম্পন্ন করার ক্ষেত্রে মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে বিভিন্ন বাস্তুবুমুখী কর্ম-পরিকল্পনা গ্রহণ করতে হবে, যেমন- যথাযথভাবে ভূমি উন্নয়নের কাজ সম্পন্ন করা এবং ঠিকাদার প্রতিষ্ঠানের কাজের তদারকি বৃদ্ধি করা; প্রত্যেক নির্মাণকারী ঠিকাদারী প্রতিষ্ঠান তাদের নির্মাণাধীন ভবনগুলোর জন্য আলাদা আলাদা কর্ম-পরিকল্পনা তৈরি করবে যা প্রকল্প বাস্তুবায়নকারী সংস্থা যাচাই এবং অনুমোদন করবে; প্রকল্পের কর্ম-পরিবেশ বজায় রেখে এবং নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কর্তৃপক্ষের তদারকি বৃদ্ধি করতে হবে।

নির্মাণ কাজে ইটের গুণগত মান বজায় রাখার স্বীকৃত ল্যাবরেটরি থেকে ল্যাব টেস্ট করে ইট ব্যবহার করতে হবে; ইউরোপিয়ান লিফটসমূহের স্পেসিফিকেশন এবং আমদানি প্রসেসের ব্যাপারে এখন থেকেই তদারকি করা; প্রত্যেক ঢালাই কাজ শেষ হবার পর সেটের ডিজিটাল স্থির চিত্র ধারণ করে একটি ডাটাবেজ তৈরি করা; অবিলম্বে ১৯ নং ভবনের জন্য পুনরায় দরপত্র আহবান করা এবং ঠিকাদার প্রতিষ্ঠানের প্রাক যোগ্যতা যাচাই করা; মাঠ পর্যায়ে কর্মকর্তাদের থেকে তথ্য নিয়ে প্রস্তাবিত আরডিপিপি'তে STP, WTP স্থাপন এর জন্য সংস্থান রাখা; ভবিষ্যতে প্রকল্পের আওতায় পণ্য ও কার্য ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট রুলস-২০০৮ এর বিধিমালা অনুসরণ করা; ওজন ও পরিমাপ মান দস্ত আইন-২০১৮ অনুযায়ী প্রকল্পের ড্রইং/ডিজাইন মেট্রিক পদ্ধতিতে করার জন্য মন্ত্রণালয় কর্তৃক যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ভবিষ্যৎ প্রকল্পের ডিপিপি সংশোধন ব্যতিত ব্যয় ও অর্থায়নিক খরচগুলোর ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নজরদারি বাড়াতে হবে।

## Acronyms and Abbreviations

<b>ADP</b>	Annual Development Programme
<b>BoQ</b>	Bill of Quantity
<b>BNBC</b>	Bangladesh National Building Code
<b>CPTU</b>	Central Procurement Technical Unit
<b>CPM</b>	Critical Path Method
<b>DPP</b>	Development Project Proposal
<b>DPM</b>	Direct Procurement Method
<b>EIA</b>	Environmental Impact Assessment
<b>FGD</b>	Focus Group Discussions
<b>FSM</b>	Fecul Sludge Management
<b>FM</b>	Fineness Modulus
<b>GoB</b>	Government of Bangladesh
<b>IEE</b>	Initial Environmental Examination
<b>IMED</b>	Implementation Monitoring & Evaluation Division
<b>MoHPW</b>	Ministry of Housing and Public Works
<b>NHA</b>	National Housing Authority
<b>OTM</b>	Open Tendering Method
<b>KII</b>	Key Informant Interview
<b>PD</b>	Project Director
<b>PPA</b>	Public Procurement Act-2006
<b>PPR</b>	Public Procurement Rules-2008
<b>PIC</b>	Project Implementation Committee
<b>PMIS</b>	Project Monitoring Information System
<b>RDPP</b>	Revised Development Project Proposal
<b>SWOT</b>	Strength, Weakness, Opportunity and Threat
<b>SPSS</b>	Statistical Package for Social Science
<b>PSC</b>	Project Steering Committee
<b>TC</b>	Technical Committee
<b>ToR</b>	Terms of Reference
<b>UCIL</b>	Uniconsult International Limited

## প্রথম অধ্যায় প্রকল্পের বিস্তারিত বর্ণনা

### ১.১ প্রকল্পের পটভূমি

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতায় জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক দেশের জনগণের জন্য সারা দেশে প্লট ও ফ্ল্যাট প্রকল্প নির্মাণ করা হচ্ছে। ক্রমবর্ধমান জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে আবাসযোগ্য জমির পরিমাণ হ্রাস পাচ্ছে। কাজেই অল্প জমিতে কিভাবে বেশি লোকের আবাসন সম্ভব তা স্থির করে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা অপরিহার্য। এসব বিষয় বিবেচনায় রেখে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ নিজস্ব জমিতে প্রকল্প শুরু করেছে ফলে স্বল্প ও মধ্যম আয়ের জনগণ সশ্রয়ী মূল্যে ফ্ল্যাট ক্রয় করতে সমর্থ হবে। এ পরিস্থিতিতে সীমিত আয়ের লোকদের জন্য পরিকল্পিত বহু তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ পূর্বক বিক্রয় করা হলে আবাসন সমস্যা ক্রমশঃ সমাধান করা যেতে পারে। এ লক্ষ্যে স্বল্প জায়গায় পরিকল্পিতভাবে ভবন নির্মাণের মাধ্যমে ঢাকায় মিরপুরস্থ ৯নং সেকশনে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের নিকট বিক্রয়ের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণের লক্ষ্যে আলোচ্য “ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে ১৫ টি ১৪ তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পটি মোট ৯৩৬০৩.১৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৭ থেকে ডিসেম্বর ২০২১ (প্রস্তাবিত) মেয়াদে বাস্তবায়নধীন রয়েছে।

### ১.২ প্রকল্পের পরিচিতি

- ১.২.১ প্রকল্পের নাম : “ঢাকার মিরপুরস্থ ৯নং সেকশনে ১৫টি ১৪ তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্প
- ১.২.২ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ১.২.৩ বাস্তবায়নকারী সংস্থা : জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
- ১.২.৪ বাস্তবায়নকাল : জানুয়ারি ২০১৭ - ডিসেম্বর ২০২১ (প্রস্তাবিত)
- ১.২.৫ অর্থায়নের উৎস : জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিজস্ব অর্থায়ন
- ১.২.৬ প্রকল্পের অবস্থান :

বিভাগ	জেলা	উপজেলা/থানা	সিটি কর্পোরেশন/পৌরসভা	সমগ্র বাংলাদেশ
ঢাকা	ঢাকা	মিরপুরস্থ- ৯নং সেকশন	ঢাকা-উত্তর সিটি কর্পোরেশন	--

### ১.৩ প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য

- ক) পরিকল্পিত উপায়ে অল্প জমির উপর সর্বাধিক সুযোগ সুবিধা সম্বলিত অত্যাধুনিক আবাসিক ভবন নির্মাণের মাধ্যমে তীব্র আবাসন সমস্যা হ্রাস করা;
- খ) নাগরিক সুযোগ সুবিধা প্রদান করা এবং আধুনিক সুযোগ-সুবিধা সৃষ্টির মাধ্যমে পরিকল্পিত উপায়ে জনগণের আবাসন ব্যবস্থার উন্নয়ন করা এবং
- গ) আগ্রহী ব্যক্তিদের যুক্তিসংগত মূল্যে তাদের নিজস্ব একটি আবাসিক ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্র তৈরি করা।

### ১.৪ প্রকল্প অনুমোদন, সংশোধন, ব্যয় ও বাস্তবায়নকাল

#### ১.৪.১ প্রকল্প অনুমোদন, সংশোধন, ব্যয় ও বাস্তবায়নকাল

পরিকল্পিত উপায়ে অল্প জমির উপর সর্বাধিক সুযোগ সুবিধা সম্বলিত অত্যাধুনিক আবাসিক ভবন নির্মাণের মাধ্যমে তীব্র আবাসন সমস্যা হ্রাসের লক্ষ্যে “ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে ১৫ টি ১৪ তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পটি জানুয়ারি ২০১৭ -জুন ২০২০ সময়ে বাস্তবায়নের জন্য ৯৩৬০৩.১৭ লক্ষ টাকা ব্যয়ে ১৯.০২.২০১৭ তারিখে অনুমোদন হয়। পরবর্তীতে ২৬.০৮.২০২০ তারিখে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে (১ম ক্ষেত্রে) জানুয়ারি ২০১৭ -জুন ২০২১ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করা হয়েছে এবং পুনরায় ডিসেম্বর ২০২১ পর্যন্ত মেয়াদ বৃদ্ধির জন্য প্রস্তাব করা হয়েছে। বিস্তারিত নিম্নের সারণি ১.৪.২ এ দেওয়া হলো-

সারণি-১.৪.২: প্রকল্প অনুমোদন, সংশোধন, মেয়াদ বৃদ্ধি ও অর্থায়নের অবস্থা

(লক্ষ টাকা)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়ন কাল	মোট সময় মাস	অনুমোদনের তারিখ	পরিবর্তন (মূল প্রকল্পের তুলনায়) হ্রাস/বৃদ্ধি	
	মোট	জিওবি	প্র: সা:	অন্যান্য (স্ব-অর্থায়ন)				ব্যয় পরিমাণ (%)	সময় পরিমাণ (%)
মূল	৯৩৬০৩.১৭	নাই	নাই	৯৩৬০৩.১৭	জানুয়ারি ২০১৭ - জুন ২০২০	৪২ মাস	১৯.০২.২০১৭	-	-
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (১ম ক্ষেত্রে)	৯৩৬০৩.১৭	নাই	নাই	৯৩৬০৩.১৭	জানুয়ারি ২০১৭ - জুন ২০২১	৬০ মাস	২৬.০৮.২০২০		১৮ মাস (৪২.৮৫% বৃদ্ধি)
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (প্রস্তাবিত)	৯৩৬০৩.১৭	নাই	নাই	৯৩৬০৩.১৭	জানুয়ারি ২০১৭ - ডিসেম্বর ২০২১	৬৬ মাস			২৪ মাস (৫৭.১৪% বৃদ্ধি)

তথ্য সূত্রঃ ডিপিপি এবং আইএমইডি

১.৫ প্রকল্পের প্রধান প্রধান কাজসমূহ

- প্রকল্পের ডিপিপি অনুযায়ী ১৫ টি ১৪ তলা বিশিষ্ট ভবন নির্মাণ;
- প্রকল্পের আওতায় ১৪.৪০ একর জমি ক্রয়;
- ভূমি উন্নয়ন;
- বিভিন্ন টাইপের ১৫৬০ টি ফ্ল্যাট নির্মাণ;
- বিভিন্ন ধরনের ৫টি যানবাহন ক্রয় এবং
- পাম্প মোটর স্থাপন, বিদ্যুতায়ন, গ্যাস লাইন সরবরাহ, ড্রেন ও রাস্তা নির্মাণ কাজ ইত্যাদি।

১.৬ প্রকল্পের অনুমোদিত অঙ্গ ও অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা

প্রকল্পের ডিপিপি অনুযায়ী অনুমোদিত অঙ্গ ও অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা নিম্নের সারণি ১.৬.১ এ দেওয়া হলো-

সারণি ১.৬.১: প্রকল্পটির অনুমোদিত অঙ্গ ও অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা।

(লক্ষ টাকায়)

বাজেট হেড	ইকনমিক কোড	কোডের বর্ণনা	প্রাক্কলিত ব্যয়						মোট ব্যয়ের %
			জিওবি (এফই)	প্রকল্প সাহায্য		অন্যান্য (নিজস্ব অর্থায়ন)	মোট		
				আরপিএ (RPA)	ডিপিএ (DPA)				
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
<b>(ক) রাজস্ব উপাদান</b>									
	৪৮০০	সাপ্লাই এন্ড সার্ভিসেস	-	-	-	-	৮০.০০	৮০.০০	০.০৯
	৪৮৭৪	বৈদেশিক প্রশিক্ষণ	-	-	-	-	৫০.০০	৫০.০০	০.০৫
	৪৮৭৪	আর্কিটেকচারাল এবং স্ট্রাকচারাল ডিজাইন, কম্পালটেন্সি এবং অন্যান্য ফিস	-	-	-	-	৩০.০০	৩০.০০	০.০৩
	৪৮২৩	যানবাহন পর্যবেক্ষণ ও পোল (POL) মেরামত ও রক্ষণাবেক্ষণ (৩.৫ বছরের জন্য)	-	-	-	-	৪৫.০০	৪৫.০০	০.০৫
	৪৮২৩	পাইল লোড টেস্টিং	-	-	-	-	১৫৬.৮০	১৫৬.৮০	০.১৭
	৪৮৮৫	সয়েল টেস্ট	-	-	-	-	৪১.৫৫	৪১.৫৫	০.০৪
<b>উপমোট= (ক) রাজস্ব উপাদান</b>							<b>৪০৩.৩৫</b>	<b>৪০৩.৩৫</b>	<b>০.৪৩</b>
<b>(খ) মূলধন উপাদান</b>									
	৬৮১৫	অফিস আসবাবপত্র এবং যন্ত্রপাতি	-	-	-	-	১১.৬০	১১.৬০	০.০১



বাজেট হেড	ইকনমিক কোড	কোডের বর্ণনা	প্রাক্কলিত ব্যয়				অন্যান্য (নিজস্ব অর্থায়ন)	মোট	মোট ব্যয়ের %
			জিওবি (এফই)	প্রকল্প সাহায্য		ডিপিএ (DPA)			
				আরপিএ (RPA)	জিওবি মাধ্যমে (SP ACC)				
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
	৬৮১৪	কম্পিউটার প্রিন্টার ও ফটোকপিয়ারসহ (৫টি)	-	-	-	-	১১.৪০	১১.৪০	০.০১
		<b>যানবাহন পর্যবেক্ষণ</b>							
	৬৮০৭	পাজেরো জিপ (১টি) এবং মোটরসাইকেল (৪টি)	-	-	-	-	১৬০.০০	১৬০.০০	০.১৭
	৬৯০১	ভূমি ব্যয় (১৪.৪০ একর)	-	-	-	-	১২৯৬.০০	১২৯৬.০০	১২.৯২
	৭০০১	ভূমি উন্নয়ন	-	-	-	-	১৬২৮.০৪	১৬২৮.০৪	১.৭৪
	৭০১১	আবাসিক বিল্ডিং নির্মাণ	-	-	-	-	৬৯৪৭৫.৯৯	৬৯৪৭৫.৯৯	৭৪.২২
		ক্লাব ঘর এবং কমিউনিটি হল নির্মাণ	-	-	-	-	১৪৭৪.৭০	১৪৭৪.৭০	১.৫৮
	৭০৩১	<b>রাস্তা নির্মাণ</b>							
		আর.সি.সি রাস্তা (প্রকল্পের অভ্যন্তরীণ রাস্তা)	-	-	-	-	১৯১.১৫	১৯১.১৫	০.২০
		ওয়াকওয়ে (walkway)	-	-	-	-	৯৮.১৫	৯৮.১৫	০.১০
		বাহ্যিক গ্যাস লাইন সংযোগ (fittings, gate valve etc.)	-	-	-	-	২০.০০	২০.০০	০.০২
	৭০৪৬	<b>বাহ্যিক পানি সরবরাহ এবং স্যানিটোরি কাজ</b>							
		UGW রিজার্ভার	-	-	-	-	২২৩.২৯	২২৩.২৯	০.২৪
		বৃষ্টির পানি সংরক্ষণাগার	-	-	-	-	৫০.০০	৫০.০০	০.০৫
	৭০৪৭	গভীর নলকূপ in/c পাম্প হাউজ	-	-	-	-	৭০.০০	৭০.০০	০.০৭
		Wasa connection charge (meter & Security deposit)	-	-	-	-	২০.০০	২০.০০	০.০২
	৭০৪৬	পানি সরবরাহের পাইপ লাইন (114mm PVC pipe)	-	-	-	-	১৫.৮২	১৫.৮২	০.০২
	৭০৪৬	<b>অভ্যন্তরীণ স্যানিটোরি ব্যবস্থা</b>							
		স্যানিটোরি ট্রিটমেন্ট প্লান্ট	-	-	-	-	১০০.০০	১০০.০০	০.১১
		Kitchen waste management plant	-	-	-	-	৫০.০০	৫০.০০	০.০৫
		100mm dia PVC sewerage Line	-	-	-	-	৪.৯৮	৪.৯৮	০.০১
		280mm dia PVC sewerage Line	-	-	-	-	৪৯.২৬	৪৯.২৬	০.০৫
		সেপ্টিক ট্যাংক	-	-	-	-	৮০.১৬	৮০.১৬	০.০৯
		ইন্সপেকশন পিট (Inspection pit)	-	-	-	-	৯.৩৬	৯.৩৬	০.০১
		<b>কম্পাউন্ড ডেইন নির্মাণ</b>							
	৭০১৬	Main Drain (600mm avg.depth)	-	-	-	-	৭০.২০	৭০.২০	০.০৭
		3'-0" span Brick Culvert	-	-	-	-	৮.২৬	৮.২৬	০.০১
		<b>বাহ্যিক বিদ্যুতায়ন</b>							
	৭০৫৬	800 KVA & 150 KVA Sub- Station	-	-	-	-	১১৯৫.৩১	১১৯৫.৩১	১.২৮
		150 KVA & 100 KVA Generator	-	-	-	-	৬৮২.৩৩	৬৮২.৩৩	০.৭৩
		900/1000 kg & 750/800 KG Passenger/Bed Lift	-	-	-	-	২৪৮১.৭২	২৪৮১.৭২	২.৬৫
		41 HP Pump motor set	-	-	-	-	২৭.০২	২৭.০২	০.০৩
		Fire Protection (Hydrant) System	-	-	-	-	৯৮২.২০	৯৮২.২০	১.০৫
		20 H.P water lifting pump moto & 4.0 H.P Centrifual pump motor sets	-	-	-	-	১১৪.১৩	১১৪.১৩	০.১২

বাজেট হেড	ইকনমিক কোড	কোডের বর্ণনা	প্রাকল্পিত ব্যয়				অন্যান্য (নিজস্ব অর্থায়ন)	মোট	মোট ব্যয়ের %
			জিওবি (এফই)	প্রকল্প সাহায্য		ডিপিএ (DPA)			
				আরপিএ (RPA)	জিওবি মাধ্যমে (SP ACC)				
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
		Gate and compound light fitting	-	-	-	-	৩৬.৪১	৩৬.৪১	০.০৪
		RMU including H.T under ground cable with laying	-	-	-	-	২৮০.৮০	২৮০.৮০	০.৩০
		PABX & Intercom/Telephone	-	-	-	-	১৫০.০০	১৫০.০০	০.১৬
		সোলার প্যানেল	-	-	-	-	৫৪২.২৪	৫৪২.২৪	০.৫৮
	৭০১৬	প্রধান গেইট	-	-	-	-	২০.০০	২০.০০	০.০২
		গার্ডরুম নির্মাণ	-	-	-	-	১০.১৬	১০.১৬	০.০১
		তিতাস গ্যাস সংযোগ এবং সিকিউরিটি ডিপোজিট	-	-	-	-	৪০.০০	৪০.০০	০.০৪
	৭০১৬	আরসিসি সীমানা প্রাচীর নির্মাণ	-	-	-	-	১০০.৮১	১০০.৮১	০.১১
	৭০৮১	আরবরিকালচার এবং ল্যান্ডস্কেপিং	-	-	-	-	৫.০০	৫.০০	০.০১
	৭০১৬	সাইট অফিস (পিডি এবং সাপোর্ট স্টাফদের জন্য)	-	-	-	-	২৫.০০	২৫.০০	০.০৩
	৭০৮১	Palisading	-	-	-	-	২৮.৩৩	২৮.৩৩	০.০৩
উপ-মোট= মূলধন			-	-	-	-	৯২৬৩৯.৮২	৯২৬৩৯.৮২	৯৮.৯৭
(গ) ফিজিক্যাল কন্ট্রিনজেন্সি			-	-	-	-	২৮০.০০	২৮০.০০	২.৯৮
(ঘ) প্রাইজ কন্ট্রিনজেন্সি			-	-	-	-	২৮০.০০	২৮০.০০	০.৩০
সর্বমোটঃ (ক+খ+গ+ঘ)			-	-	-	-	৯৩৬০৩.১৭	৯৩৬০৩.১৭	১০০.০০

সূত্রঃ ডিপিপি/প্রকল্প অফিস

### ১.৭ ডিপিপি অনুযায়ী প্রকল্পের লগ-ফ্রেম

	বর্ণনামূলক সারাংশ (Narrative Summary)	উদ্দেশ্য যাচাইযোগ্য সূচক (Objectively Verifiable Indicator)	যাচাইয়ের উপায়সমূহ (Means of Verification)	গুরুত্বপূর্ণ অনুমান (Important Assumptions)
লক্ষ্য	বাণিজ্যিক আবাসনের জন্য প্রয়োজনীয় অবকাঠামোগত সহায়তা সরবরাহ করা এবং আবাসন সমস্যা সমাধান	লক্ষ্য অর্জনের পরিমাপ  আবাসনের জন্য ফ্ল্যাট বৃদ্ধি	জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নথি  ইজারা দলিল, দখল সার্টিফিকেট, রেজিস্ট্রেশন অফিস রেকর্ডস	
উদ্দেশ্য	১৫৬০টি আবাসিক ফ্ল্যাট তৈরির জন্য বিল্ডিং নির্মাণ এবং উন্নত জীবনযাপনের জন্য অন্যান্য প্রয়োজনীয় আধুনিক সুবিধা সরবরাহ করা।	১৫টি ১৪তলা বিশিষ্ট বিল্ডিং নির্মাণ করা হবে এবং ১৫৪৫ বর্গফুটের ৭২৮টি, ১৩৩৮ বর্গফুটের ৪১৬টি, এবং ৮৭৮ বর্গফুটের ৪১৬টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ করা হবে।	জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বিভাগের অফিস নথি  ভৌত পরিবীক্ষণ, বরাদ্দ চিঠিপত্র জারী করণ  উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক পরিদর্শন	সরকারের সিদ্ধান্ত পরিবর্তন হয়নি  কোন প্রাকৃতিক বা মনুষ্যসৃষ্ট বিপর্যয় নেই।

	বর্ণনামূলক সারাংশ (Narrative Summary)	উদ্দেশ্য যাচাইযোগ্য সূচক (Objectively Verifiable Indicator)	যাচাইয়ের উপায়সমূহ (Means of Verification)	গুরুত্বপূর্ণ অনুমান (Important Assumptions)
জাউটপুট	বিল্ডিং নির্মাণ রাস্তা নির্মাণ বৈদ্যুতিক কাজ বিবিধ পূর্ত কাজ সম্পন্ন	১৪.৪০ একর ভূমি উন্নয়ন করা হবে, ১৫টি ১৪তলা বিশিষ্ট বিল্ডিং নির্মাণ করা হবে এবং ২১৫৪.৮১ বঃমিঃ রাস্তা উন্নয়ন করা হবে এবং ২০১৯ এর মধ্যে প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহের কাজ করা হবে। ২০১৯ এর মধ্যে গভীর নলকূপ স্থাপন করা হবে।	মাসিক অগ্রগতি প্রতিবেদন মাসিক খরচের প্রতিবেদন উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক পরিদর্শন	প্রতিষ্ঠিত অর্থায়নের টেকসই উৎস কোন প্রাকৃতিক বা মনুষ্যসৃষ্ট বিপর্যয় নেই
ইনপুট	ভূমি উন্নয়ন বিল্ডিং নির্মাণ রাস্তা নির্মাণ বৈদ্যুতিক কাজ অন্যান্য কাজ যেমন, গভীর নলকূপ, ডেইন নির্মাণ, নার্সারী, সীমানা প্রাচীর ইত্যাদি নির্মাণ করা হবে।	জমির মূল্য ১২০৯৬.০০ লক্ষ টাকা বিল্ডিং নির্মাণ ৬৯৪৭৫.৯৯ লক্ষ টাকা রাস্তা নির্মাণ ১৯১.১৫ লক্ষ টাকা বৈদ্যুতিক কাজ ৬৪৯২.১৬ লক্ষ টাকা	বার্ষিক উন্নয়ন পরিকল্পনা EE রেকর্ড, প্রোগ্রাম রিপোর্ট	সময়মতো তহবিলের প্রাপ্যতা জমি অধিগ্রহণে কোন বাধা নেই

উৎস: ডিপিপি

### ১.৮ প্রকল্পের অর্থ বছর ভিত্তিক কর্ম-পরিকল্পনা

প্রকল্পের ডিপিপি'তে বছরভিত্তিক প্রতিটি অঙ্গের কর্ম-পরিকল্পনায় রয়েছে। কর্ম-পরিকল্পনায় দেখা যায় যে, ভবন নির্মাণ, রাস্তা নির্মাণ, বৈদ্যুতিক কাজ ছাড়াও অন্যান্য কাজ যেমন- গভীর নলকূপ, ডেইন নির্মাণ, নার্সারী, সীমানা প্রাচীর ইত্যাদি নির্মাণ করা হবে। প্রকল্পের কর্ম-পরিকল্পনা এবং প্রকল্পের সার্বিক কার্যক্রম ডিপিপি অনুযায়ী হচ্ছে কিনা এবং প্রকল্পের সার্বিক অগ্রগতিতে ধীরগতির কারণসহ (অনুচ্ছেদ-৩.১৪) যথাযথ ব্যাখ্যা বিশ্লেষণের মাধ্যমে প্রতিবেদনে সন্নিবেশ করা হয়েছে। ডিপিপি অনুযায়ী প্রকল্পের কর্ম-পরিকল্পনা নিম্নে সারণি ১.৮.১ এ দেওয়া হলো-

### ১.৯ প্রকল্পের ক্রয় পরিকল্পনা

প্রকল্পের যাবতীয় ক্রয় কার্যক্রম অনুমোদিত ডিপিপি অনুযায়ী সম্পন্ন করা হয়েছে কিনা এবং ক্রয় পরিকল্পনা পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট-২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট রুলস-২০০৮ অনুসারে সম্পাদিত হয়েছিল কি-না তা' সমীক্ষাকালে ক্রয় সংক্রান্ত দলিল/কাগজপত্র পর্যালোচনা ও পর্যবেক্ষণ করা হয়েছে। ক্রয় পদ্ধতি এবং ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষের মধ্য কোন ধরনের পরিবর্তন থাকলে তা কারণসহ বিশ্লেষণ ও পর্যালোচনা করা হয়েছে। এছাড়াও অনুমোদিত ডিপিপি'র ক্রয় পরিকল্পনা ব্যতিত প্যাকেজ ভেঞ্জে আলাদা আলাদা লটে বিভক্তকরণ করা হয়েছে কিনা তা দলিলাদি/কাগজপত্র যাচাই পূর্বক পর্যালোচনা ও পর্যবেক্ষণ করা হয়েছে। প্রতিটি প্যাকেজের জন্য আলাদা আলাদা চেকলিস্টের মাধ্যমে ক্রয় সংক্রান্ত কার্যাবলী পর্যালোচনা করে প্রতিবেদনে সন্নিবেশন করা হয়েছে (অনুচ্ছেদ-৩.৬, ৩.৭ ও ৩.৮)। ডিপিপি অনুযায়ী প্রকল্পের পণ্য, কার্য এবং সেবা ক্রয় সংক্রান্ত ক্রয়-পরিকল্পনা নিম্নের সারণি- ১.৯.১, ১.৯.২ ও ১.৯.৩-এ দেখানো হলো-

সারণি: ১.৮.১ ডিপিপি অনুযায়ী বছরভিত্তিক আর্থিক ও বাস্তব পরিকল্পনা

(লক্ষ টাকা)

বাজেট হেড	ইকনমিক কোড/ সাব- কোড	ইকনমিক সাব-কোড ভিত্তিক অংশের বর্ণনা	মোট আর্থিক ও বাস্তব পরিকল্পনা		মোট খরচ	ওজন (wei ght)	বছর-১ (২০১৬-১৭)			বছর-২ (২০১৭-১৮)			বছর-৩ (২০১৮-১৯)			বছর-৪ (২০১৯-২০)		
			পরিমাণ/ ইউনিট	একক দর			আর্থিক পরিমাণ (লক্ষ টাকা)	% আইটে মের	% প্রকল্পে র	আর্থিক পরিমাণ (লক্ষ টাকা)	% আইটে মের	% প্রক ল্পের	আর্থিক পরিমাণ (লক্ষ টাকা)	% আইটে মের	% প্রকল্পে র	আর্থিক পরিমাণ (লক্ষ টাকা)	% আইটে মের	% প্রকল্পের
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯
<b>(ক) রাজস্ব উপাদান</b>																		
	৪৮০০	সাপ্লাই এন্ড সার্ভিসেস	থোক		৮০.০০	০.০০ ০৮৫	৩০.০০	৩৭.৫০	০.০৩	১০.০০	১২.৫০	০.০১	১০.০০	১২.৫০	০.০১	৩০.০০	৩৭.৫০	০.০৩
	৪৮৭৪	বৈদেশিক প্রশিক্ষণ	থোক		৫০.০০	০.০০ ০৫৩	৪০.০০	৮০.০০	০.০৪	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	১০.০০	২০.০০	০.০১
	৪৮৭৪	আর্কিটেকচারাল এবং স্ট্রাকচারাল ডিজাইন, কম্পালটেন্সি এবং অন্যান্য ফিস	থোক		৩০.০০	০.০০ ০৩২	৩০.০০	১০০.০ ০	০.০৩	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
	৪৮২৩	যানবাহন পর্যবেক্ষণ ও পোল (POL) মেরামত ও রক্ষণাবেক্ষণ (৩.৫ বছরের জন্য)	থোক		৪৫.০০	০.০০ ০৪৮	৫.০০	১১.১১	০.০১	৫.০০	১১.১১	০.০১	৫.০০	১১.১১	০.০১	৩০.০০	৬৬.৬৭	০.০৩
	৪৮২৩	পাইল লোড টেস্টিং	থোক		১৫৬.৮ ০	০.০০ ১৬৮	১৫৬.৮০	১০০.০ ০	০.১৭	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
	৪৮৮৫	সয়েল টেন্ট	থোক		৪১.৫৫	০.০০ ০৪৪	৪১.৫৫	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
<b>উপমোট = (ক) রাজস্ব উপাদান</b>					<b>৪০৩.৩৫</b>	<b>০.০০</b> <b>৪৩১</b>	<b>৩০৩.৩৫</b>		<b>০.২৮</b>	<b>১৫.০৯</b>		<b>০.০২</b>	<b>১৫.০০</b>		<b>০.০২</b>	<b>৭০.০০</b>	<b>১৭.৩৫</b>	<b>৪.৮৫</b>
<b>(খ) মূলধন উপাদান</b>																		
	৬৮১৫	অফিস আসবাবপত্র এবং যন্ত্রপাতি	থোক		১১.৬০	০.০০ ০১২	১৫.০০	১২৯.৩ ১	০.০২	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	-৩.৪০	-২৯.৩১	০.০০
	৬৮১৪	কম্পিউটার প্রিন্টার ও ফটোকপিয়ারসহ (৫টি)	৫টি		১১.৪০	০.০০ ০১২	১১.৪০	১০০.০ ০	০.০১	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
<b>যানবাহন পর্যবেক্ষণ</b>																		

বাজেট হেড	ইকনমিক কোড/ সাব- কোড	ইকনমিক সাব-কোড ভিত্তিক অংশের বর্ণনা	মোট আর্থিক ও বাস্তব পরিকল্পনা		মোট খরচ	ওজন (wei ght)	বছর-১ (২০১৬-১৭)			বছর-২ (২০১৭-১৮)			বছর-৩ (২০১৮-১৯)			বছর-৪ (২০১৯-২০)			
			পরিমাণ/ ইউনিট	একক দর			আর্থিক পরিমাণ (লক্ষ টাকা)	% আইটে মের	% প্রকল্পে র	আর্থিক পরিমাণ (লক্ষ টাকা)	% আইটে মের	% প্রক ল্পের	আর্থিক পরিমাণ (লক্ষ টাকা)	% আইটে মের	% প্রকল্পে র	আর্থিক পরিমাণ (লক্ষ টাকা)	% আইটে মের	% প্রকল্পের	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	
	৬৮০৭	পাজেরো জিপ (১টি) এবং মোটরসাইকেল (৪টি)	১টি		১৬০.০০	০.০০ ১৭১	১৬০.০০	১০০.০ ০	০.১৭	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
	৬৯০১	ভূমি ব্যয় (১৪.৪০ একর)	১৪.৯ একর		১২০৯৬. ০০	০.১২ ৯২৩	১২০৯৬.০ ০	১০০.০ ০	১২.৯২	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
	৭০০১	ভূমি উন্নয়ন	৩৮১৮০ ৯.৯০ ঘ.মিঃ		১৬২৮.০ ৪	০.০১ ৭৩৯	১৬৮৬.৫৭	১০৩. ৬০	১.৮০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	-৫৮.৫৩	-৩.৬০	-০.০৬	
	৭০১১	আবাসিক বিল্ডিং নির্মাণ	১৯০২০৮ .৭২ বঃমিঃ		৬৯৪৭৫. ৯৯	০.৭৪ ২২৪	১০০০০.০ ০	১৪.৩৯	১০.৬৮	১৫০০০. ০০	২১.৫৯	১৬.০ ৩	২০০০০. ০০	২৮.৭৯	২১.৩৭	২৪৪৭৫. ৯৯	৩৫.২৩	২৬.১৫	
		ক্লাব ঘর এবং কমিউনিটি হল নির্মাণ	২ বিল্ডিং		১৪৭৪.৭০	০.১৫ ৭৫	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	৬০০.০০	৪০.৬৯	০.৬৪	৮৪৭.৭০	৫৯.৩১	০.৯৩	
	৭০৩১	<b>রাস্তা নির্মাণ</b>																	
		আর.সি.সি রাস্তা (প্রকল্পের অভ্যন্তরীণ রাস্তা)	১১৭১৩.১ ২ বঃমিঃ		১৯১.১৫	০.০০ ২০৪	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	১৯১.১৫	১০০.০০	০.২০	
		ওয়াকওয়ে (walkway)	৮০০ মিঃ		৯৮.১৫	০.০০ ১০৫	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	৯৮.১৫	১০০.০০	০.১০	
	৭০১৬	বাহ্যিক গ্যাস লাইন সংযোগ (fittings, gate valve etc.)	থোক		২০.০০	০.০০ ০২১	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	২০.০০	১০০.০০	০.০২	
	৭০৪৬	<b>বাহ্যিক পানি সরবরাহ এবং স্যানিটোরি কাজ</b>																	
		UGW রিজার্ভার	৩১৪৪৯৬ গেলন		২২৩.২৯	০.০০ ২৩৯	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	১৫.৮২	১০০.		
		বৃষ্টির পানি সংরক্ষণাগাড়	গেলন		৫০.০০	০.০০ ০৫৩	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	৫০.০০	১০০.০০	০.০৫	

বাজেট হেড	ইকনমিক কোড/ সাব- কোড	ইকনমিক সাব-কোড ভিত্তিক অংশের বর্ণনা	মোট আর্থিক ও বাস্তব পরিকল্পনা		মোট খরচ	ওজন (wei ght)	বছর-১ (২০১৬-১৭)			বছর-২ (২০১৭-১৮)			বছর-৩ (২০১৮-১৯)			বছর-৪ (২০১৯-২০)		
			পরিমাণ/ ইউনিট	একক দর			আর্থিক পরিমাণ (লক্ষ টাকা)	% আইটে মের	% প্রকল্পে র	আর্থিক পরিমাণ (লক্ষ টাকা)	% আইটে মের	% প্রক ল্পের	আর্থিক পরিমাণ (লক্ষ টাকা)	% আইটে মের	% প্রকল্পে র	আর্থিক পরিমাণ (লক্ষ টাকা)	% আইটে মের	% প্রকল্পের
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯
	৭০৪৭	গভীর নলকূপ in/c পাম্প হাউজ	থোক		৭০.০০	০.০০ ০৭৫	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	৭০.০০	১০০.০০	০.০৭
		WASA connection charge (meter & Security deposit)	থোক		২০.০০	০.০০ ০২১	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	২০.০০	১০০.০০	০.০২
	৭০৪৬	পানি সরবরাহের পাইপ লাইন (114mm uPVC pipe)	৯২০ মিঃ		১৫.৮২	০.০০ ০১৭	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	১৫.৮২	১০০.০০	০.০২
	৭০৪৬	<b>অভ্যন্তরীণ সুয়ারেজ ব্যবস্থা</b>																
		সুয়ারেজ ট্রিটমেন্ট প্লান্ট	২টি		১০০.০০	০.০০ ১০৭	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	১০০.০০	১০০.০০	০.১১
		Kitchen waste management plant	থোক		৫০.০০	০.০০ ০৫৩	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	৫০.০০	১০০.০০	০.০৫
		100mm dia uPVC sewerage Line	৯০০ মিঃ		৪.৯৮	০.০০ ০০৫	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	৪.৯৮	১০০.০০	০.০১
		280mm dia uPVC sewerage Line	২০০০ মিঃ		৪৯.২৬	০.০০ ০৫৩	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	৪৯.২৬	১০০.০০	০.০৫
		সেপ্টিক ট্যাংক	৩৪টি		৮০.১৬	০.০০ ০৮৬	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	৮০.১৬	১০০.০০	০.০৯
		ইন্সপেকশন পিট (Inspection pit)	১৩৬টি		৯.৩৬	০.০০ ০১০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	৯.৩৬	১০০.০০	০.০১
	৭০১৬	<b>কম্পাউন্ড ড্রেন নির্মাণ</b>																
		প্রধান ডেইন (600mm avg. depth)	৩০০০ মিঃ		৭০.২০	০.০০ ০৭৫	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	৭০.২০	১০০.০০	০.০৭
		3'-0" span Brick Culvert	১৫টি		৮.২৬	০.০০ ০০৯	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	৮.২৬	১০০.০০	০.০১
	৭০৫৬	<b>বাহ্যিক বিদ্যুতায়ন</b>																
		800 KVA & 150 KVA Sub-Station	১৭টি		১১৯৫.৩১	০.১২ ৭৭	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	১১৯৫.৩ ১	১০০.০০	১.২৮

বাজেট হেড	ইকনমিক সাব-কোড ভিত্তিক অংশের বর্ণনা	মোট আর্থিক ও বাস্তব পরিকল্পনা		মোট খরচ	ওজন (wei ght)	বছর-১ (২০১৬-১৭)			বছর-২ (২০১৭-১৮)			বছর-৩ (২০১৮-১৯)			বছর-৪ (২০১৯-২০)		
		পরিমাণ/ ইউনিট	একক দর			আর্থিক পরিমাণ (লক্ষ টাকা)	% আইটে মের	% প্রকল্পে র	আর্থিক পরিমাণ (লক্ষ টাকা)	% আইটে মের	% প্রক ল্পের	আর্থিক পরিমাণ (লক্ষ টাকা)	% আইটে মের	% প্রকল্পে র	আর্থিক পরিমাণ (লক্ষ টাকা)	% আইটে মের	% প্রকল্পের
১	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯
	150 KVA & 100 KVA Generator	১৭		৬৮২.৩৩	০.০০ ৭২৯	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	৬৮২.৩ ৩	১০০.০০	০.৭৩
	900/1000 kg & 750/800 KG Passenger/Bed Lift	১৭ সেট		২৪৮১.৭২	০.০২ ৬৫১	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	২৪৮১.৭ ২	১০০.০০	২.৬৫
	41 HP Pump motor set	১টি		২৭.০২	০.০০ ০২৯	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	২৭.০২	১০০.০০	০.০৩
	Fire Protection (Hydrant) System	১৫টি		৯৮২.২০	০.০১ ০৪৯	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	৯৮২.২০	১০০.০০	১.০৫
	20 H.P water lifting pump moto & 4.0 H.P Centrifual pump motor sets	১৭ সেট		১১৪.১৩	০.০০ ১২২	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	১১৪.১৩	১০০.০০	০.১২
	Gate and compound light fitting	১ নং		৩৬.৪১	০.০০ ০৩৯	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	৩৬.৪১	১০০.০০	০.০৪
	RMU including H.T under ground cable with laying	২কিঃমিঃ		২৮০.৮০	০.০০ ৩০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	২৮০.৮০	১০০.০০	০.৩০
	PABX & Intercom/Telephone	১৫ job		১৫০.০০	০.০০ ১৬০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	১৫০.০০	১০০.০০	০.১৬
	সোলার প্যানেল	১ job		৫৪২.২৪	০.০০ ৫৭৯	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	৫৪২.২৪	১০০.০০	০.৫৮
	৭০১৬	প্রধান ফটক	২টি	২০.০০	০.০০ ০২১	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	২০.০০	১০০.০০	০.০২
		গার্ডরুম নির্মাণ	৫০বঃ মিঃ	১০.১৬	০.০০ ০১১	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	১০.১৬	১০০.০০	০.০১
		সিকিউরিটি ডিপোজিট	থোক	৪০.০০	০.০০ ০৪৩	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	৪০.০০	১০০.০০	০.০৪
		আরসিসি সীমানা প্রাচীর নির্মাণ	১৩৭৫ মিঃ	১০০.৮১	০.০০ ১০৮	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	১০০.৮১	১০০.০০	০.১১
	৭০৮১	আরবরিকালচার এবং ল্যান্ডস্কেপিং	থোক	৫.০০	০.০০ ০০৫	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	৫.০০	১০০.০০	০.০১

বাজেট হেড	ইকনমিক কোড/ সাব- কোড	ইকনমিক সাব-কোড ভিত্তিক অংশের বর্ণনা	মোট আর্থিক ও বাস্তব পরিকল্পনা		মোট খরচ	ওজন (wei ght)	বছর-১ (২০১৬-১৭)			বছর-২ (২০১৭-১৮)			বছর-৩ (২০১৮-১৯)			বছর-৪ (২০১৯-২০)		
			পরিমাণ/ ইউনিট	একক দর			আর্থিক পরিমাণ (লক্ষ টাকা)	% আইটে মের	% প্রকল্পে র	আর্থিক পরিমাণ (লক্ষ টাকা)	% আইটে মের	% প্রক ল্পের	আর্থিক পরিমাণ (লক্ষ টাকা)	% আইটে মের	% প্রকল্পে র	আর্থিক পরিমাণ (লক্ষ টাকা)	% আইটে মের	% প্রকল্পের
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯
	৭০১৬	সাইট অফিস (পিডি এবং সাপোর্ট স্টাফদের জন্য)	১ নং		২৫.০০	০.০০ ০২৭	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	২৫.০০	১০০.০০	০.০১
	৭০৮১	Palisading	৯১৪৩.৫ টেমিঃ		২৮.৩৩	০.০০ ০৩০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	২৮.৩৩	১০০.০০	০.০৩
		(গ) ফিজিক্যাল কন্ট্রোল	-		২৮০.০০	০.০০ ২৯৯	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	২৮০.০০	১০০.০০	০.৩০
		(ঘ) প্রাইজ কন্ট্রোল	-		২৮০.০০	০.০০ ২৯৯	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	২৮০.০০	১০০.০০	০.৩০
	উপ-মোট= মূলধন				৯২৬৩৯. ৮২	০.৯৯ ৫৬৯	২৪২০৭.২ ৬	-	২৫.৮৫	১৫০০.০ ০	-	১৬.০ ৩	২০৬০০. ০০	-	২২.০১	৩৩৩৯২ .৫৬	-	৩৫.০৩
	সর্বমোটঃ (ক+খ+গ+ঘ)				৯৩৬০৩. ১৭	১.০০	২৪৫১০.৬ ১	-	২৬.১৩	১৫০১৫. ০০	-	১৬.০ ৪	২০৬১৫. ০০	-	২২.০২	৩৩৪৬২ .৫৬	-	৩৯.৮৮

উৎসঃ ডিপিপি



সারণি-১.৯.১: পণ্য ক্রয় সংক্রান্ত তথ্যাদিঃ

(লক্ষ টাকা)

প্যাকেজ নং	পিপি (PP) / টিপিপি (TPP) অনুযায়ী পণ্য ক্রয় প্যাকেজের বর্ণনা	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি ও (নমুনা)	চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ	তহবিলের উৎস	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	সম্ভাব্য তারিখ			
								পণ্য ব্যবহৃত হয় না	দরপত্র আহবান	চুক্তি স্বাক্ষর	চুক্তি সম্পন্ন
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
GD-1	অফিস আসবাবপত্র এবং যন্ত্রপাতি	Job	LS	DPM	PD, NHA	নিজস্ব তহবিল	১১.৬০		০১-০২-২০১৭	১৫-০৪-২০১৭	৩০-০৪-২০১৭
	কম্পিউটার প্রিন্টার ও ফটোকপিয়ারসহ (৫টি)	সংখ্যা	৫টি	DPM	PD, NHA	নিজস্ব তহবিল	১১.৪০		০১-০২-২০১৭	১৫-০৪-২০১৭	৩০-০৪-২০১৭
GD-2	Inspection Vehicle	সংখ্যা	০১টি	DPM	NHA Board	নিজস্ব তহবিল	১৬০.০০		০১-০২-২০১৭	১৫-০৪-২০১৭	৩০-০৪-২০১৭
GD-3	800 KVA & 150 KVA Sub-Station	সংখ্যা	১৭টি	OTM	NHA Board	নিজস্ব তহবিল	১১৯৫.৩১		০১-০১-২০২০	১৫-০৩-২০২০	৩০-০৫-০২০
	150 KVA & 100 KVA Generator	সংখ্যা	১৭টি	OTM	Member NHA	নিজস্ব তহবিল	৬৮২.৩৩		০১-০১-২০২০	১৫-০৩-২০২০	৩০-০৫-০২০
GD-4	900/1000 kg & 750/800 KG Passenger/Bed Lift	সংখ্যা	১৭ সেট	OTM	Member NHA	নিজস্ব তহবিল	২৪৮১.৭২		০১-০১-২০২০	১৫-০৩-২০২০	৩০-০৫-০২০
GD-5	41 HP Pump motor set	সংখ্যা	১টি	OTM	PD, NHA	নিজস্ব তহবিল	২৭.০২		০১-০১-২০২০	১৫-০৩-২০২০	৩০-০৫-০২০
	20 H.P water lifting pump moto & 4.0 H.P Centrifugal pump motor sets	সংখ্যা	১৭ মেট	OTM	PD, NHA	নিজস্ব তহবিল	১১৪.১৩		০১-০১-২০২০	১৫-০৩-২০২০	৩০-০৫-০২০
GD-6	সোলার প্যানেল	Job	১ job	OTM	Member NHA	নিজস্ব তহবিল	৫৪২.২৪		০১-০১-২০২০	১৫-০৩-২০২০	৩০-০৫-০২০
পণ্য ক্রয়ের মোট মূল্যঃ							৫২২৫.৭৫				

তথ্য সূত্রঃ ডিপিপি

সারণি-১.৯.২: পূর্ত কাজ সংক্রান্ত তথ্যাদিঃ

(লক্ষ টাকা)

প্যাকেজ নং	পিপি (PP) / টিপিপি (TPP) অনুযায়ী পূর্ত কাজ ক্রম প্যাকেজের বর্ণনা	একক	পরিমাণ	ক্রম পদ্ধতি ও (নমুনা)	চুক্তি অনুমোদনকা রী কর্তৃপক্ষ	তহবিলে র উৎস	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	সম্ভাব্য তারিখ			
								প্রাক যোগ্যতা আহবান	দরপত্র আহবান	চুক্তি স্বাক্ষর	চুক্তি সম্পন্ন
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
WD-1	Construction of Building (No-11). Inc. Land Development, Palisading work, Landscaping and UWR	বঃমিঃ	১৪৯৩৩.৩ ৬ বঃমিঃ	OTM	MoHPW	নিজস্ব তহবিল	৫৬৯০.৮০	Not req'd	০১-০২- ২০১৭	১৫-০৪-২০১৭	৩০-০৬-২০২০
WD-2	Construction of Building (No-12). Inc. Land Development, Palisading work, Landscaping and UWR	বঃমিঃ	১৪৯৩৩.৩ ৬ বঃমিঃ	OTM	MoHPW	নিজস্ব তহবিল	৫৬৯০.৮০	Not req'd	০১-০২- ২০১৭	১৫-০৪-২০১৭	৩০-০৬-২০২০
WD-3	Construction of Building (No-13 and 22). Inc. Land Development, Palisading work, Landscaping and UWR	বঃমিঃ	২৯৮৬৬.৭ ২ বঃমিঃ	OTM	MoHPW	নিজস্ব তহবিল	৮১৫০.৫০	Not req'd	০১-০২- ২০১৭	১৫-০৪-২০১৭	৩০-০৬-২০২০
WD-4	Construction of Building (No-14 and 23). Inc. Land Development, Palisading work, Landscaping and UWR	বঃমিঃ	২৭৮৬৫.৭ ৬ বঃমিঃ	OTM	MoHPW	নিজস্ব তহবিল	৮১৫০.৫০	Not req'd	০১-০২- ২০১৭	১৫-০৪-২০১৭	৩০-০৬-২০২০
WD-5	Construction of Building (No-15 and 24). Inc. Land Development, Palisading work, Landscaping and UWR	বঃমিঃ	২৫৮৬৪.৮ ০ বঃমিঃ	OTM	MoHPW	নিজস্ব তহবিল	৮১৫০.৫০	Not req'd	০১-০২- ২০১৭	১৫-০৪-২০১৭	৩০-০৬-২০২০
WD-6	Construction of Building (No-16 and 25). Inc. Land Development, Palisading work, Landscaping and UWR	বঃমিঃ	২৩৪১৯.৭৬ বঃমিঃ	OTM	MoHPW	নিজস্ব তহবিল	৮১৫০.৫০	Not req'd	০১-০২- ২০১৭	১৫-০৪-২০১৭	৩০-০৬-২০২০
WD-7	Construction of Building (No-17). Inc. Land Development, Palisading work, Landscaping and UWR	বঃমিঃ	২৫৪৫৯.২০ বঃমিঃ	OTM	MoHPW	নিজস্ব তহবিল	৫৬৯০.৮০	Not req'd	০১-০২- ২০১৭	১৫-০৪-২০১৭	৩০-০৬-২০২০
WD-8	Construction of Building (No-18). Inc. Land Development, Palisading work, Landscaping and UWR	বঃমিঃ	১৪৯৩৩.৩ ৬ বঃমিঃ	OTM	MoHPW	নিজস্ব তহবিল	৫৬৯০.৮০	Not req'd	০১-০২- ২০১৭	১৫-০৪-২০১৭	৩০-০৬-২০২০
WD-9	Construction of Building (No-19). Inc.	বঃমিঃ	১৪৯৩৩.৩	OTM	MoHPW	নিজস্ব	৫৬৯০.৮০	Not req'd	০১-০২-	১৫-০৪-২০১৭	৩০-০৬-২০২০

প্যাকেজ নং	পিপি (PP) / টিপিপি (TPP) অনুযায়ী পূর্ত কাজ ক্রম প্যাকেজের বর্ণনা	একক	পরিমাণ	ক্রম পদ্ধতি ও (নমুনা)	চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ	তহবিলের উৎস	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	সম্ভাব্য তারিখ			
								প্রাক যোগ্যতা আহবান	দরপত্র আহবান	চুক্তি স্বাক্ষর	চুক্তি সম্পন্ন
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
	Land Development, Palisading work, Landscaping and UWR		৬ বঃমিঃ			তহবিল			২০১৭		
WD-10	Construction of Building (No-20). Inc. Land Development, Palisading work, Landscaping and UWR	বঃমিঃ	২৯৮৬৬.৭ ২ বঃমিঃ	OTM	MoHPW	নিজস্ব তহবিল	৫৬৯০.৮০	Not req'd	০১-০২-২০১৭	১৫-০৪-২০১৭	৩০-০৬-২০২০
WD-11	Construction of Building (No-21). Inc. Land Development, Palisading work, Landscaping and UWR	বঃমিঃ	২৭৮৬৫.৭ ৬ বঃমিঃ	OTM	MoHPW	নিজস্ব তহবিল	৫৬৯০.৮০	Not req'd	০১-০২-২০১৭	১৫-০৪-২০১৭	৩০-০৬-২০২০
WD-12	ক্লাব ঘর এবং কমিউনিটি হল নির্মাণ	বঃমিঃ	১২৩৬.০৬ বঃমিঃ	OTM	Chairman, NHA	নিজস্ব তহবিল	১৪৭৪.৭০	Not req'd	০১-০৯-২০১৭	১৫-১১-২০১৭	৩০-০৬-২০২০
WD-13	আর.সি.সি রাস্তা (প্রকল্পের অভ্যন্তরীণ রাস্তা)	বঃমিঃ	১১৭১৩.১২ বঃমিঃ	OTM	SE, NHA	নিজস্ব তহবিল	১৯১.১৫	Not req'd	০১-০৪-২০১৯	১৫-০৬-২০১৯	৩০-০৬-২০২০
	ওয়াকওয়ে (walkway)	মিঃ	৮০০ মিঃ	OTM	SE, NHA	নিজস্ব তহবিল	৯৮.১৫	Not req'd	০১-০৪-২০১৯	১৫-০৬-২০১৯	৩০-০৬-২০২০
WD-14	বাহ্যিক গ্যাস লাইন সংযোগ (fittings, gate light etc.)		LS	OTM	SE, NHA	নিজস্ব তহবিল	২০.০০	Not req'd	০১-০৪-২০১৯	১৫-০৬-২০১৯	৩০-০৬-২০২০
WD-15	গভীর নলকূপ, pump house	সেট	১ সেট	OTM	SE, NHA	নিজস্ব তহবিল	৭০.০০	Not req'd	০১-০৪-২০১৯	১৫-০৬-২০১৯	৩০-০৬-২০২০
WD-16	বৃষ্টির পানি সংরক্ষণাগাড়া	গ্যালন	১২০০ গ্যালন	OTM	SE, NHA	নিজস্ব তহবিল	৫০.০০	Not req'd	০১-০৪-২০১৯	১৫-০৬-২০১৯	৩০-০৬-২০২০
	পানি সরবরাহের পাইপ লাইন (114mm uPVC pipe)	মিঃ	৯২০ মিঃ	OTM	SE, NHA	নিজস্ব তহবিল	১৫.৮২	Not req'd	০১-০৪-২০১৯	১৫-০৬-২০১৯	৩০-০৬-২০২০
WD-17	সুয়ারেজ ড্রিটমেন্ট প্লান্ট	সংখ্যা	২টি	OTM	SE, NHA	নিজস্ব তহবিল	১০০.০০	Not req'd	০১-০৪-২০১৯	১৫-০৬-২০১৯	৩০-০৬-২০২০
	Kitchen waste management plant		LS	OTM	SE, NHA	নিজস্ব তহবিল	৫০.০০	Not req'd	০১-০৪-২০১৯	১৫-০৬-২০১৯	৩০-০৬-২০২০
WD-18	100mm dia uPVC sewerage Line	মিঃ	৯০০মিঃ	OTM	SE, NHA	নিজস্ব তহবিল	৪.৯৮	Not req'd	০১-০৪-২০১৯	১৫-০৬-২০১৯	৩০-০৬-২০২০
	280mm dia uPVC sewerage Line	মিঃ	২০০০ মিঃ	OTM	SE, NHA	নিজস্ব	৪৯.২৬	Not req'd	০১-০৪-	১৫-০৬-২০১৯	৩০-০৬-২০২০

প্যাকেজ নং	পিপি (PP) / টিপিপি (TPP) অনুযায়ী পূর্ত কাজ ক্রম প্যাকেজের বর্ণনা	একক	পরিমাণ	ক্রম পদ্ধতি ও (নমুনা)	চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ	তহবিলের উৎস	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	সম্ভাব্য তারিখ			
								প্রাক যোগ্যতা আহবান	দরপত্র আহবান	চুক্তি স্বাক্ষর	চুক্তি সম্পন্ন
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
						তহবিল			২০১৯		
	সেপ্টিক ট্যাংক	সংখ্যা	৩৪টি	OTM	SE, NHA	নিজস্ব তহবিল	৮০.১৬	Not req'd	০১-০৪-২০১৯	১৫-০৬-২০১৯	৩০-০৬-২০২০
	ইন্সপেকশন পিট (Inspection pit)	সংখ্যা	১৩৬ টি	OTM	SE, NHA	নিজস্ব তহবিল	৯.৩৬	Not req'd	০১-০৪-২০১৯	১৫-০৬-২০১৯	৩০-০৬-২০২০
	প্রধান ড্রেইন (600mm avg.depth)	মিঃ	৩০০০ মিঃ	OTM	SE, NHA	নিজস্ব তহবিল	৭০.২০	Not req'd	০১-০৪-২০১৯	১৫-০৬-২০১৯	৩০-০৬-২০২০
	3'-0" span Brick Culvert	সংখ্যা	১৫টি	OTM	SE, NHA	নিজস্ব তহবিল	৮.২৬	Not req'd	০১-০৪-২০১৯	১৫-১১-২০১৬	৩০-০২-২০১৭
WD-19	Fire Protection (Hydrant) System	সংখ্যা	১৫টি	OTM	Chairman, NHA	নিজস্ব তহবিল	৯৮২.২০	Not req'd	০১-০১-২০২০	১৫-০৩-২০২০	৩০-০৬-২০২০
	Gate and compound light fitting	job	১ job	OTM	SE, NHA	নিজস্ব তহবিল	৩৬.৪১	Not req'd	০১-০১-২০২০	১৫-০৩-২০২০	৩০-০৬-২০২০
	RMU including H.T under ground cable with laying		২ কিঃমিঃ	OTM	Member, NHA	নিজস্ব তহবিল	২৮০.৮০	Not req'd	০১-০১-২০২০	১৫-০৩-২০২০	৩০-০৬-২০২০
	PABX & Intercom/Telephone	job	১৫ Job	OTM	SE, NHA	নিজস্ব তহবিল	১৫০.০০	Not req'd	০১-০১-২০২০	১৫-০৩-২০২০	৩০-০৬-২০২০
WD-20	প্রধান ফটক	সংখ্যা	২টি	OTM	SE, NHA	নিজস্ব তহবিল	২০.০০	Not req'd	০১-০১-২০২০	১৫-০৩-২০২০	৩০-০৬-২০২০
	গার্ডরুম নির্মাণ	বঃমিঃ	৫০ বঃমিঃ	OTM	SE, NHA	নিজস্ব তহবিল	১০.১৬	Not req'd	০১-০১-২০২০	১৫-০৩-২০২০	৩০-০৬-২০২০
	আরসিসি সীমানা প্রাচীর নির্মাণ	মিঃ	১৩৭৫ মিঃ	OTM	SE, NHA	নিজস্ব তহবিল	১০০.৮১	Not req'd	০১-০১-২০২০	১৫-০৩-২০২০	৩০-০৬-২০২০
	সাইট অফিস (পিডি এবং সাপোর্ট স্টাফদের জন্য)	সংখ্যা	১টি	OTM	SE, NHA	নিজস্ব তহবিল	২৫.০০	Not req'd	০১-০৮-২০১৬	১৫-১০-২০১৬	৩০-০১-২০১৭
	পূর্ত কাজ ক্রয়ের মোট মূল্যঃ						৭৬৩৩৫.০২				

উৎসঃ ডিপিপি

সারণি-১.৯.৩: সেবা ক্রয় সংক্রান্ত তথ্যাদিঃ

(লক্ষ টাকা)

প্যাকেজ নং	পিপি (PP) / টিপিপি (TPP) অনুযায়ী সেবা ক্রয় প্যাকেজের বর্ণনা	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি ও (নমুনা)	চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ	তহবিলের উৎস	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	সম্ভাব্য তারিখ			
								Invitation for EOI	Issue of RFP	চুক্তি স্বাক্ষর	চুক্তি সম্পন্ন
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
SD-1	Architectural & Structural Design, Consultancy & other fees	Job	০১-Job	DPM	SE, NHA	নিজস্ব তহবিল	৩০.০০		০১-০২-২০১৭	০১-০৪-২০১৭	১৫-১০-২০১৭
	সেবা ক্রয়ের মোট মূল্যঃ						৩০.০০				

তথ্য সূত্রঃ ডিপিপি

১.১০ প্রকল্পের এক্সিট প্লান (Exit Plan)

ডিপিপি'র Exit Plan এ দেখা যায় যে, ভবন নির্মাণ কাজ শেষ হলে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক ফ্ল্যাট মালিকদের ফ্ল্যাট হস্তান্তর করে প্রতি ভবনে একটি পরিচালনা কমিটি গঠন করে দেয়া হবে এবং পরিচালনা কমিটির উপর উক্ত ভবনের দায়িত্ব অর্পিত থাকবে। ফ্ল্যাট হস্তান্তরের পর জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আর কোন দায় দায়িত্ব থাকবেনা। তবে শুধুমাত্র কমিউনিটি ভবন জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক দেখাশোনা করা হবে।

## দ্বিতীয় অধ্যায়

### নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালন পদ্ধতি ও সময় ভিত্তিক কর্ম-পরিকল্পনা

#### ২.০ ভূমিকা (Introduction)

বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) অন্তর্ভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহ পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতাধীন বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কর্তৃক পরিবীক্ষণ ও মূল্যায়ন করা হয়। এর মাধ্যমে সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন/বাস্তবায়িত প্রকল্পের বাস্তবায়ন অবস্থার তথ্য পাওয়া যায়। প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের পাশাপাশি প্রতি অর্থ-বছর আইএমইডি পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের মাধ্যমে চলমান প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ ও সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন সমীক্ষা পরিচালনা করে থাকে। এরই ধারাবাহিকতায় আইএমইডি কর্তৃক চলতি ২০২০-২০২১ অর্থ-বছরে পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতাধীন বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কর্তৃক গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন “ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে ১৫টি ১৪ তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার জন্য ইউনিকনসাল্ট ইন্টারন্যাশনাল লিঃকে দায়িত্ব প্রদান করা হয়েছে। পরামর্শক প্রতিষ্ঠান দায়িত্ব পেয়ে সমীক্ষার ToR অনুযায়ী প্রকল্প অফিস হতে প্রকল্প সংশ্লিষ্ট প্রাপ্ত বিভিন্ন দলিলাদি পরামর্শক প্রতিষ্ঠান এর সমীক্ষা টিম কর্তৃক পর্যালোচনা ও নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার জন্য কাঠামোগত প্রশ্নমালা, আর্থী-কাঠামোগত প্রশ্নমালা, দলীয় আলোচনার গাইডলাইন এবং মাঠ পর্যায়ে ভৌত অবকাঠামো পর্যবেক্ষণের চেকলিষ্ট প্রণয়নসহ কর্মপদ্ধতির বিস্তারিত বিবরণ, কর্ম-পরিকল্পনা ও অন্যান্য বিষয়সমূহের তথ্য/উপাত্ত সংগ্রহপূর্বক নিবিড় পরিবীক্ষণ প্রতিবেদন প্রস্তুত করেছে। প্রকল্প অফিস হতে প্রকল্প সংশ্লিষ্ট প্রাপ্ত বিভিন্ন দলিলাদি পরামর্শক প্রতিষ্ঠান এর সমীক্ষা টিম কর্তৃক পর্যালোচনা করে নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার জন্য প্রশ্নাবলী ও চেকলিষ্ট ব্যবহার করে প্রতিবেদনটি প্রস্তুত করা হয়েছে। নিম্নে নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালন পদ্ধতি ও সময় ভিত্তিক কর্ম-পরিকল্পনা উল্লেখ করা হলো-

#### ২.১ নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার উদ্দেশ্য

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন “ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে ১৫টি ১৪ তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার কাজ পরিচালনার মাধ্যমে প্রকল্পটির নিম্নলিখিত বিষয়গুলো নিবিড়ভাবে পর্যালোচনা ও পর্যবেক্ষণ করা হয়েছে।

- ক) অনুমোদিত DPP/RDPP অনুযায়ী প্রকল্প কার্যক্রম পরিচালিত হয়েছে/ হচ্ছে কিনা তা পর্যালোচনার মাধ্যমে যাচাই করা হয়েছে;
- খ) প্রকল্পের উদ্দেশ্য অর্জন করতে পারবে কিনা তা প্রকল্পের কার্যাবলী বিশ্লেষণ ও পর্যালোচনা করে দেখা হয়েছে; এবং
- গ) প্রকল্পের উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ ও বাস্তবায়নকারী সংস্থার জন্য সুপারিশ প্রদান করা হয়েছে।

#### ২.২ নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের কার্যপরিধি (ToR)

- ২.২.১ প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ২.২.২ প্রকল্পের অর্থ-বছর ভিত্তিক কর্ম-পরিকল্পনা, অর্থ বছর ভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণী/ লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;
- ২.২.৩ প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

- ২.২.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা ক্রয়ের (procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগী গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিল উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কিনা সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ২.২.৫ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ২.২.৬ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BoQ/ToR, গুণগতমান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/ যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ২.২.৭ প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ২.২.৮ প্রকল্প অনুমোদন সংশোধন (প্রয়োজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড় ও বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য/ উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ২.২.৯ উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড় ও বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্ত ভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ২.২.১০ প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;
- ২.২.১১ নির্মিত/নির্মিতব্য ভবনের বিভিন্ন ধরনের ডিজাইন (স্থাপত্য নকশা, কাঠামোগত নকশা, প্লাস্টিং নকশা ও বৈদ্যুতিক নকশা) অনুযায়ী কাজসমূহ যথাযথভাবে বাস্তবায়ন হয়েছে/হচ্ছে কিনা তা যাচাইপূর্বক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ২.২.১২ নির্মাণ কাজে ব্যবহৃত নির্মাণ সামগ্রীর গুণগত মান যাচাই করা এবং নির্মিত স্থাপনার গুণগত মান পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ২.২.১৩ প্রকল্পটি বাস্তবায়নের পূর্বে IEE এবং EIA কর্তৃক ছাড়পত্র এবং ডিপিপি-তে পরিবেশ-এর প্রভাব ও পরিকল্পিত নগরায়ণের মাধ্যমে পরিবেশের ভারসাম্য রক্ষা বিষয়ে পর্যালোচনা, পর্যবেক্ষণ ও সুপারিশ;
- ২.২.১৪ প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয়, অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT ANALYSIS;
- ২.২.১৫ প্রকল্প ব্যবস্থাপনাঃ প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা, আয়োজন, কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ২.২.১৬ সমীক্ষায় প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা ও প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;
- ২.২.১৭ প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;
- ২.২.১৮ অডিট সম্পাদনের আলোকে অডিট সম্পর্কিত তথ্য পর্যালোচনা (ইন্টারনাল অডিট, এক্সটারনাল, অডিট আপত্তি সংক্রান্ত যেমন: কতটি ও কত টাকার অডিট ইত্যাদি);
- ২.২.১৯ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলি।

## ২.৩ নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের কার্যপদ্ধতি

### ২.৩.১ কৌশলগত পদ্ধতি

প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ পরিচালনার জন্য সকল কার্যক্রম প্রকল্পের উদ্দেশ্য এবং এ সংক্রান্ত কর্মপরিধির আলোকে গ্রহণ করা হয়েছে। প্রকল্পের উদ্দেশ্যকে লক্ষ্য রেখে বর্তমান সমীক্ষার কৌশলগত পদ্ধতি নির্ধারণ করা হয়েছে। প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার উদ্দেশ্য অর্জনে তিন (৩) ধরনের কৌশল অবলম্বন করা হয়েছে যথাঃ

- ১) বিদ্যমান দলিলাদি পর্যালোচনার মাধ্যমে তথ্য সংগ্রহ;
- ২) জরিপের মাধ্যমে প্রকল্প এলাকার সংখ্যাগত ও গুণগত তথ্য সংগ্রহ;
- ৩) সরজমিনে পরিদর্শনের মাধ্যমে তথ্যাদি সংগ্রহ, পরীক্ষণ ও বিশ্লেষণ।

### ২.৩.২ বিশ্লেষণগত কাঠামো

নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের নির্দিষ্টকৃত নির্দেশকসমূহের সাথে সঙ্গতি রেখে প্রাপ্ত তথ্যের input-output framework এমনভাবে স্তর বিন্যাস করা হয় যেন তথ্যের পরিসংখ্যানগত বিশ্লেষণ সঠিকভাবে সম্পন্ন হয়। প্রাপ্ত তথ্যসমূহ SPSS ও MS Excel ডাটাবেস এর সাহায্যে এন্ট্রি করা হয়েছে এবং SPSS ও MS Excel সফটওয়্যার ব্যবহার করে যথাযথ পরিসংখ্যান পদ্ধতির মাধ্যমে তথ্য বিশ্লেষণ কাজ সম্পন্ন করা হয়েছে।

### ২.৩.৩ সমীক্ষার ধারণা

সমীক্ষা কাজটি সম্পাদনের জন্য টার্মস অব রেফারেন্স (ToR)-এ প্রদত্ত গাইডলাইন অনুসরণ করা হয়েছে। গৃহীত সকল কার্যক্রম পর্যায়ক্রমে ও ক্রমানুযায়ী সম্পন্ন করা হয়েছে। প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণের কাজটি নির্ধারিত সময়ে সম্পন্ন করার উদ্দেশ্যে কোন কোন কার্যক্রম যুগোপভাবে সম্পাদিত হয়েছে। নিবিড় কার্যক্রমের বিভিন্ন ধাপ ও পর্যায় নিম্নে বর্ণিত হয়েছে এবং চিত্র-১এ দেখানো হয়েছে।

**প্রথম ধাপঃ** এ পর্যায়ে প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন ও তথ্যাদি সংগ্রহ এবং পর্যালোচনা করা হয়েছে। এছাড়া নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম সম্পাদনের পরিকল্পনা গ্রহণ, নির্দেশক নির্বাচন, তথ্যের উৎস চিহ্নিতকরণ, প্রকল্প এলাকায় নমুনা নির্ধারণ ও বিভিন্ন প্রশ্নমালা ও ছক প্রস্তুত করা হয়েছে।

**দ্বিতীয় ধাপঃ** এই ধাপে মাঠ পর্যায়ে তথ্য/উপাত্ত সংগ্রহের জন্য লোকবল নিয়োগ ও তাদের প্রয়োজনীয় দানপ্রশিক্ষণ প্র হয়েছে। এছাড়া প্রস্তুতকৃত প্রশ্নাবলী ও ছকের উপর বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ প্রদত্ত মতামত/পরামর্শ অনুসরণে প্রশ্নাবলী ও ছক চূড়ান্তকরণপূর্বক মাঠ পর্যায়ে তথ্য/উপাত্ত সংগ্রহের পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

**তৃতীয় ধাপঃ** এই ধাপে তথ্য সংগ্রহকারীগণ মাঠ পর্যায় হতে নির্দিষ্ট পরিকল্পনা ও সময়ানুযায়ী তথ্য/উপাত্ত সংগ্রহ করেছেন। পরামর্শক সমীক্ষা টিম কর্তৃক তথ্য সংগ্রহকারীদের কাজের তদারকি করা হয়েছে। তথ্য সংগ্রহকারীগণ মাঠ পর্যায়ে দ্বৈবচয়নের (Randomly) ভিত্তিতে নির্বাচিতদের নিকট হতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করেছেন এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ ও প্রকল্প পরিচালকের অফিস হতে সুনির্দিষ্ট তথ্য/উপাত্ত সংগ্রহ করেছেন।

**চতুর্থ ধাপঃ** মাঠ পর্যায়ে সংগৃহীত তথ্যে ভুলত্রুটি থাকলে তা সংশোধন করা হয়েছে। সংগৃহীত তথ্য/উপাত্ত সংশোধনের পর সেগুলো সাংকেতিক নাম্বার প্রদান করা হয়েছে এবং সে অনুযায়ী কম্পিউটারে ধারণ করা হয়েছে। পরবর্তীতে সংগৃহীত তথ্য/উপাত্তসমূহের পরিসংখ্যানিক বিশ্লেষণ করা হয়েছে এবং প্রাপ্ত ফলাফল সারণি (টেবিল) আকারে উপস্থাপন করা হয়েছে।

**পঞ্চম ধাপঃ** এই ধাপে প্রাপ্ত ফলাফলের ওপর ভিত্তি করে খসড়া প্রতিবেদন প্রণয়ন ও দাখিল করা হয়। খসড়া প্রতিবেদন পর্যালোচনার জন্য আইএমইডির নিকট দাখিল করা হয়। খসড়া প্রতিবেদনের ওপর যথাক্রমে প্রথমে টেকনিক্যাল কমিটি ও পরে স্ট্রয়ারিং কমিটির সুপারিশের ভিত্তিতে চূড়ান্ত খসড়া প্রতিবেদন প্রণয়ন পূর্বক কর্মশালায় উপস্থাপন করা হয়। কর্মশালা হতে প্রাপ্ত মতামত/পরামর্শ/সুপারিশের আলোকে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন ও দাখিল করা হবে।



### তথ্যাদি সংগ্রহ, পর্যালোচনা, কর্ম পরিকল্পনা প্রস্তুতকরণ

- প্রকল্প দলিল (ডিপিপি/আরডিপিপি) ও অন্যান্য তথ্যাদি পর্যালোচনা;
- মূল্যায়ণ প্রতিবেদন ও অন্যান্য বাস্তবায়নামূলক সংশ্লিষ্ট প্রতিবেদন পর্যালোচনা;
- বাস্তবায়িত/বাস্তবায়নামূলক কার্যক্রম পর্যালোচনা;
- তথ্য সংগ্রহের জন্য প্রয়োজনীয় প্রশ্নমালা ও ছক প্রস্তুতকরণ;
- সমীক্ষা সম্পাদনের পরিকল্পনা গ্রহণ, নির্দেশক নির্বাচন, তথ্যের উৎস চিহ্নিতকরণ।

### মাঠ জরিপ পরিকল্পনা ও চূড়ান্তকরণ

- সমীক্ষা এলাকায় নমুনা নির্ধারণ;
- তথ্য সংগ্রহকারী নিয়োগ ও তাদের প্রশিক্ষণ প্রদান;
- নমুনা সমীক্ষা এলাকা ও তথ্য প্রদানকারী নির্বাচন;
- আইএমইডি'র মতামত/ পরামর্শ অনুসরণে প্রস্তুতকৃত প্রশ্নমালা ও ছক চূড়ান্তকরণ এবং মাঠ পর্যায়ে যাচাইকরণ;
- মাঠ পর্যায়ে তথ্য/ উপাত্ত সংগ্রহের পরিকল্পনা প্রণয়ন ও কর্মপদ্ধতি চূড়ান্তকরণ।

### অবকাঠামো পর্যবেক্ষণ ও তথ্য সংগ্রহ

- প্রস্তুতকৃত প্রশ্নমালা ও ছকের সাহায্যে মাঠ পর্যায় হতে তথ্য সংগ্রহ;
- প্রকল্প এলাকায় অঙ্গভিত্তিক অবকাঠামো যাচাইকরণ;
- সমীক্ষা পরিবীক্ষণের/ তথ্য সংগ্রহ কাজের গুণগতমান নিশ্চিত করণে সঠিক ব্যবস্থাপনা গ্রহণ;
- স্থানীয় পর্যায়ে কর্মশালা আয়োজন এবং সংগৃহীত তথ্য সম্পাদনাকরণ/ যাচাইকরণ।

### সংগৃহীত তথ্য ব্যবস্থাপনা ও বিশ্লেষণ

- সংগৃহীত তথ্য ব্যবস্থাপনার পরিকল্পনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ;
- কম্পিউটারে তথ্য এন্ট্রি ও সংকলন;
- তথ্যের ভুলত্রুটি সংশোধনকরণ;
- তথ্যের বিশ্লেষণ ও ডাটা-টেবিলে উপস্থাপন।

### প্রতিবেদন প্রস্তুতকরণ ও প্রণয়ন

- প্রারম্ভিক প্রতিবেদন প্রস্তুতকরণ;
- ১ম খসড়া প্রতিবেদন প্রস্তুতকরণ;
- ১ম খসড়া প্রতিবেদনের উপর আইএমইডি-র টেকনিক্যাল ও স্ট্রিয়ারিং কমিটির মতামত গ্রহণ;
- টেকনিক্যাল ও স্ট্রিয়ারিং কমিটির সুপারিশের আলোকে ২য় খসড়া প্রতিবেদন প্রস্তুতকরণ;
- ২য় খসড়া প্রতিবেদনের ওপর জাতীয় পর্যায়ে কর্মশালা আয়োজন;
- কর্মশালায় প্রাপ্ত মতামত/পরামর্শ অনুসরণে চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুতকরণ ও দাখিল।

চিত্র-১: নিবিড় পরিবীক্ষণ কাজের ধাপ ভিত্তিক কর্মকাণ্ডের বর্ণনা

## ২.৪ কর্মপদ্ধতি (Methodology)

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার নমুনা এলাকা নির্দিষ্টকরণ, নির্দেশক নির্বাচন, সমীক্ষায় অংশগ্রহণকারী উত্তরদাতা নির্বাচন, সমীক্ষার জন্য প্রশ্নমালা ও ছক তৈরী, প্রশ্নমালা ও ছক ব্যবহারের কৌশলগত পদ্ধতি, সমীক্ষা পরিকল্পনা, সংগৃহীত তথ্যের ব্যবস্থাপনা ও পরিসংখ্যানগত বিশ্লেষণ ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়েছে। উল্লেখ্য যে, নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার উদ্দেশ্য ও চাহিদার প্রয়োজনে বর্তমান প্রকল্পের সংখ্যাগত ও গুণগত সমীক্ষার বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ করা হয়েছে।


### ২.৪.১ প্রকল্পের দলিলাদি পর্যালোচনা

প্রকল্পের কার্যক্রম সম্পর্কে যথাযথভাবে অবহিত হওয়া এবং প্রয়োজনীয় সেকেন্ডারী তথ্যের উৎস সম্পর্কে জানার জন্য প্রকল্পের দলিলাদি ও সংশ্লিষ্ট কার্যক্রমের দলিলাদির পর্যালোচনা এবং বিশ্লেষণ করা হয়েছে। এছাড়াও সমীক্ষা টিম কর্তৃক প্রকল্পের ডিপিপি/আরডিপিপি, আইএমইডি'র পরিদর্শন প্রতিবেদন ও প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য প্রতিবেদন/ দলিলাদি হতে তথ্য/উপাত্ত সংগ্রহ করেছে।

## ২.৫ সমীক্ষা পদ্ধতি

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার কাজটি সম্পাদনের জন্য সংখ্যাগত ও গুণগত পদ্ধতির অবলম্বন করা হয়েছে। প্রস্তুতকৃত প্রশ্নমালা (Questionnaire)/চেকলিষ্ট, KII ও এফজিডি (FGD) গাইডলাইন এর মাধ্যমে প্রয়োজনীয় সংখ্যাগত ও গুণগত তথ্য সংগ্রহ করা হয়েছে। প্রকল্প এলাকায় সরেজমিন পরিদর্শন (Physical Verification/Observation) করে পরামর্শক টিম প্রকল্পের অগ্রগতি, নির্মাণ কাজের গুণগতমান সম্পর্কিত বিভিন্ন তথ্যাদি সংগ্রহ করেছেন। সমীক্ষা কাজ মাঠ পর্যায়ে সঠিকভাবে সম্পন্ন করার লক্ষ্যে একটি সমন্বিত কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে যাতে বিভিন্ন কাজের বর্ণনা ও সম্পাদনের সম্ভাব্য সময়সূচির উল্লেখ আছে। তথ্য সংগ্রহকারীগণ কর্তৃক উক্ত পরিকল্পনা ও সময়সূচি অনুযায়ী মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহের কাজটি যথাসময়ে সম্পন্ন করা হয়েছে।

নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম মোট ৩টি (তিন) পর্বে সম্পন্ন করা হয়েছে। প্রতিটি পর্বের অধিনস্থ ধাপগুলো চিত্র-১ এর মাধ্যমে দেখানো হলো।



চিত্র-১ সমীক্ষা নকশার চার্ট

## ২.৬ নিবিড় পরিবীক্ষণের নির্দেশক নির্বাচন

প্রকল্পের বর্তমান অবস্থা ও ভূমিকার সঙ্গে তার পরিকল্পনা তথা আরডিপিপি/ ডিপিপিতে বর্ণিত বিষয়সমূহের চলক (Variable) ও নির্দেশকের (Indicator) মান তুলনার মাধ্যমে প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার কাজ করা হয়েছে। প্রকল্পের সফলতা ও তার উদ্দেশ্য অর্জনের মাত্রা নির্ভর করে বাস্তবায়ন সফলতার উপর। সমীক্ষার শর্তাবলী (TOR) পর্যালোচনা করে নিম্নোক্ত পর্যায়ে মূল্যায়নের মাধ্যমে প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার কাজ করা হয়েছে-

পরিবীক্ষণের প্রকৃতি	পরীক্ষণীয় বিষয়/চলক/নির্দেশক	উৎস	পদ্ধতি
প্রকল্পের উদ্দেশ্য এবং ব্যাপ্তি	প্রকল্পের স্পষ্টতা (Clarity) এবং সম্ভাব্যতা (Feasibility) লক্ষ্যমাত্রা অর্জনের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা প্রকল্প উপাদানগুলি পর্যালোচনা এবং পর্যবেক্ষণ। প্রকল্পের লগফ্রেমে বর্ণিত সূচকগুলো প্রকল্পের কার্যক্রম মূল্যায়নে Critical Path Method (CPM) এবং Work Breakdown Structure (WBS) প্রয়োগ করে প্রকল্পের উদ্দেশ্যগুলির নিরীক্ষণ।	প্রকল্প কর্তৃপক্ষ/ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	প্রতিবেদন পর্যালোচনা, কেআইআই
স্থায়িত্ব (sustainability) এর বিষয়গুলি	প্রকল্পের ডিজাইন, কার্যক্রম এবং বাস্তবায়ন ব্যবস্থায় টেকসই স্থিতিশীলতা সম্পর্কিত কিনা-	প্রকল্প কর্তৃপক্ষ/ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	প্রতিবেদন পর্যালোচনা, কেআইআই
প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত কর্মকান্ডের নিবিড় পরিবীক্ষণ	ক) প্রকল্পের প্রধান প্রধান অঙ্গসমূহ বাস্তবায়নের সময়, ব্যয়, বছরভিত্তিক বরাদ্দ, অর্থ-ছাড়, অনুমোদন/ সংশোধন ও অন্যান্য অবস্থা পর্যালোচনা করা।	প্রকল্প কর্তৃপক্ষ/ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ও আইএমইডি	প্রতিবেদন পর্যালোচনা, কেআইআই
	খ) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BoQ/ToR, গুণগতমান, পরিমাণ অনুযায়ী ঠিক রয়েছে কিনা তা পর্যালোচনা পর্যবেক্ষণ ও যাচাই।	প্রকল্প কর্তৃপক্ষ/ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	কেআইআই, প্রতিবেদন পর্যালোচনা
	গ) প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য/কার্য ও সেবা সংগ্রহের ক্ষেত্রে প্রচলিত ক্রয় আইন পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ ও প্রযোজ্য গাইড লাইন প্রতিপালন করা হয়েছে কিনা।	প্রকল্প কর্তৃপক্ষ/ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	কেআইআই/ দলিলাদি পর্যালোচনা
	ঘ) প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ।	প্রকল্প কর্তৃপক্ষ/ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ	কেআইআই, দলিলাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ
	ঙ) প্রকল্পের আওতায় অডিট সম্পন্ন হয়েছে কিনা (ইন্টারনাল এবং এক্সটারনাল অডিট) পর্যালোচনা ও পর্যবেক্ষণ।	প্রকল্প কর্তৃপক্ষ/ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	কেআইআই, দলিলাদি পর্যালোচনা
	চ) প্রকল্পের আওতায় সংগৃহীত পণ্য, কার্য, জনবল ও সেবা সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন, গুণগতমান ও পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/ যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে কিনা।	প্রকল্প কর্তৃপক্ষ/ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ ও অন্যান্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ	কেআইআই ও পর্যবেক্ষণ
	ছ) প্রকল্পের অর্থায়ন ও ব্যবস্থাপনা এবং কাজের গুণগতমান ও অনুসরণযোগ্য উপাদান পর্যালোচনা।	প্রকল্প কর্তৃপক্ষ/ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ও মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ	কেআইআই ও পর্যবেক্ষণ

পর্যবেক্ষণের প্রকৃতি	পরীক্ষণীয় বিষয়/চলক/নির্দেশক	উৎস	পদ্ধতি
	জ) প্রকল্পের সবলদিক, দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকি (SWOT) বিশ্লেষণ	স্টেক হোল্ডারগণ, প্রকল্প কর্তৃপক্ষ/ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	কর্মশালা, কেআইআই, এফজিডি ও খানা জরিপ
প্রকল্পের বর্তমান অবস্থা পর্যবেক্ষণ	১. জমি ক্রয়	প্রকল্প কর্তৃপক্ষ/ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	কেআইআই, সংশ্লিষ্ট দলিল/ প্রতিবেদন
	২. ১৫টি ১৪ তলা বিশিষ্ট ভবন নির্মাণ	প্রকল্প কর্তৃপক্ষ/ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	সংশ্লিষ্ট দলিল/ ডিজাইন/ মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ
	৩. বিভিন্ন টাইপের ১৫৬০ টি ফ্ল্যাট নির্মাণ	প্রকল্প কর্তৃপক্ষ/ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	সংশ্লিষ্ট দলিল/ ডিজাইন পর্যবেক্ষণ
	৪. ভূমি উন্নয়ন	প্রকল্প কর্তৃপক্ষ/ মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ	কেআইআই, সংশ্লিষ্ট দলিল ও পর্যবেক্ষণ
	৫. বিভিন্ন ধরনের ৫টি যানবাহন ক্রয়	প্রকল্প কর্তৃপক্ষ/ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ	কেআইআই, সংশ্লিষ্ট দলিল ও পর্যবেক্ষণ
	৬. পাম্প মোটর স্থাপন, বিদ্যুতায়ন	প্রকল্প কর্তৃপক্ষ/ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ	কেআইআই, সংশ্লিষ্ট দলিল ও পর্যবেক্ষণ
	৭. গ্যাস লাইন সরবরাহ	প্রকল্প কর্তৃপক্ষ/ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ	কেআইআই, সংশ্লিষ্ট দলিল ও পর্যবেক্ষণ
	৮. ড্রেন ও রাস্তা নির্মাণ কাজ ইত্যাদি	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ	কেআইআই, সংশ্লিষ্ট দলিল ও পর্যবেক্ষণ

উপরে বর্ণিত পরিবীক্ষণীয় বিষয়/চলক/নির্দেশক সংক্রান্ত তথ্যসমূহ সঠিকভাবে সংগ্রহ ও যথাযথ বিশ্লেষণ এবং পর্যালোচনা করে প্রকল্প বাস্তবায়ন অবস্থা ডিপিপি'তে বর্ণিত লক্ষ্যমাত্রার সাথে তুলনার মাধ্যমে সংগৃহীত তথ্য/উপাত্ত সংগ্রহ করা হয়েছে।

## ২.৭ নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার প্রশ্নমালা ও ছক/চেকলিষ্ট

প্রকল্পের কার্যক্রম, নিবিড় পরিবীক্ষণের উদ্দেশ্য, চাহিদা ও মূল্যায়ন নির্দেশক এর উপর ভিত্তি করে নিবিড় পরিবীক্ষণের জন্য নিম্ন লিখিত প্রশ্নমালা ও চেকলিষ্ট প্রস্তুত করে তথ্য সংগ্রহ করা হয়েছে (সংযোজনী: ১-৫)।

- ✓ উপকারভোগী (Beneficiary) জরিপ প্রশ্নমালা (সংযোজনী-১)
- ✓ নিবিড় আলোচনা (KII) প্রশ্নমালা (সংযোজনী-২)
- ✓ ফোকাস গ্রুপ ডিসকাশন (FGD) গাইড লাইন (সংযোজনী-৩)
- ✓ চলমান কাজের পরিদর্শন ছক/চেকলিষ্ট (সংযোজনী-৪)
- ✓ ক্রয় সংক্রান্ত তথ্য পরিবীক্ষণ ছক/চেকলিষ্ট (সংযোজনী-৫)

প্রকল্প এলাকায় সমীক্ষার কাজ তথ্য সংগ্রহকারী দ্বারা প্রশ্নমালা ও ছক পূরণের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে। প্রতিটি প্রশ্নমালা ও ছকে প্রকল্পের চাহিদা, উদ্দেশ্য ও নির্দেশক অনুযায়ী বিভিন্ন অংশ সন্নিবেশন করা হয়েছে এবং নির্দিষ্ট নমুনা সংখ্যক প্রশ্নমালার মাধ্যমে প্রকল্পের চাহিদা, উদ্দেশ্য ও নির্দেশক অনুসারে বিভিন্ন তথ্য সংগ্রহ করা হয়েছে। এছাড়াও প্রকল্প এলাকায় সরেজমিন পরিদর্শনের (Physical Observation/ Verification) মাধ্যমে পরামর্শক টিম কর্তৃক প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক তথ্যাদি সংগ্রহ ও যাচাই করা হয়েছে।

## ২.৮ নমুনা এলাকা নির্বাচন ও আকার নির্ধারণ

### ২.৮.১ নমুনা এলাকা নির্বাচন (Sample Area Selection)

প্রকল্পের আউটপুট, আউটকাম এবং উদ্দেশ্য কতটুকু অর্জিত হয়েছে বা হবে তা নির্ধারণ করাই নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার মূল উদ্দেশ্য। নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার চলমান প্রকল্পটি ঢাকা মহানগরীর মিরপুরসে-৯ নং সেকশনে বাস্তবায়নাধীন রয়েছে এবং সমীক্ষার কার্যক্রমটি উক্ত প্রকল্প এলাকায় পরিচালিত হয়েছে।

প্রকল্পের আওতায় সর্বমোট ১৫৬০টি আবাসিক ফ্ল্যাট সীমিত আয়ের লোকদের (Population) নিকট স্থায়ীভাবে বিক্রি করা হবে। ফ্ল্যাট মালিকগণ যারা প্রকল্পের আওতায় বরাদ্দ পেয়েছে কিন্তু ফ্ল্যাট বুঝে পাননি তাদের থেকে সংগৃহীত তথ্যের জন্য নমুনা আকার নির্ধারণে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক ফ্ল্যাট মালিকগণের নিবন্ধিত নাম, মোবাইল নাম্বার ও ঠিকানা সহ নামের তালিকা সংগ্রহ করা হয়েছে। এই নিবিড় পরিবীক্ষণের প্রকল্প এলাকা ঢাকা মহানগরীতে পরিচালিত হচ্ছে। সমীক্ষা এলাকার বাস্তব অবস্থান (Location) চিত্র -২ নির্দিষ্টভাবে নির্দেশিত করা হল।

সারণি:২.১ নমুনা এলাকা

বিভাগ	জেলা	পৌরসভা/সিটি কর্পোরেশন	চলমান প্রকল্পের অবস্থান
ঢাকা	ঢাকা মহানগরী	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	সেকশন -০৯, মিরপুর



চিত্র -২ প্রকল্প এলাকা ( ৯নং সেকশন, মিরপুর, ঢাকা)

### ২.৮.২ পরিমাণগত বিশ্লেষণে উত্তরদাতা নির্বাচন (Respondent for Quantitative Analysis)

প্রকল্পের আওতায় নির্মাণাধীন আবাসিক ফ্ল্যাটের জন্য বরাদ্দকৃত গ্রাহকগণের মধ্য থেকে সরল দৈব নমুনায়ন (Simple Random Sampling) পদ্ধতি অনুসরণ করে উত্তরদাতা (Respondent) নির্বাচন করা হয়, যা সমগ্রকের প্রতিনিধিত্বশীল নিরুক্তি প্রকালক প্রদান করেছে। পরিমাণগত (quantitative) বিশ্লেষণের জন্য ৩১০ জন নমুনা (Sample) নির্ধারণ করে দৈবভাবে (Randomly) কাঠামোগত প্রশ্নপত্রের মাধ্যমে তথ্য/উপাত্তের জন্য সাক্ষাৎকার গ্রহণ করা হয়েছে।

### ২.৮.৩ নমুনা আকার নির্ধারণ (Sample Size Determination)

যে কোন প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম কতটুকু চলমান বা সফলভাবে সম্পন্ন হয়েছে এবং উদ্দেশ্য বা লক্ষ্যমাত্রা অর্জন কতটুকু সফল হয়েছে তা নিবিড় পরিবীক্ষণের মাধ্যমে নিরূপণের কৌশল হচ্ছে বাস্তব পরিদর্শন ও সুবিধাভোগীদেরকে প্রশ্ন উত্তরের মাধ্যমে তাদের মতামত গ্রহণ। নমুনা আকার নির্ধারণের জন্য নিম্নোক্ত সূত্র ব্যবহার করা হয়েছেঃ

$$n = \frac{z^2 p q N}{e^2 (N-1) + z^2 p q}$$

$$n = \frac{(1.96)^2 * 0.5 * 0.5 * 1560}{(0.05)^2 (1560-1) + (1.96)^2 * 0.5 * 0.5}$$

$$n = \frac{1498.224}{4.8579}$$

$$n = 308$$

যেখানে,

$n$  = সংগৃহীতব্য নমুনার সংখ্যা (Sample)

$N$  = মোট উপকারভোগীর সংখ্যা (Population)

$Z$  = আদর্শ চলক (Normal Variate), ৫% সিগনিফিকেন্ট লেভেল এবং ৯৫% কনফিডেন্স ইন্টারভেলে “ $Z$ ” এর মান হচ্ছে ১.৯৬;

$p$  = অনুমিত অনুপাত লক্ষ্যমাত্রা। প্রকল্পটি বাস্তবায়নের ফলে অনুমান করা যেতে পারে প্রকল্প এলাকার ৫০% সুফলভোগী প্রকল্পের সুবিধা পাবে অর্থাৎ এ ক্ষেত্রে  $p = ০.৫০$  (যা সর্বোচ্চ নমুনা সংখ্যা নিশ্চিত করে);

$q = ১ - p = ০.৫$  ;

$e$  = ভুলের সীমা রেখা বা প্রান্তিক ত্রুটি (margin of error/ Acceptable error), যার মান ৫% ধরা হয়েছে অর্থাৎ  $e = ০.০৫$ ;

উপরোক্ত সূত্র দ্বারা মানসমূহ হিসাব করে জানা সসীম পপুলেশনে নমুনা আকার পাওয়া যায় ৩০৮ এবং এই সংখ্যা মোট ৩১০ জন উপকারভোগী নির্ধারণ করে তাদের থেকে সরাসরি (Face to Face) দক্ষ তথ্য সংগ্রহকারীগণের মাধ্যমে পক্ষপাতবিহীন দ্বৈবচয়নের মাধ্যমে সাক্ষাৎকার গ্রহণ করে সকল তথ্য-উপাত্ত সংগৃহীত হয়েছে।

### ২.৯ জরিপ কার্যক্রম

কর্ম-পরিকল্পনা অনুযায়ী জরিপ কাজটি সংখ্যাগত ও গুণগত পদ্ধতির সমন্বয়ে সম্পন্ন করা হয়েছে। ৩১০ টি (সুবিধাভোগী) নমুনা সংখ্যার জরিপ, ৩টি এফজিডি, ১৫টি কেআইআই এবং অজ্ঞাভিত্তিক অবকাঠামো / উন্নয়ন কাজ সরেজমিন পরিদর্শন ও যাচাইকরণের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হয়েছে। মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহকারীদের কাজ পরিদর্শন, সাক্ষাৎকারসমূহ সম্পাদন, সেকেন্ডারি তথ্য সংগ্রহ ও প্রকল্প এলাকায় সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। নিম্নের সারণি ২.২ এ জরিপ কার্যক্রমের বিস্তারিত বর্ণনা দেয়া হলো-

সারণি ২.২: জরিপ কার্যক্রম সম্পর্কিত

ক্রমিক নং	কার্যক্রম	প্রতিদিন জরিপের সংখ্যা	জরিপকারীর সংখ্যা	মোট জরিপ দিন
১	নমুনা সংখ্যা জরিপ (৩১০টি)	৫টি	জরিপকারী-৬জন সুপারভাইজার-২জন	১১ দিনে সম্পন্ন
২	কেআইআই (১৫ টি)	২টি	ঐ	৮ দিনে সম্পন্ন
৩	এফজিডি (৩টি)	২ দিনে একটি	ঐ	৩ দিনে সম্পন্ন
৪	সরেজমিনে পরিদর্শন		প্রকল্প এলাকা	

## ২.১০ প্রাথমিক তথ্য সংগ্রহ

### ক) প্রশ্নপত্র সমীক্ষা/সংখ্যাগত তথ্য (Questionnaire Survey/Quantitative Data)

প্রকল্পের আওতায় যারা ফ্ল্যাট পেয়েছেন তন্মধ্যে ৩১০ জনের (সুবিধাভোগী) থেকে কাঠামোগত প্রশ্নপত্র পূরণের দ্বারা চলমান নিবিড় পরিবীক্ষণ এর নমুনা সমীক্ষার কাজ সম্পন্ন করা হয়েছে।

### খ) গুরুত্বপূর্ণ ব্যক্তিদের সাক্ষাৎকার/নিবিড় আলোচনা Key Informant Interview (KII)

প্রকল্পের বাস্তবায়নে বিভিন্ন সমস্যা, প্রকল্পের বর্তমান অবস্থা, নির্মাণ কাজের গুণগতমান, সমস্যা, ঝুঁকি, দুর্বলতা এবং সম্ভাবনা ইত্যাদি গুণগত তথ্য/ উপাত্ত সংগ্রহের জন্য প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন পর্যায়ের পূর্ণ বা আংশিক দায়িত্বপালনকারী কর্মকর্তাগণের সাথে (Key Informant Interview) KII এর মাধ্যমে তথ্য অনুসন্ধান করা হয়েছে। যাদের সাথে নিবিড় আলোচনা করা হয়েছে তাদের কিছু তালিকা সারণি ২.৩ এ দেয়া হয়েছে-

সারণি ২.৩ গুরুত্বপূর্ণ ব্যক্তিদের সাক্ষাৎকার এর কর্মকর্তাদের তালিকা

ক্রমিক নং	প্রতিষ্ঠান	উত্তরদাতা	সংখ্যা
১	সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ	প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা	১
২	বাস্তবায়নকারী সংস্থা	প্রকল্প পরিচালক	১
		নির্বাহী প্রকৌশলী (সিভিল), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ	১
		নির্বাহী প্রকৌশলী (ইলেক্ট্রিক্যাল), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ	১
		উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ	২
		উপ-বিভাগীয় প্রকৌশলী (ইলেক্ট্রিক্যাল), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ	১
		সহকারী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ	৩
		ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তা	৫
মোট			১৫

### গ) এফজিডি আলোচনা (Focus Group Discussion)

প্রকল্প বাস্তবায়নে বিভিন্ন সমস্যা চিহ্নিতকরণ, প্রকল্প এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন ইত্যাদি বিষয়ে প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন স্টেকহোল্ডার, ফ্ল্যাট মালিকগণ, স্থানীয় প্রকৌশলী, স্থানীয় নির্বাচিত প্রতিনিধি, ঠিকাদার, শিক্ষাবিদ, সমাজসেবক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ নিয়ে প্রকল্প এলাকায় মোট ৩টি এফজিডি করা হয়েছে। প্রতি এফজিডিতে ১০ থেকে ১২ জন অংশগ্রহণকারী ছিলেন। এফজিডি'র মেয়াদ ছিল ১-২ ঘন্টা এবং এফজিডিতে অংশগ্রহণকারীদেরকে পূর্বেই তা অবহিত করা হয়েছে। প্রতি টিমে ১ জন সঞ্চালক এবং ১ জন রিপোর্টার ছিলেন যারা তথ্য সংগ্রহ করেছেন। এফজিডির সংখ্যা ও শ্রেণিবিভাগ নিম্নে দেয়া হলো-

সারণি-২.৪: গ্রুপ অনুযায়ী এফজিডির সংখ্যা ও উত্তরদাতার ধরণ

এফজিডিতে অংশগ্রহণকারী ও উত্তরদাতার ধরণ	এফজিডির সংখ্যা
ফ্ল্যাট মালিকগণ (সুবিধাভোগী)	১টি
ঠিকাদার ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা	১টি
স্থানীয় প্রকৌশলী, স্থানীয় নির্বাচিত প্রতিনিধি, শিক্ষাবিদও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ	১টি
মোট	৩টি

### ঘ) ভৌত পর্যবেক্ষণ ও পরিবীক্ষণ

প্রকল্পের উল্লেখযোগ্য কর্মকান্ডসমূহ (ভবন নির্মাণ, বাহ্যিক বিদ্যুতায়ন, প্রবেশের রাস্তা, ডেনেজ ব্যবস্থা, বৃষ্টির পানি সংরক্ষণাগার নির্মাণ, সীমানা প্রাচীর নির্মাণ ও সবুজায়ন ইত্যাদি) সরেজমিনে পরিদর্শনসহ বিভিন্ন প্রকার চেকলিস্টের মাধ্যমে নির্মাণ সামগ্রীর গুণগতমান যাচাই করে প্রতিবেদনে তথ্য সন্নিবেশন করা হয়েছে।

### ঙ) স্থানীয় পর্যায়ে মতবিনিময় কর্মশালা (Local Workshop)

সমীক্ষা চলাকালীন সময়ে অনলাইন “ZOOM ভিডিও কনফারেন্সের” মাধ্যমে আইএমইডি’র সংশ্লিষ্ট কর্মকর্তাগণের উপস্থিতিতে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা ও প্রকল্পের আওতায় সুবিধাভোগী (যারা বরাদ্দ পেয়েছে), ঠিকাদার, ইঞ্জিনিয়ার, সাইট সুপারভাইজরদের সমন্বয়ে প্রকল্প সম্পর্কে মতবিনিময় সভা করা হয়েছে।

### চ) জাতীয় পর্যায়ে মতবিনিময় কর্মশালা আয়োজন (National Level Workshop)

১ম ও ২য় খসড়া প্রতিবেদনে টেকনিক্যাল এবং স্টেয়ারিং কমিটি মিটিং এর মতামতসমূহ অন্তর্ভুক্ত করার পরে, আইএমইডি, প্রকল্প কর্মকর্তা ও জাতীয় পর্যায়ের স্টেকহোল্ডারদের নিয়ে আইএমইডি, সম্মেলন কক্ষে সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি জাতীয় পর্যায়ে মতবিনিময় কর্মশালার আয়োজন করা হয়েছে যার মাধ্যমে স্টেকহোল্ডারদের চূড়ান্ত মহামত গ্রহণ করা হয়েছে। কর্মশালার মতামতের আলোকে সংশোধন করে খসড়া প্রতিবেদনটি চূড়ান্ত করা হয়েছে।

#### ২.১১ সেকেন্ডারী তথ্য /উপাত্ত সংগ্রহ

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার জন্য প্রয়োজনীয় প্রশ্নাবলি বা চেকলিষ্ট প্রণয়নের মাধ্যমে সেকেন্ডারী তথ্য ও উপাত্ত সংগ্রহ করা হয়েছে এছাড়াও প্রকল্প পরিদর্শন প্রতিবেদন, অগ্রগতি প্রতিবেদন ও পরিবীক্ষণ প্রতিবেদন ইত্যাদি প্রকল্প অফিস থেকে তথ্য সংগ্রহ পূর্বক বিশ্লেষণ ও পর্যালোচনা করে প্রতিবেদনে সন্নিবেশন করা হয়েছে।

#### ২.১২ গুণগত পদ্ধতি (Qualitative Method)

নিবিড় পরিবীক্ষণ এর গুণগত সমীক্ষার জন্য মাঠ পর্যায়ে নমুনা নির্বাচন করা হয়েছে। নমুনা ছাড়াও নিম্নের সারণি ২.৫ এর উত্তরদাতাবৃন্দের নিকট থেকে বিভিন্ন পদ্ধতির মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়েছে-

সারণি: ২.৫ গুণগত পদ্ধতির আকার

ক্রমিক নং	পদ্ধতি	উত্তরদাতা	পরিমাণ
১	প্রতিবেদন পর্যালোচনা	ডিপিপি, পরিদর্শন প্রতিবেদন, অগ্রগতি ও পরিবীক্ষণের প্রতিবেদন ইত্যাদি	প্রাপ্ত প্রাসঙ্গিক ডকুমেন্ট
২	প্রকল্পের সুবিধাভোগী	প্রকল্পের আওতায় যারা আবাসিক ফ্ল্যাট বরাদ্দ পেয়েছেন তাদের সমীক্ষা প্রশ্নপত্রের মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়েছে।	৩১০
৩	নিবিড় আলোচনা (কেআইআই)	প্রকল্প পরিচালক অফিস (প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নির্বাহী প্রকৌশলী (সিভিল), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নির্বাহী প্রকৌশলী (ইলেক্ট্রিক্যাল), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, উপ-বিভাগীয় প্রকৌশলী (ইলেক্ট্রিক্যাল), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ ছাড়াও ঠিকাদার এবং অন্যান্য প্রকল্প সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সমন্বয়ে ১৫টি KII মাধ্যমে তথ্য/উপাত্ত সংগ্রহ করা হয়েছে।	১৫ জন
৪	এফজিডি	প্রকল্প সংশ্লিষ্ট ঠিকাদার এবং প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন স্টেকহোল্ডার, ফ্ল্যাট মালিকগণ, স্থানীয় প্রকৌশলী, স্থানীয় নির্বাচিত প্রতিনিধি, ঠিকাদার, শিক্ষাবিদ, সমাজসেবক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ নিয়ে ৩টি এফজিডি করা হবে, প্রতিটি এফজিডিতে ১০/১২ জন অংশগ্রহণকারী উপস্থিত ছিলেন।	৩টি এফজিডি ৩*১২= ৩৬ জন
৫	সরজমিনে পরিদর্শন	মাঠ পর্যায়ে প্রকল্প এলাকা এবং অজ্ঞাতনামা নির্মাণ কাজের গুণগতমান পর্যবেক্ষণ/যাচাইকরণ করা হয়েছে।	-
৬	স্থানীয় পর্যায়ে কর্মশালা	আইএমইডি’র প্রতিনিধি, প্রকল্প সংশ্লিষ্ট প্রতিনিধি, প্রকল্প পরিচালক, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বিভিন্ন কর্মকর্তাবৃন্দ, প্রকল্প সংশ্লিষ্ট ঠিকাদার এবং স্থানীয় নির্বাচিত প্রতিনিধি, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং প্রকল্পের উপকারভোগী ব্যক্তিবর্গের সমন্বয়ে।	১টি স্থানীয় কর্মশালা (৩৫জন)
৭	জাতীয় পর্যায়ে কর্মশালা	আইএমইডি, পরিকল্পনা কমিশন ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এবং জাতীয় পর্যায়ের স্টেকহোল্ডারগণের সমন্বয়ে।	১টি জাতীয় পর্যায়ে কর্মশালা (৮০ জন)



## ২.১৩ তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ পদ্ধতি

### ২.১৩.১ তথ্য সংগ্রহকারী নিয়োগ ও প্রশিক্ষণ

আইএমইডি'র তত্ত্বাবধানে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক যথাযথ নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে তথ্য সংগ্রহকারী নিয়োগ প্রদান করা হয়েছে। প্রশ্নাবলি, চেকলিস্ট ও প্রারম্ভিক প্রতিবেদন আইএমইডি কর্তৃক অনুমোদনের পর তথ্য সংগ্রহকারীদের যথাযথ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মোট ৩১০ জন উপকারভোগী উত্তরদাতার সাক্ষাৎ গ্রহণের মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়েছে। এক জন তথ্য সংগ্রহকারী দৈনিক গড়ে ০৫-০৬ জনের তথ্য সংগ্রহ করেছেন। এ হিসেবে ০৬ জন তথ্য সংগ্রহকারী উপকারভোগীর তথ্য সংগ্রহ এবং তথ্য সংগ্রহকারীকে নিবিড় পর্যবেক্ষণের জন্য ০২ জন সুপারভাইজার নিয়োগ দেয়া হয়েছে। সুপারভাইজারগণ তথ্য সংগ্রহকারীদের follow-up করেছেন ও FGD পরিচালনা করেছেন এবং তথ্য সংগ্রহকারীগণ এ ব্যাপারে তাদের সাহায্য করেছেন। সকল তথ্য সংগ্রহের জন্য মোট ২ সপ্তাহ সময় প্রয়োজন হয়েছে। তথ্য সংগ্রহকারীদের মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের পূর্বে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এ ক্ষেত্রে প্রশিক্ষণের উদ্দেশ্য, প্রকল্পের বিবরণ, নমুনা নির্বাচন, তথ্য সংগ্রহের বিষয় এবং প্রশ্নপত্র ও গাইডলাইনে ব্যবহৃত শব্দাবলী সম্পর্কে অংশগ্রহণকারীদেরকে ধারণা প্রদান করা হয়েছে।

### ২.১৩.২ প্রশ্নপত্রের প্রাক-সার্ভে যাচাই (Pre-Test Survey of Questionnaire)

তথ্য সংগ্রহকারীগণ খসড়া প্রশ্নপত্র পূরণ করেছেন। এ ক্ষেত্রে ভুল-ত্রুটি চিহ্নিত করে ত্রুটিমুক্তভাবে প্রশ্নপত্র পূরণের প্রশিক্ষণ দেয়া ছাড়াও কিভাবে ভুল সংশোধন করতে হয় সে বিষয়ে পরামর্শ প্রদান করা হয়েছে। অতঃপর পূরণকৃত প্রশ্নপত্রের আলোকে খসড়া প্রশ্নপত্রের ত্রুটি সংশোধন করা হয়েছে এবং সংশোধিত প্রশ্নমালার সাহায্যে তথ্য/উপাত্ত সংগ্রহ কার্যক্রম পরিচালনা করা হয়েছে।

### ২.১৩.৩ সাক্ষাৎকার গ্রহণ

নির্ধারিত প্রশ্নপত্রের সাহায্যে উত্তরদাতাগণের সাক্ষাৎকার গ্রহণ করেছেন। প্রশ্নপত্রেই উত্তর লিপিবদ্ধ করেছেন, প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করেছেন। প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন, প্রকল্পের স্থির চিত্র সংগ্রহ এফজিডি ইত্যাদির জন্য সংশ্লিষ্ট চেকলিস্ট /গাইড লাইন অনুসরণ করা হয়েছে।

### ২.১৩.৪ সমীক্ষা ও উপাত্তের মান নিয়ন্ত্রণ (Quality Control)

মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের সময় সুপারভাইজারগণ প্রশ্নপত্র ও চেকলিস্ট তিকমত পূরণ করা হয়েছে কিনা তা পরীক্ষা করে দেখা হয়েছে। দ্বৈবচয়নের মাধ্যমে ৫% পূরণকৃত প্রশ্নপত্র পরই যাচাই করে দেখেছেন। প্রশ্নপত্র পূরণে কোন প্রকার ভুল/ত্রুটি দেখা গেলে সমাধানের জন্য পদক্ষেপ গ্রহণ করেছেন এবং ভুল/ত্রুটি সংশোধন করেছেন।

### ২.১৩.৫ উপাত্ত প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ

কম্পিউটারের মাধ্যমে উপাত্ত প্রক্রিয়াকরণ সম্পন্ন করা হয়েছে। মাঠ হতে সংগৃহীত তথ্য-উপাত্ত পরিশুদ্ধ করা হয়েছে এবং সেগুলো কম্পিউটারে এন্ট্রির মাধ্যমে রেকর্ড করা হয়েছে। উপাত্ত প্রক্রিয়ার জন্য প্রধানত SPSS এবং ক্ষেত্র বিশেষে Microsoft Access ও Microsoft Excel ব্যবহার করা হয়েছে। যথাযথ Tabulation-এর সাহায্যে প্রক্রিয়াকৃত উপাত্ত ও ফলাফল সারণি, গ্রাফ ও চার্ট আকারে উপস্থাপন করা হয়েছে এবং সেগুলো সমীক্ষার বিশ্লেষণ ও ব্যাখ্যার জন্য প্রতিবেদনের যথাস্থানে ব্যবহার করা হয়েছে।

### ২.১৪ প্রতিবেদন প্রস্তুতকরণ

সংগৃহীত তথ্য/উপাত্ত প্রক্রিয়াকরণে প্রয়োজনীয় বিশ্লেষণপূর্বক সহজ বোধগম্য ভাষায় প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। মাঠ পর্যায়ে সংগৃহীত সকল তথ্য/উপাত্ত প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণের পর ১ম খসড়া প্রতিবেদন প্রস্তুত করে টেকনিক্যাল কমিটির সুপারিশ এবং স্ট্রিয়ারিং কমিটির অনুমোদনের জন্য ৪০ কপি প্রস্তুত করা এবং ২য় খসড়া প্রতিবেদনের কপি জাতীয় পর্যায়ে আয়োজিত কর্মশালায় উপস্থাপন করার জন্য ৮০ কপি প্রেরণ করা। কর্মশালায় অংশগ্রহণকারীগণের মন্তব্য বিবেচনায় নিয়ে চূড়ান্ত খসড়া প্রতিবেদন প্রস্তুত করা এবং চূড়ান্ত খসড়া প্রতিবেদন পুনরায় টেকনিক্যাল কমিটির মতামত ও অনুমোদনের জন্য আইএমইডিতে ১৫ কপি প্রেরণ করা। টেকনিক্যাল কমিটির সুপারিশের আলোকে চূড়ান্ত

প্রতিবেদন অনুমোদনের জন্য আইএমইডি'তে প্রেরণ করা এবং অনুমোদিত চূড়ান্ত প্রতিবেদন এর প্রিন্ট কপি বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সেক্টর-৭ এর কর্মকর্তাদের সাথে আলোচনা করে (বাংলা-৪০ কপি ও ইংরেজি-২০ কপি) মহাপরিচালক, সেক্টর-৭, আইএমইডি বরাবর দাখিল করা।

### **২.১৫ নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের সময়ভিত্তিক কর্ম-পরিকল্পনা**

নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম চুক্তি সম্পাদনের পর হতে খসড়া প্রতিবেদন পেশ করা পর্যন্ত পরামর্শক প্রতিষ্ঠান সেকন্ডোরি তথ্য পর্যালোচনা, মাঠ পর্যায় হতে তথ্য সংগ্রহ নিমিত্তে ধারাবাহিকভাবে আইএমইডি'র নির্ধারিত কার্যপদ্ধতি অনুযায়ী প্রতিটি কাজ সম্পন্ন করেছেন। নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার কাজ সুষ্ঠু ও নির্দিষ্ট সময়ান্ত্রে সম্পন্ন করতে পরামর্শক প্রতিষ্ঠান কর্ম-পরিকল্পনা অনুসরণ করেছেন। পরামর্শক প্রতিষ্ঠানের কর্ম-পরিকল্পনা (Work plan) চার্ট: ১ এ দেখানো হলো।

চার্ট-১ নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা কার্যক্রমের সময়ভিত্তিক কর্ম-পরিকল্পনা ছক

ক্রঃ নং	কাজের বিবরণ	তারিখ							সুনির্দিষ্ট সময়	
		জানুয়ারি-২১	ফেব্রুয়ারি-২১	মার্চ-২১	এপ্রিল-২১	মে-২১	জুন-২১			
১	চুক্তি স্বাক্ষর									২১/০১/২১
২	খসড়া প্রারম্ভিক প্রতিবেদন প্রণয়ন ও দাখিল									২২/০১/২১-১০/০২/২১
৩	টেকনিক্যাল কমিটির সভা ও সিদ্ধান্ত অনুযায়ী রিপোর্ট সংশোধন									১১/০২/২১-১৮/০২/২১
৪	স্টিয়ারিং কমিটি সভা ও সিদ্ধান্ত অনুযায়ী রিপোর্ট সংশোধন									১৯/০২/২১-২৫/০২/২১
৫	প্রশ্নমালা চূড়ান্তকরণ ও মাঠ পর্যায়ের জনবল নিয়োগ									২৬/০২/২১- ২৫/০৩/২১
৬	প্রশিক্ষণ,সরেজমিন পর্যবেক্ষণ ও মাঠ পর্যায়ে উপাত্ত সংগ্রহ									
৭	তথ্য/উপাত্ত সংগ্রহ কার্যক্রম তদারকি									
৮	KII/FGD পরিচালনা করা									
৯	সংগৃহীত উপাত্ত সম্পাদনা									২৬/০৩/২১-২০/০৪/২১
১০	ডাটা এন্ট্রি ও যাচাইকরণ									
১১	টেবুলেশন সম্পন্ন									
১২	ডাটা বিশ্লেষণ									
১৩	স্থানীয় পর্যায়ে কর্মশালা পরিচালনা করা									২১/০৪/২১- ২৮/০৪/২১
১৪	১ম খসড়া প্রতিবেদন প্রণয়ন ও দাখিল									
১৫	১ম খসড়া প্রতিবেদন টেকনিক্যাল কমিটি কর্তৃক পর্যালোচনা									
১৬	টেকনিক্যাল কমিটির সুপারিশের আলোকে ১ম খসড়া প্রতিবেদন সংশোধন ও দাখিল									২৯/০৪/২১- ০৯/০৫/২১
১৭	১ম খসড়া প্রতিবেদনের ওপর স্টিয়ারিং কমিটি কর্তৃক পর্যালোচনা ও সুপারিশসমূহ									১০/০৫/২১-১৭/০৫/২১
১৮	স্টিয়ারিং কমিটি সভার সুপারিশের আলোকে ১ম খসড়া প্রতিবেদন সংশোধন ও ২য় খসড়া প্রতিবেদন দাখিল									১৮/০৫/২১-২৫/০৫/২১
১৯	জাতীয় পর্যায়ের সেমিনারে ২য় খসড়া প্রতিবেদন উপস্থাপন ও মতামত সংগ্রহ									২৬/০৫/২১- ০৮/০৬/২১
২০	সেমিনারের মতামতের ভিত্তিতে খসড়া প্রতিবেদন চূড়ান্তকরণ ও চূড়ান্ত প্রতিবেদন জমা দেয়া									০৯/০৬/২১-২৮/০৬/২১

**তৃতীয় অধ্যায়**  
**ফলাফল পর্যালোচনা**

**৩.১ প্রকল্পের অনুকূলে এডিপি'তে অর্থ-বরাদ্দ, অর্থ-ছাড় ও প্রকৃত ব্যয় বিভাজন পর্যালোচনা ও বিশ্লেষণ**

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন “ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে ১৫টি ১৪ তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পটির অনুমোদিত ডিপিপি অনুযায়ী সর্বমোট প্রাক্কলন ব্যয় ৯৩,৬০৩.১৭ লক্ষ টাকা। সমীক্ষাকালীন প্রকল্পের অনুকূলে এডিপি'তে অর্থ বরাদ্দ, অর্থ-ছাড় ও প্রকৃত ব্যয় বিশ্লেষণ ও পর্যালোচনায় দেখা যায় যে, ডিপিপি অনুযায়ী ২০১৬-২০১৭ অর্থ বছরে প্রকল্পের প্রাক্কলন ব্যয় ধরা ছিল ২৪৫৪২.২১ লক্ষ টাকা কিন্তু উক্ত বছরে কর্ম-পরিকল্পনা কম থাকায় প্রকল্পের অনুকূলে এডিপিতে ৮.৫০ লক্ষ টাকা বরাদ্দ পায় তবে ৮.৫০ (১০০%) লক্ষ টাকাই অর্থ-ছাড় এবং ৮.৪৯ (৯৯.৮৮%) লক্ষ টাকা ব্যয় করা হয়েছে অর্থাৎ বরাদ্দ অনুযায়ী অর্থ-ছাড় এবং ব্যয়ে কোন সমস্যা হয়নি। এছাড়া দেখা যায় যে, কর্ম-পরিকল্পনা অনুযায়ী অর্থ-বছরভিত্তিক ডিপিপি'তে যে প্রাক্কলন ব্যয় ধরা হয়েছে তার থেকে অনেক কম এডিপি'তে বরাদ্দ হয়েছে কিন্তু বরাদ্দের অনুকূলে যথাসময়ে অর্থ-ছাড় হয়েছে। অর্থ-বছর ২০১৭-২০১৮ তে প্রকল্পের অনুকূলে এডিপি'তে বরাদ্দ ছিল ৭,৫০০.০০ লক্ষ টাকা ও অর্থ-ছাড় হয়েছে ৩,১৬১.৯২ লক্ষ টাকা এবং প্রকৃত ব্যয় করা হয়েছে ৩,১৫৮.৫২ (৯৯.৮৯%) লক্ষ টাকা কিন্তু এডিপি'র বরাদ্দ থেকে ৫৭.৮৯% কম ব্যয় করা হয়েছে। এছাড়া প্রকল্পের অনুকূলে ২০১৮-১৯ এবং ২০১৯-২০২০ অর্থ-বছরে এডিপি'তে বরাদ্দ অনুযায়ী যথাসময়ে অর্থ-ছাড় হয়েছে এবং সে অনুযায়ী ৯৯.৯২% ও ৯৯.৮৬% ব্যয় করা হয়েছে অর্থাৎ উক্ত ২ অর্থ-বছরে যথা সময়ে অর্থ-বরাদ্দ, অর্থ-ছাড় ও ব্যয় করা হয়েছে। তাই বলা যায় বিগত বছরগুলোতে প্রকল্পের অনুকূলে এডিপিতে অর্থ-বরাদ্দ এবং অর্থ-ছাড়ে কোন সমস্যা হয়নি। ২০২০-২০২১ অর্থ-বছরের প্রকল্পের অনুকূলে এডিপি'তে বরাদ্দ রয়েছে ১৮,৩০০.০০ লক্ষ টাকা এবং কর্ম-পরিকল্পনা অনুযায়ী মে-২০২১ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ১৩,৩১৪.১৬ (৭২.৭৫%) লক্ষ টাকা। মে-২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ৩৯,৪০০.৬১ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৪২.০৯%। বিস্তারিত নিম্নের সারণি-৩.১.১ এ দেওয়া হলো-

**সারণি- ৩.১.১ এডিপি'তে বরাদ্দ, অর্থ-ছাড় এবং প্রকৃত ব্যয় বিশ্লেষণ**

অর্থ বছর	ডিপিপি/টিপিপি সংস্থান	এডিপি বরাদ্দ	অর্থ ছাড়	প্রকৃত ব্যয় (বরাদ্দের %)	লক্ষ টাকায়
					মে-২০২১ পর্যন্ত প্রকৃত ব্যয় (মোট প্রকল্প ব্যয়ের %)
১	২	৩	৪	৫	৬
২০১৬-১৭	২৪৫৪২.২১	৮.৫০	৮.৫০	৮.৪৯ (৯৯.৮৮%)	০.০০৯%
২০১৭-১৮	১৫০১৫.০০	৭৫০০.০০	৩১৬১.৯২	৩১৫৮.৫২ (৯৯.৮৯)	৩.৩৭ %
২০১৮-১৯	২০৬১৫.০০	১২,৯৪২.৫৮	১২,৯৪২.৫৮	১২,৯৩২.৭২ (৯৯.৯২%)	১৩.৮২ %
২০১৯-২০	৩৩৪৩০.৯৬	১০,০০০.০০	১০,০০০.০০	৯,৯৮৬.৭২ (৯৯.৮৬%)	১০.৬৭ %
২০২০-২১	--	১৮,৩০০.০০	১৩,৪১৪.১৬	১৩,৩১৪.১৬ (৭২.৭৫%)	১৪.২২ %
<b>মোট</b>	<b>৯৩,৬০৩.১৭</b>	<b>৪৮,৭৫১.০৮ (৫২.০৮%)</b>	<b>৩৯,৫২৭.১৬ (৮১.০৭ %)</b>	<b>৩৯,৪০০.৬১ (৮০.৮১)</b>	<b>৪২.০৯%</b>

উৎস: প্রকল্প অফিস

### ৩.২ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক লক্ষ্যমাত্রা এবং ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি পর্যালোচনা

প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুযায়ী মোট প্রাক্কলিত ব্যয় ৯৩,৬০৩.১৭ লক্ষ টাকা যা জানুয়ারি-২০১৭ হতে ডিসেম্বর/২০২১ (প্রস্তাবিত) মেয়াদে বাস্তবায়নধীন রয়েছে। সমীক্ষায় দেখা যায় যে, জুন/২০২০ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ২৭,৫২০.৪১ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ২৭.৮৭%। ২০২০-২০২১ অর্থ-বছরের আর্থিক লক্ষ্যমাত্রা ১৮,৩০০০.০০ লক্ষ টাকা এবং বাস্তব লক্ষ্যমাত্রা ২৫%। মে/২০২১ পর্যন্ত ব্যয় করা হয়েছে ১৩,৩১৪.১৬ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১৪.২২%। মে-২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত মোট ব্যয় ৩৯,৪০০.৬১ লক্ষ টাকা ও বাস্তব অগ্রগতি ৪২.০৯% যা খুবই কম। বিস্তারিত নিম্নের সারণি ৩.২.১ এ দেওয়া হলো-

সারণি-৩.২.১ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক লক্ষ্যমাত্রা এবং ক্রমপুঞ্জিত অগ্রগতি

(লক্ষ টাকা)

ক্রঃ নং	ডিপিপি অনুযায়ী অঙ্গভিত্তিক কাজ (পরিমাণসহ)	প্রাক্কলিত ব্যয়	ক্রমপুঞ্জিত অর্জন জুন/২০২০ পর্যন্ত		চলতি ২০২০-২০২১ বছরের লক্ষ্যমাত্রা		বরাদ্দ অনুযায়ী চলতি অর্থ-বছর মে/২০২১ পর্যন্ত অগ্রগতি		প্রকল্পের ক্রমপুঞ্জিত অর্জন মে/২০২১ পর্যন্ত	
			আর্থিক অগ্রগতি	বাস্তব অগ্রগতি (অশোর %)	আর্থিক লক্ষ্যমাত্রা	বাস্তব লক্ষ্যমাত্রা	আর্থিক অগ্রগতি	বাস্তব অগ্রগতি (অশোর %)	আর্থিক অগ্রগতি	বাস্তব অগ্রগতি (অশোর %)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১	সাপ্লাই এন্ড সার্ভিসেস	৮০.০০	৩৯.৭২	৫০%	১৮,৩০০.০০	২৫%	২.৯৫	৬%	৪২.৬৭	৫৩%
২	বৈদেশিক প্রশিক্ষণ	৫০.০০	১৪.৯৩	৩০%			০.০০	০%	১৪.৯৩	৩০%
৩	আর্কিটেকচারাল এবং স্ট্রাকচারাল ডিজাইন, কম্পালটেন্সি এবং অন্যান্য ফিস	৩০.০০	১.৫০	৫%			০.০০	০%	১.৫০	৫%
৪	যানবাহন পর্যবেক্ষণ ও পোল (POL) মেরামত ও রক্ষণাবেক্ষণ (৩.৫ বছরের জন্য)	৪৫.০০	১৮.১৭	৪০%			০.৩১	১০%	১৮.৪৮	৪১%
৫	পাইল লোড টেস্টিং	১৫৬.৮০	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
৬	সয়েল টেস্ট	৪১.৫৫	৪১.৫৫	১০০%			০.০০	০%	৪১.৫৫	১০০%
৭	অফিস আসবাবপত্র এবং যন্ত্রপাতি	১১.৬০	০.০০	০%			১.৮১	২০%	১.৮১	২০%
৮	কম্পিউটার প্রিন্টার ও ফটোকপিয়ারসহ (৫টি)	১১.৪০	৩.৯৭	৩৫%			০.০০	০%	৩.৯৭	৩৫%
৯	পাজেরো জিপ (১টি) এবং মোটরসাইকেল (৪টি)	১৬০.০০	৯৫.৮৪	৬০%			০.০০	০%	৯৫.৮৪	৬০%
১০	ভূমি ব্যয় (১৪.৪০ একর)	১২৯৬.০০	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
১১	ভূমি উন্নয়ন	১৬২৮.০৪	৯৯৮.১০	৬১%			০.০০	০%	৯৯৮.১০	৬১%
১২	আবাসিক বিল্ডিং নির্মাণ	৬৯৪৭৫.৯৯	২৪৬৩৯.২৫	৩৫%			১৩,৩১৪.১৬	১৯.১৬%	৩৭,৯৫৩.৪১	৫৪%
১৩	ক্লাব ঘর এবং কমিউনিটি হল নির্মাণ	১৪৭৪.৭০	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
১৪	আর.সি.সি রাস্তা (প্রকল্পের অভ্যন্তরীণ রাস্তা)	১৯১.১৫	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
১৫	ওয়াকওয়ে (walkway)	৯৮.১৫	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
১৬	বাহ্যিক গ্যাস লাইন সংযোগ (fittings, gate valve etc.)	২০.০০	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
১৭	UGW রিজার্ভার	২২৩.২৯	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
১৮	বৃষ্টির পানি সংরক্ষণাগার	৫০.০০	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
১৯	গভীর নলকূপ in/C পাম্প হাউজ	৭০.০০	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
২০	Wasa connection charge (meter & Security deposit)	২০.০০	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
২১	পানি সরবরাহের পাইপ লাইন (114mm PVC pipe)	১৫.৮২	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
২২	সুয়ারেজ ট্রিটমেন্ট প্লান্ট	১০০.০০	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
২৩	Kitchen waste management plant	৫০.০০	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
২৪	100mm dia PVC sewerage Line	৪.৯৮	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
২৫	280mm dia PVC sewerage Line	৪৯.২৬	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
২৬	সেপ্টিক ট্যাংক	৮০.২৬	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
২৭	ইন্সপেকশন পিট (Inspection pit)	৯.৩৬	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
২৮	Construction of Compound Drain (Main drain, spn brick convert)	৭৮.৪৬ (প্রস্তাবিত ২৪৩.৪৬)	২৩৩.৪২	৯৫%			৭.৭৮	৫%	২৪১.২০	৯৯%
২৯	800 KVA & 150 KVA Sub-Station	১১৯৫.৩১	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
৩০	150 KVA & 100 KVA Generator	৬৮২.৩৩	০.০০	০%			০.০০	০%	০.০০	০%

ক্রঃ নং	ডিপিপি অনুযায়ী অর্জনিক কাজ (পরিমাণসহ)	প্রাক্কলিত ব্যয়	ক্রমপুঞ্জিত অর্জন জুন/২০২০ পর্যন্ত		চলতি ২০২০-২০২১ বছরের লক্ষ্যমাত্রা		বরাদ্দ অনুযায়ী চলতি অর্থ-বছর মে/২০২১ পর্যন্ত অগ্রগতি		প্রকল্পের ক্রমপুঞ্জিত অর্জন মে/২০২১ পর্যন্ত	
			আর্থিক অগ্রগতি	বাস্তব অগ্রগতি (অশোর %)	আর্থিক লক্ষ্যমাত্রা	বাস্তব লক্ষ্যমাত্রা	আর্থিক অগ্রগতি	বাস্তব অগ্রগতি (অশোর %)	আর্থিক অগ্রগতি	বাস্তব অগ্রগতি (অশোর %)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯		
৩১	900/1000 kg & 750/800 KG Passenger/Bed Lift	২৪৮১.৭২	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
৩২	41 HP Pump motor set	২৭.০২	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
৩৩	Fire Protection (Hydrant) System	৯৮২.২০	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
৩৪	20 H.P water lifting pump moto & 4.0 H.P Centrifugal pump motor sets	১১৪.১৩	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
৩৫	Gate and compound light fitting		০.০০	০%			০.০০	০%	০.০০	০%
৩৬	RMU including H.T under ground cable with laying	৩৬.৪১	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
৩৭	PABX & Intercom/Telephone	২৮০.৮০	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
৩৮	সোলার প্যানেল	১৫০.০০	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
৩৯	প্রধান ফটক	৫৪২.২৪	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
৪০	গার্ডরুম নির্মাণ	২০.০০	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
৪১	তিতাস গ্যাস সংযোগ এবং সিকিউরিটি ডিপোজিট	১০.১৬	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
৪২	আরসিসি সীমানা প্রাচীর নির্মাণ	৪০.০০	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
৪৩	আরবরিকালচার এবং ল্যান্ডস্কেপিং	১০০.৮১	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
৪৪	সাইট অফিস (পিডি এবং সাপোর্ট স্টাফদের জন্য)	৫.০০	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
৪৫	Palisading	২৮.৩৩	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
৪৬	ফিজিক্যাল কন্টিনজেন্সি	২৮০.০০	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
৪৭	প্রাইজ কন্টিনজেন্সি	২৮০.০০	০.০০	০%			০.০০	০%	০.০০	০%
	<b>মোট</b>	<b>৯৩৬০.১৭</b>	<b>২৬,০৮৬.৪৫</b>	<b>২৭.৮৭%</b>	<b>১৮,৩০০.০০</b>	<b>২৫%</b>	<b>১৩,৩১৪.১৬</b>	<b>১৪.২২%</b>	<b>৩৯,৪০০.৬১</b>	<b>৪২.০৯%</b>

উৎসঃ ডিপিপি এবং প্রকল্প অফিস এর অগ্রগতি প্রতিবেদন

### ৩.৩ প্রকল্প বাস্তবায়নে ধীরগতির কারণ পর্যালোচনা

- স্থাপত্য অধিদপ্তর এবং গণপূর্ত অধিদপ্তর কর্তৃক সময়মত ড্রইং/ডিজাইন প্রাপ্তিতে দেরি হওয়া।
- প্রকল্প অঞ্চল অধিকতর নিচু হওয়ার কারণে প্রায় ১০-১৫ ফুট আর্থ-ফিলিং করে মাটি ভরাট করে তারপর নির্মাণ কাজ শুরু করতে হয়েছে যার কারণে প্রায় ৪-৫ মাস সময় অতিবাহিত হয়েছে।
- প্রকল্প এলাকায় ৮-১০ হাজার পরিবার ছিল যাদের উচ্ছেদ করে ভূমি দখল করতে প্রায় ৩-৪ মাস সময় অতিবাহিত হয়েছে।
- প্রকল্প এলাকায় প্রায় ৩ একর এর উপরে জায়গা জুড়ে সেনাবাহিনীদের রেডি-মিক্সার প্ল্যান্ট থাকার কারণে তাদেরকে প্রকল্প এলাকা থেকে সরাতে প্রায় ৩-৪ মাস সময় অতিবাহিত হয়েছে।
- ২২ ও ২৫ নং ভবনের ড্রইং এর লে-আউট প্ল্যান ১ বার পরিবর্তন হওয়াতে সময় বিলম্ব হয়েছে।
- এছাড়া একই ঠিকাদার প্রতিষ্ঠান ৫টি ভবনের (১৫, ১৬, ১৭, ২৪ ও ২৫) কাজ পাওয়ার কারণে তাদের কাজের অগ্রগতি খুবই কম এবং তাদেরকে বার বার কাজ সম্পন্নের জন্য বলা হলেও তাদের থেকে তেমন কোন ভাল অগ্রগতি পাওয়া যাচ্ছে না। যার কারণে উক্ত ৫টি ভবনেরই শুধু অগ্রগতি কম।
- বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (Covid-19) এর কারণে প্রায় ৫-৬ মাস কাজ বন্ধ ছিল। এ কারণে প্রকল্পের কাজ অনেকটা ব্যহত হয়েছে বলে জানা যায়।

### ৩.৪ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন “ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে ১৫টি ১৪ তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পটি জানুয়ারি-২০১৭ থেকে আরম্ভ হয়ে প্রকল্পের মেয়াদ ডিসেম্বর-২০২১ (প্রস্তাবিত) তারিখ পর্যন্ত ২ (দুই) বার সময় বৃদ্ধি করা হয়েছে। মে-২০২১ তারিখ পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি ৪২.০৯% যা খুবই কম। অর্থাৎ ডিসেম্বর ২০২১ (প্রস্তাবিত) মেয়াদে প্রকল্প বাস্তবায়ন হবেনা বলেই গণ্য হয়। প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমগুলোর অগ্রগতি পর্যবেক্ষণে দেখা যায় যে, ভবন নং-১৫, ১৬, ১৭, ২৪ ও ২৫ এর ভৌত অগ্রগতি খুবই কম। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের থেকে জানা যায় যে, উক্ত ভবনগুলোর কাজের গতি বৃদ্ধি করার জন্য তদারকি বাড়ানো হয়েছে। ১৯ নং ভবনের জন্য পুনরায় দরপত্র আহবান কার্যক্রম চলমান। এছাড়াও নির্মাণ কাজ যথাসময়ে শেষ না হওয়া এবং নির্মাণ উপকরণের কিছু আইটেমের পরিমাণ কম/বেশি হওয়ায় ভেরিয়েশন অনুমোদনের প্রয়োজন হবে। ভৌত কাজের অগ্রগতি গড়ে ৫৫% যা সন্তোষজনক নয়। প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমের অগ্রগতির বিস্তারিত বর্ণনা নিম্নে দেওয়া হলো-

#### ➤ ১৪ তলা বিশিষ্ট ১৫টি ভবন নির্মাণ

প্রকল্পের আওতায় ১৪ তলা বিশিষ্ট ১৫টি ভবনে ১৫৬০টি আবাসিক ফ্ল্যাট নির্মাণের কাজ চলমান রয়েছে। নিম্নে ১৫টি ভবনের বর্তমান অবস্থা ও ভৌত অগ্রগতির বিস্তারিত বর্ণনা দেয়া হলো-

ভবন নং	চুক্তি তারিখ	চুক্তি অনুযায়ী কাজ শেষ হওয়ার তারিখ	চলমান কাজের বর্তমান অবস্থা	ভৌত অগ্রগতি (%)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
১১	১৬/০৮/২০১৭	১৫/০৮/২০১৯	১০ম, ১১তম, ১২তম, ও ১৩তম তলার ব্রিক ওয়ার্ক ও প্লাস্টার এর কাজ চলছে।	৭০	নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন হয়নি।
১২	৩০/০৭/২০১৭	২৯/০৭/২০১৯	পুরো স্ট্রাকচারের কাজ সম্পন্ন হয়েছে এখন ভবনের বাহিরের প্লাস্টার এর কাজ চলমান রয়েছে।	৭২	নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন হয়নি।
১৩	১০/০৮/২০১৭	০৯/০৮/২০১৯	পুরো স্ট্রাকচারের কাজ সম্পন্ন হয়েছে এখন ভবনের বাহিরের প্লাস্টার এর কাজ চলমান রয়েছে।	৭৬	নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন হয়নি।
১৪	১০/০৮/২০১৭	০৯/০৮/২০১৯	পুরো স্ট্রাকচারের কাজ সম্পন্ন হয়েছে এখন ভবনের বাহিরের প্লাস্টার এর কাজ চলমান রয়েছে।	৭৪	নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন হয়নি।
১৫	০৯/০৮/২০১৭	০৮/০৮/২০১৯	১৩তম তলার কলাম ঢালাই এর কাজ চলছে। ৫ম তলার ব্রিক ওয়ার্ক এর কাজ চলছে।	৫২	নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন হয়নি।
১৬	০৯/০৮/২০১৭	০৮/০৮/২০১৯	১৩ তম তলার কলাম কাস্টিং এর কাজ চলমান এবং ৫ম তলার ব্রিক ওয়ার্ক এর কাজ চলছে।	৪৭	নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন হয়নি।
১৭	০৯/০৮/২০১৭	২৯/০৭/২০১৯	১১ তম তলার ছাদ ঢালাই এর জন্য প্রস্তুত করা হচ্ছে এবং ৫ম তলার ব্রিক ওয়ার্ক এর কাজ চলছে।	৪৮	নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন হয়নি।
১৮	১৭/০৮/২০১৭	১৬/০৮/২০১৯	১৪তম তলার ছাদ ঢালাই এর প্রস্তুতি চলছে। ১০ম তলার ব্রিক ওয়ার্ক এর কাজ চলছে।	৬৮	নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন হয়নি।
১৯	০৮/০৮/২০১৭	০৭/০৮/২০১৯	উক্ত ভবনে ১৫৪৫ বর্গফুটের ফ্ল্যাট নির্মাণ করা হবে। উক্ত ভবনে ৫০০টি প্রি-কাস্ট পাইল করার কথা ছিল এর মধ্যে ঠিকাদার মাত্র ২৯২টি প্রি-কাস্ট পাইলিং এর কাস্টিং করার		পুনরায় দরপত্র আহবান করা হবে।

ভবন নং	চুক্তি তারিখ	চুক্তি অনুযায়ী কাজ শেষ হওয়ার তারিখ	চলমান কাজের বর্তমান অবস্থা	ভৌত অগ্রগতি (%)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
			পর তাদের অভ্যন্তরীণ সমস্যা জনিত কারণে কাজ বন্ধ রাখে। এমতাবস্থায় জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক ঠিকাদার প্রতিষ্ঠানকে সঠিক সময়ে কাজ সম্পন্ন না করতে পারলে জরিমানা আদায় করা হবে বলে জানানো হয়। পরবর্তীতে ঠিকাদার প্রতিষ্ঠান কাজ না করায়, ঠিকাদার প্রতিষ্ঠান যে পর্যন্ত কাজ করেছে সে অনুযায়ী ১০% Security money বাবদ প্রায় ১৯ লক্ষ টাকা এবং পারফরম্যান্স সুরক্ষা বাবদ ৩ কোটি টাকা জরিমানা আদায় করা হয়। বর্তমানে কাজ বন্ধ আছে এবং পুনরায় দরপত্র আহ্বান কার্যক্রম চলমান।		
২০	০৯/০৮/২০১৭	০৮/০৮/২০১৯	পুরো স্ট্রাকচারের কাজ সম্পন্ন হয়েছে এখন ভবনের বাহিরের প্লাস্টার কাজ চলমান রয়েছে।	৬৯	নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন হয়নি।
২১	১০/০৮/২০১৭	০৯/০৮/২০১৯	পুরো স্ট্রাকচারের কাজ সম্পন্ন হয়েছে এখন ভবনের বাহিরের প্লাস্টার কাজ চলমান রয়েছে।	৭৪	নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন হয়নি।
২২	১০/০৮/২০১৭	০৯/০৮/২০১৯	পুরো স্ট্রাকচারের কাজ সম্পন্ন হয়েছে এখন ভবনের বাহিরের প্লাস্টার কাজ চলমান রয়েছে।	৭৫	নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন হয়নি।
২৩	১০/০৮/২০১৭	০৯/০৮/২০১৯	পুরো স্ট্রাকচারের কাজ সম্পন্ন হয়েছে এখন ভবনের বাহির ও ভিতরে সাইট প্লাস্টার কাজ চলছে।	৭৭	নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন হয়নি।
২৪	০৯/০৮/২০১৭	০৮/০৮/২০১৯	৬ষ্ঠ তলার ছাদ ঢালাই এর প্রস্তুতি চলছে।	৩৮	নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন হয়নি।
২৫	০৯/০৮/২০১৭	০৮/০৮/২০১৯	৬ষ্ঠ তলার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। বর্তমানে কাজ বন্ধ আছে।	৩৭	নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন হয়নি।

### ➤ ভূমি উন্নয়ন

প্রকল্পের আওতায় মোট ভূমির পরিমাণ ১৪.৪০ একর। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের থেকে জানা যায়, প্রতিটি ভবনের জন্য চুক্তিকৃত ঠিকাদার প্রতিষ্ঠানগণ ভূমি উন্নয়নের কাজ করবেন। এছাড়াও জানান যে, প্রকল্প অঞ্চল নিচু হওয়ার কারণে Basement এর টপ থেকে কোথাও কোথাও গড়ে ১৮-২৫ ফুট ভূমি উন্নয়নের কাজ করার প্রয়োজন হবে। তন্মধ্যে ১০-১২ ফুট মাটি ভরাট করে ভবন নির্মাণের কাজ শুরু করা হয়েছে এবং বাকি ১০-১২ ফুট মাটি ভরাট করার কাজ করা হবে এ জন্য ঠিকাদার প্রতিষ্ঠানকে ইতিমধ্যে অবগত করা হয়েছে যেন দ্রুত ভূমি উন্নয়নের কাজ সম্পন্ন করা হয়। উল্লেখ্য যে, ভূমি উন্নয়ন কাজের বিলম্বের ফলে প্রকল্পের আওতায় রাস্তা, অভ্যন্তরীণ ড্রেনসহ অন্যান্য কাজও ব্যাহত হচ্ছে।

### ➤ সীমানা প্রাচীর নির্মাণ

প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের থেকে জানা যায় যে, সীমানা প্রাচীরের জন্য গণপূর্ত অধিদপ্তরকে স্ট্রাকচারাল ড্রইং করার জন্য জানানো হয়েছে। গণপূর্ত অধিদপ্তর/স্থাপত্য অধিদপ্তর কর্তৃক স্ট্রাকচারাল ডিজাইন ও এস্টিমেট আসার পরে সীমানা প্রাচীর এর কাজ শুরু করা হবে।



## ➤ রাস্তা ও ড্রেন নির্মাণ

প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের থেকে জানা যায় যে, প্রকল্পের আওতায় ভূমি উন্নয়নের কাজ সম্পন্ন হলে রাস্তা ও ড্রেন নির্মাণের কাজ শুরু করা হবে।

## ➤ STP, WTP, গভীর নলকূপ স্থাপন

প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের থেকে জানা যায় যে, প্রকল্পের আওতায় মূল ডিপিপি'তে STP, WTP স্থাপন এর কোন সংস্থান ছিল না। পরবর্তীতে গত ০৯/০৯/২০২০ তারিখে আন্তঃমন্ত্রণালয়ের সিদ্ধান্তের আলোকে প্রস্তাবিত আরডিপিপি'তে সংস্থান রাখা হয়েছে। আরডিপিপির (প্রস্তাবিত) অনুমোদন হওয়ার পর আরডিপিপি'তে সংস্থান অনুযায়ী STP, WTP স্থাপন কাজ শুরু করা হবে এবং STP, WTP এর সাথেই গভীর নলকূপ স্থাপন এর কাজ করা হবে। মাঠ পর্যায়ে কর্মকর্তাদের থেকে তথ্য নিয়ে প্রস্তাবিত আরডিপিপি'তে STP, WTP স্থাপন এর জন্য সংস্থান রাখলে তা ফলপ্রসূ হবে বলে ধারণা করা যায়।

## ইলেক্ট্রিক্যাল কাজ

প্রকল্প সংশ্লিষ্ট ইলেক্ট্রিক্যাল (E/M) শাখার কর্মকর্তাদের থেকে জানা যায় যেহেতু মূল অবকাঠামোর কাজ সম্পন্ন হয়নি তাই ইলেক্ট্রিক্যাল কোন কাজ শুরু করা যায়নি। মূলত অবকাঠামোর কাজ শেষ হলেই ইলেক্ট্রিক্যাল কাজ শুরু করা হবে। তবে Covid-19 এর কারণে ইউরোপিয়ান লিফট আমদানিতে কিছুটা সময় বিলম্ব হতে পারে বলে জানা যায়।

## ৩.৫ প্রকল্পের আওতায় পিআইসি এবং পিএসসি সভা সংক্রান্ত পর্যালোচনা ও বিশ্লেষণ

“ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে ১৫টি ১৪ তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের প্রকল্পের আওতায় পিআইসি এবং পিএসসি সভার সিদ্ধান্ত ও সিদ্ধান্ত অনুযায়ী গৃহীত পদক্ষেপগুলো পর্যালোচনা ও বিশ্লেষণ করা হয়েছে। সমীক্ষাকালীন পরামর্শক প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ চলমান প্রকল্পের পিএসসি সভার সিদ্ধান্ত এবং সিদ্ধান্ত অনুযায়ী গৃহীত পদক্ষেপসমূহের নথি/দলিলাদি প্রকল্প অফিস কর্তৃক পাওয়া যায়নি। পরিপত্র অনুযায়ী ৩মাস পর পর পিআইসি এবং পিএসসি সভা আয়োজন করার কথা থাকলেও সমীক্ষাকালীন দেখা যায় যে, প্রকল্পের আওতায় নিয়মিত পিআইসি ও পিএসসি সভা অনুষ্ঠিত হয়নি। এছাড়াও আইএমইডি'র সর্বশেষ পরিদর্শন প্রতিবেদনে (পরিদর্শন তারিখ: ২৪/১১/২০২০ এবং স্মারক নং- ২১.০০.০০০০.৫০৪.১৪.০৮৬.১৮-৩৭৪) দেখা যায় যে, প্রকল্পের আওতায় নিয়মিত পিআইসি এবং পিএসসি সভা আয়োজন করার জন্য সুপারিশ প্রদান করা হয়েছে। প্রকল্পের আওতায় পিআইসি এবং পিএসসি সভার তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, ডিপিপি'তে পিআইসি সভার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা থাকলেও পিএসসি সভা সংক্রান্ত কোন লক্ষ্যমাত্রা উল্লেখ করা হয়নি এবং ডিপিপির লক্ষ্যমাত্রা অনুযায়ী পিআইসি সভা যথাসময়ে অনুষ্ঠিত হয়নি। প্রকল্পের আওতায় মে-২০২১ পর্যন্ত মোট ০৬টি পিআইসি সভা অনুষ্ঠিত হয়েছে এবং ০৪টি পিএসসি সভা অনুষ্ঠিত হয়েছে। বিস্তারিত তথ্য নিম্নের সারণি ৩.৫.১ এ দেওয়া হলো-

সারণি ৩.৫.১ পিআইসি ও পিএসসি সভা সংক্রান্ত পর্যালোচনা ও বিশ্লেষণ

সভার নাম	ডিপিপি'র লক্ষ্যমাত্রা		সময়ের ধরণ		প্রকৃত অর্জন	চলতি ২০২০-২০২১ বছরের লক্ষ্যমাত্রা	চলতি ২০২০-২০২১ বছরের অর্জন	মোট অর্জন
	পরিপত্র অনুযায়ী	ডিপিপি অনুযায়ী	পরিপত্র অনুযায়ী	ডিপিপি অনুযায়ী				
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
পিআইসি সভা	১৫	৪৭	৩ মাসে একটি	প্রতি মাসে ১টি	০৫	১২	০১	০৬
প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা	১৫	লক্ষ্যমাত্রা উল্লেখ নেই	৩ মাসে একটি	লক্ষ্যমাত্রা উল্লেখ নেই	০৩	লক্ষ্যমাত্রা উল্লেখ নেই	০১	০৪

তথ্য সূত্রঃ ডিপিপি ও আইএমইডি পরিদর্শন প্রতিবেদন

সমীক্ষা টিম প্রকল্প অফিস এবং ডিপিপি'তে উল্লিখিত কয়েকটি পিআইসি সভা সংক্রান্ত তথ্য পেয়েছেন। উক্ত পিআইসি সভার সিদ্ধান্তসমূহ এবং সিদ্ধান্ত অনুযায়ী গৃহিত পদক্ষেপসমূহের বিস্তারিত তথ্য নিম্নের সারণি ৩.৫.২ এ দেওয়া হলো-

সারণি: ৩.৫.২ পিআইসি সভার গৃহিত সিদ্ধান্তসমূহ

ক্রমিক নম্বর	তারিখ	পিআইসি সভার গৃহিত সিদ্ধান্তসমূহ	সভার সিদ্ধান্ত অনুযায়ী জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের গৃহিত পদক্ষেপসমূহ
০১	০৯/০৯/২০২০	ভবন নং-১৯ এর অবশিষ্ট কাজের দরপত্র আহবান করতে হবে। দ্রুততার সাথে কাজ সমাপ্ত করে বরাদ্দ প্রাপকগণের নিকট বাস্তব দখল হস্তান্তর করতে হবে।	ভবন নং-১৯ এর অবশিষ্ট কাজের দরপত্র আহবানের প্রস্তুতি চলছে।
		STP, WTP এর সংস্থানসহ DPP সংশোধন করতে হবে।	STP, WTP এর সংস্থানসহ DPP সংশোধন এর প্রস্তুতি চলছে।
		DPPতে উল্লিখিত সময় পর পর প্রকল্প বাস্তবায়ন কমিটির (PIC) পরবর্তী সভা আহবান করতে হবে।	সে অনুযায়ী করা হবে।
০২	০৭/০৬/২০১৮	(ক) প্রকল্পের বিদ্যমান ৭টি ১৫৪৫ বর্গফুট বিশিষ্ট ভবনের পরিবর্তে ৯টি, ১৩৩৮ বর্গফুট বিশিষ্ট ৪টি ভবন এবং ৪টি ৮৭৮ বর্গফুট বিশিষ্ট ভবনের পরিবর্তে ২টির সংস্থান রেখে, (খ) পোটেবল ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট, এসটিপি, সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট কাজ অন্তর্ভুক্ত করে এবং (গ) ১টি ৬ তলা কমিউনিটি ভবন ও ১টি ২তলা ক্লাব হাউসের পরিবর্তে ১টি ১২ তলা কমিউনিটি কাম ক্লাব হাউস ভবন নির্মাণের সংস্থান রেখে ডিপিপি সংশোধন করতে হবে।	প্রকল্পের বিদ্যমান ৭টি ১৫৪৫ বর্গফুট বিশিষ্ট ভবনের পরিবর্তে ৯টি, ১৩৩৮ বর্গফুট বিশিষ্ট ৪টি ভবন এবং ৪টি ৮৭৮ বর্গফুট বিশিষ্ট ভবনের পরিবর্তে ২টির সংস্থান রাখা হয়েছে, (খ) পোটেবল ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট, এসটিপি, সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট কাজ অন্তর্ভুক্ত করে এবং (গ) ১টি ৬ তলা কমিউনিটি ভবন ও ১টি ২তলা ক্লাব হাউসের পরিবর্তে ১টি ১২ তলা কমিউনিটি কাম ক্লাব হাউস ভবন নির্মাণের সংস্থান রেখে ডিপিপি সংশোধন করে আরডিপিপি প্রস্তুত করা হচ্ছে।
০৩	০৪/১২/২০১৬	প্রকল্পের মেয়াদ জুলাই, ২০১৬ হতে জুন, ২০২০ এর পরিবর্তে জানুয়ারী, ২০১৭ হতে জুন, ২০২০ পর্যন্ত নির্ধারণ করতে হবে।	প্রকল্পের মেয়াদ জুলাই, ২০১৬ হতে জুন, ২০২০ এর পরিবর্তে জানুয়ারী, ২০১৭ হতে জুন, ২০২০ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে।
		প্রকল্প হতে জনবল বাবদ ব্যয় বাদ দিতে হবে	প্রকল্প হতে জনবল বাবদ ব্যয় বাদ দেওয়া হয়েছে।
		বৈদেশিক প্রশিক্ষণ খাতে প্রস্তাবিত ব্যয়ের বিস্তারিত বিভাজন যেমন: কর্মকর্তার সংখ্যা, দেশের নাম এবং কি উদ্দেশ্যে বৈদেশিক প্রশিক্ষণ গ্রহণ করা হবে তা ডিপিপিতে উল্লেখ থাকতে হবে।	বৈদেশিক প্রশিক্ষণ খাতে প্রস্তাবিত ব্যয়ের বিস্তারিত বিভাজন যেমন: কর্মকর্তার সংখ্যা, দেশের নাম এবং কি উদ্দেশ্যে বৈদেশিক প্রশিক্ষণ গ্রহণ করা হবে তা ডিপিপিতে উল্লেখ করা হয়েছে। পৃষ্ঠা নং-২৮
		প্রস্তাবিত ২টি জীপ গাড়ীর পরিবর্তে ১টি জীপ গাড়ীর সংস্থান রাখতে হবে এবং জীপ গাড়ী সরকারি সংস্থা প্রগতি হতে সংগ্রহ করতে হবে। এক্ষেত্রে গাড়ীর মূল্য সরকারি উন্নয়ন প্রকল্পের জন্য গাড়ী ক্রয়ের বিষয়ে অর্থ বিভাগের সর্বশেষ নীতিমালা অনুযায়ী নির্ধারণ করতে হবে।	প্রস্তাবিত ২টি জীপ গাড়ীর পরিবর্তে ১টি জীপ গাড়ীর সংস্থান রাখতে হবে এবং জীপ গাড়ী সরকারি সংস্থা প্রগতি হতে সংগ্রহ করা হয়েছে। এক্ষেত্রে গাড়ীর মূল্য সরকারি উন্নয়ন প্রকল্পের জন্য গাড়ী ক্রয়ের বিষয়ে অর্থ বিভাগের সর্বশেষ নীতিমালা অনুযায়ী নির্ধারণ করা হয়েছে।

তথ্য সূত্রঃ প্রকল্প অফিস এবং ডিপিপি

### ৩.৬ পণ্য ক্রয় সংক্রান্ত বিশ্লেষণ ও পর্যালোচনা

প্রকল্পের আওতায় পণ্য ক্রয় কার্যক্রম পর্যালোচনায় দেখা যায় যে, পণ্য ক্রয়ের ০৬টি প্যাকেজের মধ্যে মাত্র ০২টি প্যাকেজের দরপত্র আহ্বান করা হয়েছে। উক্ত ০২টি প্যাকেজের মধ্যে একটি প্যাকেজ (GD-02 Inspection Vehicle) এর ডিপিপি অনুযায়ী অঙ্গভিত্তিক পরিমাণ ছিল ০৪টি মোটরসাইকেল ও ১টি জীপ গাড়ী এবং প্রাক্কলিত ব্যয় ছিল ১৬০.০০ লক্ষ টাকা। বাস্তবে দেখা যায় যে, উক্ত প্যাকেজের আওতায় ০২টি মোটরসাইকেল এবং ১টি জীপ গাড়ী ক্রয় করা হয়েছে ৯৩.২৪ লক্ষ টাকা দিয়ে। এক্ষেত্রে ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ NHA, Board থাকলেও বাস্তবে নির্বাহী প্রকৌশলী (ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেকশন-০২, মিরপুর) উক্ত পণ্য ক্রয় কার্যক্রম সম্পন্ন করেছেন। যেখানে ডিপিপি'র ব্যত্যয় এবং পাবলিক প্রকিউরমেন্ট রুলস-২০০৮ এর ব্যত্যয় করা হয়েছে। তবে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের থেকে জানা যায় যে, বাকি ০২টি মোটরসাইকেল যখন প্রয়োজন হবে তখন ক্রয় করা হবে।

০২টি মোটরসাইকেল ক্রয় কার্যক্রম পর্যালোচনায় দেখা যায় যে, গত ২৬/০৬/২০১৮ তারিখে নির্বাহী প্রকৌশলী (ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেকশন-০২, মিরপুর) ম্যানেজিং ডিরেক্টর এটলাস বাংলাদেশ লিঃ ২৫৬-২৫৭, টংগী, গাজীপুর, বরাবর ০২টি মোটর বাইক এর কোটেশন প্রেরণের জন্য দরপত্র আহ্বান করেন। পরবর্তীতে ২৮/০৬/২০১৮ তারিখে বিক্রয় বিভাগীয় প্রধান পক্ষে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, মোটরসাইকেল, রেজিস্ট্রেশন (১০ বছর), হেলমেট ও রেইনকোটসহ ০২টি মোটরসাইকেল এর সর্বমোট ৩২৪,২০০.০০ (তিন লক্ষ চব্বিশ হাজার) টাকার মূল্য নির্ধারণ করে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা অনুযায়ী এটলাস বাংলাদেশ লিমিটেড থেকে টেন্ডার ব্যতিত সরাসরি ক্রয়ের লক্ষ্যে মূল্যবান ক্রয়াদেশ প্রদান করার জন্য নির্বাহী প্রকৌশলী (ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেকশন-০২, মিরপুরস্থ) বরাবর প্রেরণ করা হয়। উক্ত চিঠির পরিপ্রেক্ষিতে ২৮/০৬/২০১৮ একই তারিখে নির্বাহী প্রকৌশলী (ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেকশন-০২, মিরপুর) পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা অনুযায়ী ০২টি মোটরসাইকেল এর বিস্তারিত বর্ণনা দিয়ে (টিভিএস মোটরসাইকেল, মডেল-স্টাইকার, ১২৫ সিসি, রং-লাল-কালো/নীল-কালো) ব্যবস্থাপনা পরিচালক মহোদয় নিকট প্রেরণ করেন। পরবর্তীতে ৩০/০৬/২০১৮ তারিখে ০২টি মোটরসাইকেল এর Delivery Order হয় এবং একই তারিখে Gate Pass হয়।

এছাড়াও লগ-ফ্রেমের গুরুত্বপূর্ণ অনুমান (Important Assumptions) পর্যালোচনায় দেখা যায় যে, সরকারের সিদ্ধান্ত পরিবর্তন হয়নি বিষয়টি আরও বর্ণনামূলক হওয়া দরকার ছিল। বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (Covid-19) প্রাকৃতিক বিপর্যয়ের কারণে প্রায় ৫-৬ মাস নির্মাণ কাজ বন্ধ ছিল এবং চলতি সময়েও কাজের বিঘ্ন ঘটছে বলে জানা যায়। এছাড়াও নির্মাণ কাজ শুরুকালীন সময়ে প্রকল্প এলাকার স্থানীয় ৮-১০ হাজার পরিবারের মানুষজনকে উচ্ছেদ করতে প্রায় ৩-৪ মাস সময় ব্যহত হয় এবং ৩ একর এর উপরে জায়গা জুড়ে সেনাবাহিনীর রেডি-মিক্সার প্ল্যান্ট সরাতে প্রায় ৩-৪ মাস সময় বিলম্ব হয়েছে। সুতরাং বলা যায় প্রাকৃতিক ও মনুষ্যসৃষ্ট বিপর্যয় ঘটেছে এবং উক্ত গুরুত্বপূর্ণ অনুমান (Important Assumptions) যথাযথ ছিলনা।

### ৩.১১ প্রকল্পের দায়িত্ব পালনকারী প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যাদি পর্যালোচনা

“ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে ১৫ টি ১৪ তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের এ পর্যন্ত মোট ৩ জন প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। সমীক্ষায় দেখা যায় যে, পূর্বের ২জন প্রকল্প পরিচালক একাধিক প্রকল্পের সাথে সংশ্লিষ্ট ছিলেন। কিন্তু বর্তমান প্রকল্প পরিচালক শুধু এই প্রকল্পের সাথেই জড়িত রয়েছেন যা প্রকল্পের জন্য ভাল দিক বলে বিবেচিত হয়। তবে সরজমিনে মাঠ পর্যায়ে প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাদের থেকে জানা যায় যে, পূর্বের প্রকল্প পরিচালক মহোদয়ই দায়িত্ব পালন করেছেন। বর্তমান প্রকল্প পরিচালক এখনও পুরোপুরিভাবে দায়িত্ব গ্রহণ করেননি। বিস্তারিত নিম্নের সারণি ৩.১১.১ এ দেয়া হলো-

ক্রঃ নং	প্রকল্প পরিচালকের নাম	মূল দপ্তর ও পদবি	দায়িত্বের প্রকৃতি (পূর্ণকালীন/ অতিরিক্ত)	ডিপিপি প্রণয়ন করেছেন	দায়িত্বকাল		একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা
				হ্যাঁ/না	হইতে	পর্যন্ত	
১	মোঃ মিছবাহ উদ্দিন	সদস্য, পরিকল্পনা, নকশা, বিশেষ প্রকল্প, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ	অতিরিক্ত	না	১৩-০২-২০১৭	২৮-০৬-২০১৮	২টি
২	বিজয় কুমার মন্ডল	সদস্য, পরিকল্পনা, নকশা, বিশেষ প্রকল্প, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ	অতিরিক্ত	না	২৮-০৬-২০১৮	২৭-০২-২০২১	২টি
৩	ড. মোঃ মইনুল হক আনছারী	সদস্য, ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ	অতিরিক্ত	না	২৮-০২-২০২১	-	না

তথ্য সূত্রঃ প্রকল্প অফিস

### ৩.১২ আইএমইডি'র প্রতিবেদন পর্যালোচনা

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন “ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে ১৫টি ১৪ তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন পরিবীক্ষণ মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কর্তৃক গত ২৪/১১/২০২০ তারিখে সর্বশেষ সরজমিনে পরিদর্শন করা হয় (স্মারক নং- ২১.০০.০০০০.৫০৪.১৪.০৮৬.১৮-৩৭৪)। সমীক্ষাকালীন আইএমইডি'র প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, উক্ত সময়ে প্রকল্পের আর্থিক অগ্রগতি ছিল ৩২৭৪৩.৫৫ লক্ষ টাকা (৩৪.৯৮%) এবং ভৌত কাজের অগ্রগতি ছিল ৫৫%। পরিদর্শন প্রতিবেদনে দেখা যায় যে, প্রকল্পের কাজ সম্পন্ন করার লক্ষ্যে প্রকল্প পরিচালকের দপ্তর এবং বাস্তবায়নকারী সংস্থা হতে নিয়মিত পরিদর্শন/মনিটরিং জোরদার করার সুপারিশ প্রদান করা হয়েছে। ‘টিওবিএল-সিএইচএল (জেভি) ঠিকাদারী প্রতিষ্ঠানসহ যেসব ঠিকাদারী প্রতিষ্ঠানের কাজের অগ্রগতি কর্ম-পরিকল্পনা অনুযায়ী তুলনামূলকভাবে ধীরগতি সম্পন্ন সেসব ঠিকাদারী প্রতিষ্ঠানের কাজের অগ্রগতি বৃদ্ধির জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য সুপারিশ প্রদান করা হয়েছে। ভবন নং-১৯ এর অবশিষ্ট কাজসমূহ জরুরি ভিত্তিতে শুরু করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বলা হয়েছে। এছাড়াও পর্যালোচনায় দেখা যায় যে, উক্ত সময়ে প্রকল্পের আওতায় ২০১৭-২০১৮ অর্থ-বছরের অডিটে ৪টি অডিট আপত্তি উত্থাপিত হয়েছে। ০৪টি অডিট আপত্তির সাথে ২৫৬,৮৬৯,৩৩৭/- (পঁচিশ কোটি আটষট্টি লাখ ঊনসত্তর হাজার তিনশত সাতত্রিশ) টাকার সম্পূর্ণতা উল্লেখ রয়েছে এবং উক্ত অডিট আপত্তিগুলো দূত নিষ্পত্তি করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য সুপারিশ করা হয়েছে। প্রকল্পের ডিপিপি অনুসারে নিয়মিতভাবে পিআইসি ও পিএসসি সভা আয়োজন করা হচ্ছে না সে জন্য নিয়মিত পিআইসি ও পিএসসি সভা আয়োজন করার জন্য প্রতিবেদনে সুপারিশ প্রদান করা হয়েছে। এছাড়াও দেখা যায় যে, চলতি ২০২০-২০২১ অর্থ-বছরের সময়ভিত্তিক কর্ম-পরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা প্রস্তুত করা হয়নি। বার্ষিক সময়ভিত্তিক কর্ম-পরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অনুমোদন গ্রহণপূর্বক সঠিকভাবে প্রণয়ন করে আইএমইডিতে প্রেরণ করার জন্য সুপারিশ প্রদান করা হয়েছে। প্রকল্প অফিসের কর্মকর্তা কর্তৃক সাইট বইগুলোতে নিয়মিত হালনাগাদ মন্তব্য/মতামত প্রদান করেন না সে জন্য হালনাগাদ মন্তব্য/মতামত প্রদানসহ সে বিষয়ে ফলো-আপ সংক্রান্ত মন্তব্য রাখার জন্য সুপারিশ প্রদান করা হয়েছে।

### ৩.১৩ ডিপিপি পর্যালোচনা

#### • ডিপিপি গঠনঃ

- সার্বিক বর্ণনামূলক উদ্দেশ্য অনুপস্থিত। প্রকল্পের উদ্দেশ্যগুলো সুস্পষ্ট হওয়া দরকার ছিল। এ প্রকল্পের শুধু ৩টি নির্দিষ্ট উদ্দেশ্য উল্লেখ করা হয়েছে। এটা ডিপিপি প্রণয়নের প্রথাগত রীতির সাথে সংগতিপূর্ণ নয়। এছাড়াও ডিপিপি'র উদ্দেশ্য বাস্তবতার নিরিখে সামঞ্জস্যপূর্ণ নয়। কারণ স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ করা হলেও বাস্তবে ফ্ল্যাটের মূল্য বিবেচনায় ফ্ল্যাটগুলো উচ্চবিত্ত পর্যায়ে লোকজন পেয়েছে।
- প্রকল্পটি নেয়ার সময় বেজলাইন সার্ভে ও ফিজিবিলিটি স্টাডি করা হয়নি যার কারণে ডিপিপি'তে সংযোজন করা হয়নি এবং ডিপিপি সংশোধন ব্যতিত ৮৭৮ বর্গফুট ফ্ল্যাটের সংখ্যা পরবর্তীতে ১৫৪৫ বর্গফুট করা হয়েছে যেখানে ডিপিপি'র ব্যত্যয় ঘটেছে।
- প্রকল্পের ডিপিপি'তে সংযুক্ত Log-Frame এ Objectively Verifiable Indicator, Means of Verification, Important Assumptions এ সংযুক্ত তথ্যগুলো যথাযথ হয়নি এবং Important Assumption এ গুরুত্বপূর্ণ অনুমানগুলো যথাযথ হয়নি।
- প্রকল্পের মেয়াদঃ ভূমি উন্নয়ন, জমি দখল সক্রান্ত সমস্যাগুলি আগাম আঁচ করে প্রকল্পের সময় নির্ধারণ করা অধিক যুক্তিসঙ্গত ছিল। অপরিকল্পিতভাবে প্রকল্পের মেয়াদ নির্ধারণ করা হয়েছে যার কারণে বার বার সময় বৃদ্ধি করা হচ্ছে এবং সময় বৃদ্ধির কারণে প্রকল্পের ভেরিয়েশন এর দরকার হতে পারে এবং ব্যয় বৃদ্ধি পেতে পারে।

#### অনুমোদন ব্যতিত ও অযৌক্তিক অর্থ ব্যয়

- প্রকল্পের আওতায় বৈদেশিক প্রশিক্ষণ বাবদ ৫০.০০ লক্ষ টাকা ধরা হয়েছে। বিদেশ ভ্রমণের কারণ হিসেবে বলা হয়েছে, “বিদেশে গৃহায়ন এর প্রকল্প ও গৃহায়ন নীতি সম্পর্কে জ্ঞানার্জন”। ইতোমধ্যে বিদেশ ভ্রমণ বাবদ ১৪.৯৩ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। এক্ষেত্রে বিদেশ ভ্রমণকারীগণ কোন প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন, কোন দেশে ভ্রমণ করেছেন, প্রশিক্ষণ ভেন্যু, লব্ধ অভিজ্ঞতা এবং এই অভিজ্ঞতা কিভাবে এই প্রকল্পে ব্যবহার করলেন তার কোন তথ্যাদি পাওয়া যায়নি।
- প্রকল্পের আওতায় ডিপিপি'তে Main Drain (600mm avg.depth) ও 3'-0" span Brick Culvert বাবদ (৭০.২০+৮.২৬)= ৭৮.৪৬ লক্ষ টাকা ধরা ছিল। কিন্তু আলোচ্য প্রকল্পে ডিপিপি সংশোধন ব্যতিত, Construction of Compound Drain বাবদ প্রকল্পের শুরুতে ২ কোটি ৩৩ লক্ষ ৪২ হাজার টাকা খরচ করা হয়েছে যেখানে আর্থিক অনিয়ম করা হয়েছে।

### ৩.১৪ প্রকল্পের অর্থ বছর ভিত্তিক কর্ম-পরিকল্পনা পর্যালোচনা

প্রকল্পের আওতায় অনুমোদিত অঙ্গগুলোর বছর ভিত্তিক কর্ম-পরিকল্পনা ডিপিপি'তে থাকলেও বিগত অর্থ-বছরগুলোতে সময়ভিত্তিক কর্ম-পরিকল্পনা প্রণয়ন পূর্বক অর্থ-বছরের শুরুতে মন্ত্রণালয় হতে অনুমোদন নেয়া হয়নি। প্রকল্প অফিসের কর্ম-পরিকল্পনা সংক্রান্ত বিভিন্ন নথি/রেকর্ডসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পের অর্থ-বছর ভিত্তিক কর্ম-পরিকল্পনা ডিপিপি অনুযায়ী করা হয়নি এবং প্রকল্প অফিস কর্তৃক সুনির্দিষ্ট কোন কর্ম-পরিকল্পনা পাওয়া যায়নি। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান যে, কাজের উপর ভিত্তি করে ঠিকাদার কর্তৃক কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা হয় এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্ম-পরিকল্পনা বাস্তব সম্মত মনে করলে তা অনুমোদন দেয় অন্যথায় পুনরায় কর্ম-পরিকল্পনা তৈরি করার জন্য ঠিকাদার প্রতিষ্ঠানকে বলা হয়ে থাকে। প্রকল্পের আওতায় চলতি ২০২০-২০২১ অর্থ-বছরের কর্ম-পরিকল্পনা পর্যালোচনা করে দেখা যায় যে, ভবন নির্মাণ, ভূমি উন্নয়ন, সীমানা প্রাচীর নির্মাণ এর কাজ পরিকল্পনায় রয়েছে। প্রকল্পের কর্ম-পরিকল্পনায় স্পষ্ট হয় যে ইতোপূর্বে অর্থ-বছর ভিত্তিক কোন বাস্তবসম্মত কর্ম-পরিকল্পনা তৈরি করা হয়নি এবং এ ব্যাপারে আইএমইডি'র সর্বশেষ পরিদর্শন প্রতিবেদনে সুপারিশ করা হয়েছে যেন কর্ম-পরিকল্পনা প্রণয়ন পূর্বক মন্ত্রণালয়ের অনুমোদন নেওয়া হয় ( পরিদর্শন তারিখ: ২৪/১১/২০২০ ও স্মারক নং- ২১.০০.০০০০.৫০৪.১৪.০৮৬.১৮-৩৭৪)।



### ৩.১৫ ফ্ল্যাটের আয়তন ও পরিসংখ্যান বিশ্লেষণ ও পর্যালোচনা

প্রকল্পের আওতায় ডিপিপি অনুযায়ী ১৫টি ১৪তলা বিশিষ্ট ১৫৪৫ বর্গফুটের ৭২৮টি, ১৩৩৮ বর্গফুটের ৪১৬টি এবং ৮৭৮ বর্গফুটের ৪১৬টি সর্বমোট ১৫৬০টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ করার কথা রয়েছে। কিন্তু বাস্তবে দেখা যায় যে, ডিপিপি সংশোধন ব্যতীত ১৫৪৫ বর্গফুট ও ৮৭৮ বর্গফুট ফ্ল্যাটের পরিসংখ্যান যা ছিল তার থেকে ফ্ল্যাটের পরিসংখ্যান কম বা বেশি করা হয়েছে। পরিপত্রের বিধি-২.১ অনুযায়ী ডিপিপি সংশোধন ব্যতীত প্রকল্পের নির্মাণ কাজে পরিবর্তন করা যাবেনা, এ ক্ষেত্রে পরিপত্রের বিধি-২.১ ও ডিপিপি'র ব্যত্যয় ঘটেছে। এছাড়াও ২টি ভবনের আয়তন পরবর্তীতে পরিবর্তন করা হয়েছে অর্থাৎ ২টি ভবনের আয়তন বৃদ্ধি করা হয়েছে যেখানে ডিপিপি'র ব্যত্যয় ঘটেছে। যে ২টি ভবনের আয়তন বৃদ্ধি পেয়েছে উক্ত ভবন সম্পর্কে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান যে, মূলত ২২ ও ২৫ নম্বর ভবনগুলোতে ডিপিপি অনুযায়ী ৮৭৮ বর্গফুটের ফ্ল্যাট নির্মাণ করার কথা ছিল কিন্তু বাস্তবে দেখা গিয়েছে যে, ৮৭৮ বর্গফুট ফ্ল্যাটের চাহিদা কম এবং এখন পর্যন্ত ২০৮টি ফ্ল্যাটের মধ্যে ৯০টি ফ্ল্যাটের বরাদ্দ এখনও দেয়া সম্ভব হয়নি পুনরায় ৩য় পর্যায়ে বিজ্ঞাপন দেয়া হয়েছে। মূলত চাহিদার ভিত্তিতে গত ০৯/০৯/২০২০ তারিখের অন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের আলোকে উক্ত ২টি ভবন ৮৭৮ বর্গফুট ফ্ল্যাটের পরিবর্তে ১৫৪৫ বর্গফুট করা হয়েছে। এ ক্ষেত্রে যথাযথভাবে ফিজিবিলাটি স্টাডি করা হলে উক্ত সমস্যা হতো না বলেই গণ্য হয়। বিস্তারিত নিম্নে দেওয়া হলো-

সারণি: ৩.১২.১ ফ্ল্যাটের আয়তন ও পরিসংখ্যান

ডিপিপি অনুযায়ী ফ্ল্যাটের আয়তন ও পরিসংখ্যান	বাস্তবে ফ্ল্যাটের আয়তন ও পরিসংখ্যান
১৫৪৫ বর্গফুটের ৭২৮টি ফ্ল্যাট	৯টি ভবন (১৫৪৫ বর্গফুট আয়তন) (ভবন নং- ১১,১২,১৭,১৮,১৯,২০,২১,২২, ও ২৫) = (৯*১০৪) = ৯৩৬টি ফ্ল্যাট
১৩৩৮ বর্গফুটের ৪১৬টি ফ্ল্যাট	৪টি ভবন (১৩৩৮ বর্গফুট আয়তন) (ভবন নং- ১৩, ১৪, ১৫ ও ১৬) = (৪*১০৪) = ৪১৬টি ফ্ল্যাট
৮৭৮ বর্গফুটের ৪১৬টি ফ্ল্যাট	২টি ভবন (৮৭৮ বর্গফুট আয়তন) (ভবন নং- ২৩ ও ২৪) = (২*১০৪) = ২০৮টি ফ্ল্যাট
মোট: (৭২৮+৪১৬+৪১৬)= ১৫৬০টি	মোট: (৯৩৬+৪১৬+২০৮)= ১৫৬০টি

যে ২টি ভবনের আয়তন পরবর্তীতে বৃদ্ধি পেয়েছে তা নিম্নরূপ।

ভবন নম্বর	ভবনে মোট ফ্ল্যাটের সংখ্যা	ডিপিপি অনুযায়ী ফ্ল্যাটের নীট ও গ্রস এরিয়া (বর্গফুট)	চূড়ান্ত স্থাপত্য নকশা (বর্গফুট)	ফ্ল্যাটের আয়তন (হ্রাস/বৃদ্ধি) বর্গফুট
১	৩	৫	৬	৭
২২	১০৪	নীট এরিয়া=৬৬৩ গ্রস এরিয়া= ৮৭৮	নীট এরিয়া=১২৯৮ গ্রস এরিয়া= ১৫৪৫	নীট এরিয়া= (+) ৬৩৫ গ্রস এরিয়া= (+) ৬৬৭
২৫	১০৪	নীট এরিয়া=৬৬৩ গ্রস এরিয়া= ৮৭৮	নীট এরিয়া=১২৯৮ গ্রস এরিয়া= ১৫৪৫	নীট এরিয়া= (+) ৬৩৫ গ্রস এরিয়া= (+) ৬৬৭

মাঠ পর্যায়ে পরিদর্শন এবং স্পেসিফিকেশন মোতাবেক নির্মাণ কাজের  
গুণগত মান পর্যবেক্ষণ

৩.১৬ চলমান কাজের বিভিন্ন নির্মাণ উপকরণের ল্যাব টেস্টের রিপোর্ট পর্যালোচনা

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন “ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে ১৫টি ১৪ তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ সমীক্ষাকালীন সরজমিনে পরিদর্শনসহ নির্মাণ কাজে ব্যবহৃত মালামাল (ইট, পাথর, রেইনফোর্সমেন্ট, বালি ইত্যাদি) এর গুণগত মান পর্যবেক্ষণ করা হয়েছে। এছাড়াও চলমান কাজে ব্যবহৃত মালামালের ল্যাব টেস্টের বিভিন্ন রিপোর্টসমূহ পর্যালোচনার প্রাপ্ত ফলাফল নিম্নে দেয়া হলো।

**BANGLADESH UNIVERSITY OF ENGINEERING AND TECHNOLOGY (BUET)**  
**DEPARTMENT OF CIVIL ENGINEERING**  
Mobile: 01819 557 984; FAX: 966 5650-80 Ext. 7226; www.buet.ac.bd/ce/

**STRENGTH OF MATERIALS LABORATORY**

**BRTC**  
Bureau of Research,  
Testing & Consultancy

**TEST OF DEFORMED M.S. BARS (ASTM A 615M-16)**  
Sent by: Sub-Divisional Engineer  
Dhaka Sub-Division-1, National Housing Authority, Mirpur, Dhaka.  
Project: Construction of 15 nos 14 Storied Residential Buildings (Bldg no.-12) for low and middle income group at section-9, Mirpur, Dhaka (2nd Phase). (self finance).

BRTC No.: 1101-84706/CE/18-19; Date: 9/4/2019  
Ref.: Memo no. NHA/DK/SUB-1/465; Date: 10/3/2019  
Date of Test: 20/4/2019  
Contractor/supplier: JVEL-KCL(LV)

**Samples were received in un-aged condition.**

Sl. No.	Frog Mark / Identification	Bar Desig./ Nominal dia.	Actual bar dia.	Unit Weight	Average Unit Weight	Yield or Proof Load	Yield or Proof Strength	Average Yield or Proof Strength	Tensile Load	Tensile Strength	Average Tensile Strength	TS/YS	Elongation (%) (G. length = 200 mm)	Average Elongation (%)	Bend Test
1	SS.TIGER 400.60G.	25	25.2	3.912	3.894	228	462	462	328	665	665	1.44	20	20	Satisfactory
2	SS.TIGER 400.60G.	25	25.1	3.877	3.894	228	460	460	327	665	665	1.44	19	19	Satisfactory
3	SS.TIGER 400.60G.	25	25.1	3.892	3.894	227	462	462	329	670	670	1.44	19	19	Satisfactory
1	SS.TIGER 400.60G.	20	20.1	2.496	2.503	150	478	481	216	690	690	1.43	19	19	Satisfactory
2	SS.TIGER 400.60G.	20	20.2	2.505	2.503	151	481	481	217	690	690	1.43	19	19	Satisfactory
3	SS.TIGER 400.60G.	20	20.2	2.507	2.503	151	481	481	215	685	685	1.43	19	19	Satisfactory
1	SS.TIGER 400.60G.	16	16.0	1.586	1.604	80.1	448	450	128	635	645	1.43	19	19	Satisfactory
2	SS.TIGER 400.60G.	16	16.2	1.612	1.604	82.1	458	458	130	645	645	1.43	19	19	Satisfactory
3	SS.TIGER 400.60G.	16	16.2	1.613	1.604	89.1	443	443	130	645	645	1.43	19	19	Satisfactory
1	SS.TIGER 400.60G.	12	12.1	0.910	0.912	53.3	472	472	76.8	680	675	1.43	18	18	Satisfactory
2	SS.TIGER 400.60G.	12	12.2	0.914	0.912	52.8	466	466	75.9	670	670	1.43	18	18	Satisfactory
3	SS.TIGER 400.60G.	12	12.2	0.912	0.912	53.7	475	475	78.9	670	670	1.43	18	18	Satisfactory
1	SS.TIGER 400.60G.	10	10.1	0.629	0.631	37.3	472	470	52.4	665	660	1.40	19	19	Satisfactory
2	SS.TIGER 400.60G.	10	10.1	0.632	0.631	36.9	466	466	51.5	650	650	1.40	19	19	Satisfactory
3	SS.TIGER 400.60G.	10	10.1	0.633	0.631	37.3	472	472	52.4	665	665	1.40	18	18	Satisfactory

ASTM A615M-16 Weight Requirements and Nominal Area of bars (Table A1.1)

Bar desig./Nominal dia., mm	10	12	16	20	22	25	28	32	36	40	50	60
Nominal area, sq. mm	78	113	201	314	380	481	616	804	1018	1357	2183	3583
Nominal weight, kg/m	0.617	0.888	1.578	2.466	2.884	3.853	4.834	6.313	7.995	10.485	15.41	22.3

Conversion factor: 1.0 MPa = 1.4 N/mm<sup>2</sup> = 145 psi

Measured unit weight shall not be less than 94% of the nominal weight.  
Area and weight of 22m dia. bar is derived based on principle followed for other sizes in Table A1.1  
Actual dia. and TS/YS ratio are provided for informative purposes only. These are not requirements of ASTM A615M-16.

ASTM A615M-16 Tensile Requirements for Common Steel Grades

Grade	Grade 60		Grade 75		Grade 80	
	[420]	[520]	[520]	[550]	[550]	[550]
Tensile strength, min. psi [MPa]	60 000 [620]	60 000 [620]	75 000 [770]	75 000 [770]	80 000 [820]	80 000 [820]
Yield strength, min. psi [MPa]	60 000 [620]	60 000 [620]	75 000 [770]	75 000 [770]	80 000 [820]	80 000 [820]
Elongation in 8 in. [200 mm], min., %	17	17	17	17	17	17
Bar Designation No.	A615M 60	A615M 60	A615M 75	A615M 75	A615M 80	A615M 80
W, 12, 16, 20	9	9	7	7	7	7
W, 22	7	7	7	7	7	7
W, 32, 36, 40, 50, 60	7	7	7	7	7	7

Important Note: Samples are supplied to us by the contractor. We are not responsible for the quality of the samples. It is recommended that samples are tested in a secure and sealed cover/containers/cover under the supervision of the authorized person, and not by the Contractor/Supplier.

**BANGLADESH UNIVERSITY OF ENGINEERING AND TECHNOLOGY (BUET)**  
**DEPARTMENT OF CIVIL ENGINEERING**  
Mobile: 01819 557 984; FAX: 966 5650-80 Ext. 7226; www.buet.ac.bd/ce/

**CONCRETE LABORATORY**


**BRTC**  
Bureau of Research,  
Testing & Consultancy


BRTC No.: 1101-97290/19-20/CE; Dt: 12/10/2019  
Sent by: Engr. Sheikh Schel Rana, Sub-Divisional Engineer, Dhaka Sub Div-1, National Housing Authority, Mirpur, Dhaka  
Ref. No.: NHA/DK/SUB-1/1428; Dt: 2/10/2019  
Project: Construction of 15 Nos 14 Storied Residential Building (Building No-22) for low and middle income group at section-9, Mirpur, Dhaka. (Self Finance)  
Sample: Cylinder (Mix proportion (as quoted): 1:1.5:3, Aggregate Type: Stone chips)  
Location: 4th Floor Slab  
Test: Compressive Strength [ASTM C39]  
Date of Test: 13/10/2019

**TEST REPORT**

Sl. No.	Date of Casting as per the letter	Specimen Designation/ Frog Mark	Specimen Area (sq. in.)	Maximum Load (lb)	Crushing Strength (psi)	Average Crushing Strength	Mode of Failure
1	9/9/2019	1	12.42	77,757	6,261	6570 psi	Combined *
2	(34 days test)	2	11.70	78,178	6,682	(45 MPa)	Combined *
3		3	12.18	80,703	6,626	(458 kg/cm <sup>2</sup> )	Combined *

Note: Samples cannot be considered as sealed; Gata only. \* Combined = Mortar and Aggregate failure.

Countersigned by:   
Dr. Md. Abdul Jalil  
Professor  
Department of Civil Engineering  
BUET, Dhaka-1000, Bangladesh

Test Performed by:   
Anindya Samya Saha  
Lecturer  
Department of Civil Engineering  
BUET, Dhaka-1000, Bangladesh

Authenticity of this page is verifiable from <http://verify.ce.buet.ac.bd> with the QR Code or ID

Important Note: Samples are supplied to us by the contractor. We are not responsible for the quality of the samples. It is recommended that samples are tested in a secure and sealed cover/containers/cover under the supervision of the authorized person, and not by the Contractor/Supplier.

চিত্রঃ ল্যাব টেস্টের রিপোর্টসমূহ

চলমান কাজের নির্মাণ উপকরণের বিভিন্ন ধরনের ল্যাব টেস্টের রিপোর্টসমূহ প্রকল্প অফিস কর্তৃক সংগ্রহ করা হয়েছে এবং ল্যাব টেস্টের রিপোর্টগুলো যথাযথভাবে পর্যালোচনা ও বিশ্লেষণ করা হয়েছে। দেখা যায় যে, প্রতিটি ভবনের স্ল্যাব কাস্টিং এর পর ঢালাই পূর্বে Cylinder টেস্ট করা হয়েছে। প্রতিটি ল্যাব টেস্ট বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে করা হয়েছে। পর্যালোচনায় দেখা যায় যে, কংক্রিটের Cylinder Test (Compressive Strength), বালির, Sylhet Sand (Sieve Analysis of Sand-ASTM C 136), রেইনফোর্সমেন্ট এর Deformed M.S.BARS (ASTM A 615M-16), পাথরের ক্ষেত্রে Crushed Stone (Stone Chips) এর Los Angeles Abrasion Value [ASTM C-131] সহ বিভিন্ন টেস্ট করা হয়েছে। তবে রেইনফোর্সমেন্ট এর Deformed M.S.BARS (ASTM A 615M-16) টেস্ট রিপোর্টে দেখা যায় যে, Sample গ্রহণের সময় Unsealed Condition অবস্থায় পাওয়া গিয়েছে। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান ল্যাবে নেয়ার পূর্বে দায়িত্বরত কর্মকর্তা/কর্মচারী খুলে দেখেন মূলত সব সঠিক রয়েছে কিনা যার জন্য যখন Sample ল্যাবে নেয়া হয় তখন Unsealed Condition অবস্থায় পাওয়া যায়। তবে প্রতিটি ল্যাব টেস্টের প্রাপ্ত সন্তোষজনক পাওয়া গিয়েছে কিন্তু ইট/খোয়া জাতীয় এবং সিমেন্ট এর কোন ল্যাব টেস্ট করা হয়নি। ল্যাব টেস্টের কিছু ফলাফল নিম্নে দেয়া হলো-  
সারণি ৩.১৬.১ ল্যাব টেস্টের ফলাফল

স্যাম্পল এর নাম	টেস্টের নাম	প্রাপ্ত ফলাফল	মন্তব্য
Cylinder [mix proportion (as quoted): 1:1.15:.3 Aggregate Type: Stone Chips	Compressive Strength [ASTM C 39]	Average Crushing Strength  <b>6520 psi</b>	প্রাপ্ত ফলাফল সন্তোষজনক
Crushed Stone (Stone Chips)	Gradation of Aggregates [ASTM C136]	Fineness Modules  <b>7.50</b> (Seven point five Zero)	প্রাপ্ত ফলাফল সন্তোষজনক
Sylhet Sand	Sieve Analysis of Sand [ASTM C136]	Fineness Modules  <b>2.93</b> (Two point nine three)	প্রাপ্ত ফলাফল সন্তোষজনক
Cylinder [mix proportion (as quoted): 1:1.15:.3 Aggregate Type: Stone Chips	Compressive Strength [ASTM C 39]	Average Crushing Strength  <b>6980 psi</b>	প্রাপ্ত ফলাফল সন্তোষজনক
Crushed Stone (Stone Chips)	Los Angeles Abrasion Value [ASTM C-131]	Los Angeles Abrasion Value  <b>26%</b>	প্রাপ্ত ফলাফল সন্তোষজনক
M.S. BARS	TEST OF DEFFORMED M.S. BARS [ASTM A 615M-16]	Average Tensile Strength (TS) <b>665</b> (97000 psi)	প্রাপ্ত ফলাফল সন্তোষজনক
M.S. BARS	TEST OF DEFFORMED M.S. BARS [ASTM A 615M-16]	Average Tensile Strength (TS) <b>690</b> (99500 psi)	প্রাপ্ত ফলাফল সন্তোষজনক

### ৩.১৭ নির্মাণ কাজের গুণগত মান পর্যবেক্ষণ:

সমীক্ষাকালীন চলমান নির্মাণ কাজের রেইনফোর্সমেন্ট, ইট, পাথর, বালি ইত্যাদির গুণগত মান সরেজমিনে পর্যবেক্ষণ করা হয়েছে। নির্মাণ উপকরণের গুণাগুণ সম্পর্কিত ফলাফল ও মতামত নিম্নে বিস্তারিত দেয়া হলো-

#### ইটের গুণগত মান সম্পর্কিত পর্যবেক্ষণ ও মতামত

সরেজমিনে দেখা যায় যে, ১১, ১৬, ১৭, ১৮ ও ২৪ নং ভবন এর দেয়ালগুলোতে গাঁথুনির কাজে ব্যবহৃত ইটের মান সন্তোষজনক নয় (আকৃতিগত ও কোনা ভাঙ্গা)। এ ক্ষেত্রে প্রকল্প অফিসের কর্মকর্তারা জানান যে, যদি কোথাও নিম্ন মানের ইট ব্যবহার করা হয় এবং তাদের নজরে আসে তাহলে উক্ত ইট ব্যবহারে নিষেধ করা হয় এবং চলমান কাজে নির্মাণ উপকরণের এমন ব্যত্যয়গুলো সংশোধন করা হয়ে থাকে। উল্লেখ্য যে, নির্মাণ কাজে ভাল মানের ইট ব্যবহার না করলে ভবনের টেকসই বেশি দিন স্থায়ী হবে না। ইটের গুণগত মান সম্পর্কিত নিম্নের চিত্রে দেখানো হলো-



চিত্রঃ চলমান কাজে ব্যবহৃত ইট এর গুণাগুণ সম্পর্কিত

#### রেইনফোর্সমেন্ট সম্পর্কিত পর্যবেক্ষণ ও মতামত

সাধারণত ভবনসমূহে ৬০ গ্রেডের রেইনফোর্সমেন্ট ব্যবহার করা হয়। চলমান প্রকল্পের কাজেও ৬০ গ্রেডের রেইনফোর্সমেন্ট ব্যবহার করা হয়েছে। রেইনফোর্সমেন্ট বুয়েট কর্তৃক ল্যাব টেস্ট করা হয়েছে এবং ল্যাব টেস্টের প্রাপ্ত ফলাফল সন্তোষজনক পাওয়া গিয়েছে তবে রেইনফোর্সমেন্ট পর্যবেক্ষণে দেখা যায় যে, একেক ভবনে একেক ধরনের রেইনফোর্সমেন্ট ব্যবহার করা হচ্ছে-যেমন- ভবন নং-১৭ তে HI-TECH রেইনফোর্সমেন্ট আবার অন্য ভবনে ASBRM রেইনফোর্সমেন্ট ব্যবহার করা হচ্ছে যেগুলো বাজারের শীর্ষস্থানীয় কোন রেইনফোর্সমেন্ট নয়। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের থেকে জানা যায় যে, উক্ত রেইনফোর্সমেন্টের ব্র্যান্ডগুলো গণপূর্ত অধিদপ্তরের রোট সিডিউলে উল্লেখ রয়েছে যার জন্য নির্মাণ কাজে ব্যবহারে কোন সমস্যা নেই। এছাড়া পর্যবেক্ষণে দেখা যায় যে, চলমান কাজে ব্যবহৃত রেইনফোর্সমেন্টগুলো যথাযথ প্রক্রিয়া রাখা হয়নি, খোলা জায়গায় রাখা হয়েছে যেখানে-রোদ, বৃষ্টির কারণে রেইনফোর্সমেন্ট এর Strength কমে যাওয়ার সম্ভাবনা রয়েছে।



চিত্রঃ রেইনফোর্সমেন্ট

### সিমেন্ট সম্পর্কিত পর্যবেক্ষণ ও মতামত

প্রকল্পের নির্মাণ উপকরণগুলোর সরঞ্জামিনে দেখা যায় যে, চলমান কাজে সকল ক্ষেত্রেই মীর সিমেন্ট ব্যবহার করা হচ্ছে। নির্মাণ কাজে ব্যবহৃত সিমেন্ট এর প্যাকেটগুলো অগোছালোভাবে সংরক্ষণ করা হয়েছে। তবে শুধুমাত্র ১৭ নং ভবনের সিমেন্ট সংরক্ষণ পদ্ধতি মোটামুটি গ্রহণযোগ্য ছিল।



চিত্রঃ সিমেন্ট সম্পর্কিত

### নির্মাণ কাজে ব্যবহৃত স্টোন (পাথর) সম্পর্কিত পর্যবেক্ষণ ও মতামত

চলমান কাজ পরিদর্শনে দেখা যায় যে, ভবনের ফলস স্ল্যাব ও লিফটেলের ঢালাই কাজে ব্যবহৃত স্টোনগুলো সন্তোষজনক নয়। স্টোনগুলো একেকটা একেক সাইজের এবং স্টোনগুলোতে ময়লা আবর্জনা দেখা গিয়েছে অর্থাৎ স্টোনগুলো মানসম্মত নয়। নিম্নের চিত্রে দেখানো হলো-



চিত্রঃ নির্মাণ কাজে ব্যবহৃত স্টোন (পাথর)

### ৩.১৮ চলমান কাজ পর্যবেক্ষণের ফলাফল ও মতামত

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন “ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে ১৫টি ১৪তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ সমীক্ষাকালীন সরজমিনে ভৌত কাজের পর্যবেক্ষণ করা হয়েছে। দেখা যায় যে, একটি বহুতল ভবন নির্মাণের ক্ষেত্রে আধুনিক যে পদ্ধতি বিভিন্ন সরকারি/বেসরকারি আধুনিক প্রকল্পের নির্মাণ কাজে ব্যবহৃত হচ্ছে সেই তুলনায় এই প্রকল্পের আধুনিক সরঞ্জামাদি খুবই সীমিত। এ ক্ষেত্রে Roof hoist ও Tower hoist সিস্টেমের ব্যবহার করা যেতে পারে, তাছাড়া নির্মাণ কাজের সরঞ্জামাদি ও উপকরণসমূহের স্থানান্তর ও প্রতিস্থাপন অত্যন্ত অসুবিধাজনক হয়ে পড়ে। প্রকল্পের সাইট অর্ডার বুক পর্যালোচনায় দেখা যায় যে, নিয়মিত কর্তৃপক্ষ কর্তৃক সাইট নোট বুক মন্তব্য লিপিবদ্ধ করা হচ্ছে না। এছাড়াও আইএমইডি কর্তৃক সর্বশেষ পরিদর্শন প্রতিবেদনেও নিয়মিত মন্তব্য লিপিবদ্ধ করা হচ্ছে না বলে উল্লেখ করা হয়েছে। প্রকল্পের চলমান কাজ বিএনবিসি অনুসরণ করা হয়েছে কিনা, ড্রইং/ডিজাইন অনুযায়ী কাজ চলমান রয়েছে কিনা এবং বীম, কলাম, বারান্দা ইত্যাদির পরিমাপ সঠিক রয়েছে কিনা এবং বীম ও কলাম কাস্টিং এর রেইনফোর্সমেন্টের স্পেসিং, বীমের স্টিরাপের হুক এবং কলামের টাই এর রেইনফোর্সমেন্টের স্পেসিং ছাড়াও সিড়ির স্ল্যাবের রড এর স্পেসিং ও ব্লক সঠিক রয়েছে কিনা, ঢালাই পরবর্তীতে হানিকম্ব পরিলক্ষিত হয়েছে কিনা, সেফটি ক্যানপি যথাযথভাবে স্থাপন করা হয়েছে কিনা এবং চলমান কাজে নির্মাণ শ্রমিকদের সুরক্ষা ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে কিনা এ যাবতীয় ইত্যাদি বিষয়ে পর্যবেক্ষণ করা হয়েছে। নির্মাণ কাজের গুণগত মানের ক্ষেত্রে বেশ কিছু অগ্রহণযোগ্য বিষয় পরিলক্ষিত হয়েছে যা নিম্নে দেয়া হলো-

চলমান কাজ পরিদর্শনে দেখা যায় যে, নির্মাণ কাজে বিএনবিসি অনুসরণ করা হচ্ছে এবং ড্রইং/ডিজাইন অনুযায়ী নির্মাণ কাজ চলমান রয়েছে। দেখা যায় যে, সাইটে ড্রইং/ডিজাইনগুলো গতানুগতিক পুরনো খাচে করা হয়েছে যা সহজে বহনযোগ্য নয়। একটি বহুতল ভবনে এমন ডিজাইন নিয়ে মাঠ পর্যায়ে কাজ করা কিছুটা বিঘ্ন ঘটায় সম্ভাবনা থাকে তাই নির্মাণ কাজের সুবিধার্থে সহজে বহনযোগ্য হয় এমন ড্রইং/ডিজাইন প্রণয়ন করা প্রয়োজন। ড্রইং সহজে বহনযোগ্য হয় এমন ড্রইং/ডিজাইন প্রণয়ন করা যেমন-A2 সাইজের ড্রইং/ডিজাইন করা যেন সহজে বহনযোগ্য হয়। ওজন ও পরিমাপ মান দন্ড অর্ডিন্যান্স-১৯৮২ (পূর্বের আইন) এবং ওজন ও পরিমাপ মান দন্ড আইন-২০১৮ অনুযায়ী অত্র প্রকল্পের ড্রইং/ডিজাইনে মেট্রিক পদ্ধতির ব্যবহারের ক্ষেত্রে ব্যত্যয় হয়েছে। এই আইনের ব্যত্যয় জেল অথবা জরিমানা অথবা উভয় দন্ডে দন্ডিত করার বিধান রয়েছে। জাতীয় পর্যায়ে প্রকল্পসমূহে এই আইনের ব্যত্যয় করে ডিপিপি বা ওয়ার্কিং ড্রইং এ অথবা সকল ড্রইং এ কোন ধরনের ড্রইং/ডিজাইনের ইত্যাদি উপস্থাপন করার ক্ষেত্রে আইনগত সীমাবদ্ধ রয়েছে। এ বিষয়ে আরডিপিপি প্রণয়নের সময় এই বিষয়টি বিশেষভাবে লক্ষ্য রাখা প্রয়োজন। এছাড়া স্থাপত্য অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তরের অন্যান্য প্রকল্পের ক্ষেত্রেও এই বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে স্থাপত্য অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তরকে এই বিষয়ে নির্দেশনা প্রদান করা যেতে পারে। কেননা ওজন ও পরিমাপ মান দন্ড আইন -২০১৮ এর ইতোপূর্বেও এই আইন বলবৎ ছিল তবে ২০১৮ এর সর্বশেষ আইনটি সুনির্দিষ্টভাবে উল্লেখ রয়েছে এবং বাংলাদেশের অন্যান্য প্রকৌশল সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বিশেষ করে সড়ক ও জনপথ অধিদপ্তরসহ অন্যান্য প্রকৌশল প্রতিষ্ঠানেও বর্তমানে এই আইন প্রতিপালিত হচ্ছে। সে জন্য স্থাপত্য অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তরের এই আইনের আওতায় ড্রইং/ডিজাইনসহ যাবতীয় নকশা প্রণয়ন করা প্রয়োজন। এছাড়াও সাইটে Fire Protection and Ditection সংক্রান্ত ড্রইং/ডিজাইন পাওয়া যায়নি। উল্লেখ্য যে, ইমারত বিধিমালা-২০০৮ ও বিনবিসি অনুযায়ী Fire Protection and Ditection এর ড্রইং/ডিজাইন প্রস্তুত করতে হবে।



চিত্রঃ ডাইং/ডিজাইন পর্যালোচনা ও পর্যবেক্ষণ

পরিদর্শনকালীন আরও দেখা যায় যে, ভবন নং-১৮ এর R.C.C ঢালাই এ শেয়ার ওয়াল/কলামের ঢালাই এ এ্যালাইনমেন্ট সঠিক ছিল না। ভবন নং-১৬ এর ১৩ম তলার ঢালাই এর জন্য প্রস্তুতকৃত কলাম কাস্টিং এর সাঁটারিং এর এ্যালাইনমেন্ট যথাযথ হয়নি। এ্যালাইনমেন্ট কোথাও কোথাও ১-২ সেমিঃ পার্থক্য দিখা গিয়েছে যা কলাম ঢালাই এর জন্য গ্রহণযোগ্য নয়। এ ক্ষেত্রে প্রতিটি কলামের এ্যালাইনমেন্টের সময় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সঠিকভাবে তদারকি বৃদ্ধি করা প্রয়োজন। কলাম কাস্টিং এর টাই এ রেইনফোর্সমেন্ট এর স্পেসিং যথাযথ হয়নি, পরিমাপ করে ১-২ সেমি কোথাও কম কোথাও বেশি পাওয়া গিয়েছে। ভবন নং-১৭ এর ১০ম তলার ছাদ ঢালাই এর জন্য প্রস্তুতকৃত স্ল্যাবের রেইনফোর্সমেন্ট স্প্যাসিং সঠিক পাওয়া যায়নি। এছাড়াও দেখা যায় যে, রেইনফোর্সমেন্ট কাটিং সঠিক হয়নি, সবগুলো রেইনফোর্সমেন্ট একই পরিমাপে কাটিং করা হয়েছে যা নিয়ম বহির্ভূত। এর ফলে একই স্ল্যাবের প্রায় সবগুলো কলামে একই জায়গায় ল্যাপিং হবে যা ভবনের জন্য হুমকিস্বরূপ। এমতাবস্থায় কর্তৃপক্ষ কর্তৃক যথাযথ তদারকি বৃদ্ধি করা প্রয়োজন বলে মনে হয়েছে। তাছাড়া ভবন নং-১৭ এর ১০ম তলার ছাদ ঢালাই এর জন্য প্রস্তুতকৃত স্ল্যাবে ব্যবহৃত ব্লকগুলো যথাযথ হয়নি (ব্লকগুলো ছোট-বড় বা আকৃতি ঠিক নেই)।



চিত্রঃ কলাম কাস্টিং এর এ্যালাইনমেন্ট পর্যবেক্ষণ



চিত্রঃ শেয়ার ওয়াল পর্যবেক্ষণ



চিত্রঃ কলাম এর রেইনফোর্সমেন্ট কাটিং পর্যবেক্ষণ



চিত্রঃ কলামের টাই এর রেইনফোর্সমেন্ট এর স্পেসিং পর্যবেক্ষণ

বিধিমালা-মে ২০০৮ অনুযায়ী ভবনসমূহের সিঁড়ি নির্মাণের ক্ষেত্রে কোথাও কোথাও কিছু ব্যত্যয় হয়েছে। যেমন- ভবনসমূহের গ্রাউন্ড ফ্লোরের প্রবেশের ক্ষেত্রে যে সিঁড়ি রয়েছে তা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এ ধরনের একটি সিঁড়িতে যে ট্রেড ও রাইজার থাকা প্রয়োজন তা কোথাও কোথাও যথাযথ পাওয়া যায়নি। সিঁড়িতে ঢালাই পরবর্তীতে বিভিন্ন জায়গায় রেইনফোর্সমেন্ট কাটিং করা হয়নি। বহুতল ভবনের সিঁড়িতে অস্থায়ী রেলিং দেয়ার বিধান থাকলেও এক্ষেত্রে কোন রেলিং দেয়া হয়নি যার কারণে যে কোন মুহুর্তে বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। ভবনং নং-১৬ এর ১০ম তলায় ঢালাই কাজে যথাযথভাবে ভাইব্রেটর মেশিন ব্যবহার করা হয়নি ও সাঁটারিং যথাযথ না হওয়ার কারণে শেয়ারওয়ালে ঢালাই পরবর্তীতে রেইনফোর্সমেন্ট বের হয়ে আছে যা গ্রহণযোগ্য নয় বলে বিবেচিত হয়। এছাড়া দেখা যায় যে, প্লাস্টারিং করার সময় মসলা মিক্সড করে শ্রমিকগণ দুপুরের খাবারে চলে যায়, পরবর্তীতে যখন ১-২ ঘন্টার পর উক্ত প্লাস্টারিং করা হবে তখন প্লাস্টার কাজে ব্যবহৃত মসলার গুণগত মান নষ্ট হয়ে যাবে। যদি প্রায়ই এমন ঘটনা ঘটতে থাকে তাহলে প্লাস্টারিং এ মসলার গুণগত মান নষ্ট হওয়ার কারণে প্লাস্টার কিছু দিন পর খসে পরার সম্ভাবনা থেকে যাবে। ঢালাই পরবর্তীতে বীমে অনেক বেশিই হানিকম্ব দেখা গিয়েছে এবং তৎক্ষণাৎ কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। এছাড়াও ১৭ নং ভবনের শেয়ারওয়ালের ঢালাই এমন নিম্ন মানের হয়েছে যে, রেইনফোর্সমেন্ট বের হয়ে এসেছে।



চিত্রঃ ঢালাই পরবর্তীতে রেইনফোর্সমেন্ট বের হয়ে আছে



চিত্রঃ বীমের হানিকম্ব সম্পর্কিত



সরেজমিনে দেখা যায় যে, এ ধরনের বৃহৎ প্রকল্পের কর্ম-পরিবেশ এবং নিরাপত্তা যেমন থাকার দরকার ছিল তার যথেষ্ট অভাব রয়েছে অর্থাৎ কর্ম-পরিবেশ এবং নিরাপত্তা সন্তোষজনক নয়। দেখা যায় যে, নির্মাণ কাজে ঠিকাদার কর্তৃক শ্রমিকদের যথাযথ সুবুদ্ধির ব্যবস্থা রাখা হয়নি। সেফটি বেল্ট ছাড়া শ্রমিকরা কাজ করছে এবং রেইনফোর্সমেন্ট কাটিং, প্লাস্টারিং কাজে নিয়োজিত শ্রমিকদের হেলমেট, গ্লাবস ইত্যাদি সরবরাহ করা হয়নি। নির্মাণ কাজে লিফ্টে ঢালাই কাজে বাঁশ ও কাঠের সাঁটারিং ব্যবহার করা হচ্ছে যার জন্য ঢালাই পরবর্তীতে হানিকশ পরিলক্ষিত হয়েছে এবং যথাযথভাবে সাপোর্ট না দেয়ায় লিফ্টে উঁচু/নিচু দেখা গিয়েছে। ভবন নং-১৬ এর ১০ তম তলার ছাদের স্ল্যাবে দেখা যায় যে, ঢালাই পরবর্তীতে স্ল্যাবের সাঁটার খোলার পর স্ল্যাব সুখ হয়নি যেখানে উঁচু/নিচু দেখা গিয়েছে। এছাড়াও দেখা যায় যে, স্ল্যাবের উপর অনেকগুলো স্থগীকৃত আবর্জনা যা স্ল্যাবের জন্য ক্ষতিকারক ও ঝুঁকিপূর্ণ।



চিত্রঃ স্ল্যাব অসমতল



চিত্রঃ সেফটি বেল্ট, হেলমেট ব্যতীত কাজ করছে

চলমান কাজে ঢালাই পরবর্তীতে কিউরিং ঠিকভাবে করা হচ্ছেনা। যার কারণে ভবন নং-১৮ এর ১৪ তম তলার ছাদে, ১৭ নং ভবনের ১০ তম তলার ছাদে এবং ১৬ নং ভবনের ১৩ তম তলার ছাদে বহু স্থানে ১মিমি অপেক্ষা অধিক ফাঁকা/ফাটল দেখা গিয়েছে এর ফলে প্লাস্টারের মান দুর্বল হবে যা স্ট্রাকচারাল ক্র্যাক এর পর্যায়ে পরে। এ বিষয়ে দৃশ্যত কোন যথাযথ ব্যবস্থা নেয়া হয়নি শুধুমাত্র সিমেন্ট গ্রাউডিং করে কিছু জায়গাতে শুধু ক্র্যাক বন্ধ করে দেয়া হয়েছে যা স্ট্রাকচারের স্থায়ীত্বের জন্য কতটুকু গ্রহণযোগ্য তা প্রশ্ন থেকে যায়। ঢালাই কাজে কার্বন কোটিং, ফেরো সিমেন্ট এর এ্যান্ড্রিকেশন এই বিষয়গুলো প্রচলনের ক্ষেত্রে রাষ্ট্রীয়ভাবে এবং মন্ত্রণালয় থেকে উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।



চিত্রঃ ছাদের ফাটল সম্পর্কিত

এছাড়াও দেখা যায় যে, স্ল্যাব থেকে যথাযথভাবে স্টিলের সাঁটারগুলো অপসারণ করা হয়নি বুলন্ত অবস্থায় দেখা গিয়েছে। ১৬ নং ভবনের ৮-৯ তলায় দেখা যায় যে, সেফটি ক্যানোপির উপর লোহার তৈরি অনেক ভারি ভারি জিনিস/বস্তু যথাযথভাবে অপসারণ করা হয়নি। তাই চলমান কাজে যেন কোন দুর্ঘটনা না ঘটে সেই লক্ষ্যে কর্তৃপক্ষের আরও তদারকি বাড়ানো বলে মনে হয়েছে।



চিত্রঃ সেফটি ক্যানোপি এবং স্টিল সাঁটার অপসারণ সম্পর্কিত

### ৩.১৯ মোট বরাদ্দ ও বরাদ্দের পর্যায় পর্যালোচনা ও বিশ্লেষণ

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন “ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে ১৫টি ১৪ তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পটির আওতায় মূল ডিপিপি অনুযায়ী সর্বমোট ১৫৬০টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ করে স্বল্প ও মধ্যমে আয়ের জনগণের নিকট ফ্ল্যাটগুলো স্থায়ীভাবে বিক্রি করা হবে। ফ্ল্যাট বিক্রয়ের জন্য ২০১৭ সালে ১৫৬০ টি ফ্ল্যাটের জন্য ১ম পর্যায়ে বিজ্ঞাপন দেয়া হয়। ১৫৬০টি ফ্ল্যাটের অনুকূলে ১২৬১টি আবেদন জমা পরে এবং ১০৬০টি ফ্ল্যাটের বরাদ্দ দেয়া হয়। পরবর্তীতে ২য় পর্যায়ে ২০১৮ সালে পুনরায় অবরাদ্দকৃত ফ্ল্যাটের জন্য বিজ্ঞাপন দেয়া হয়। দেখা যায় যে, ২য় পর্যায়ে ফ্ল্যাটের জন্য আবেদন করেন ৬৬৪ জন এবং বরাদ্দ দেয়া হয় ৪০৫ জন। প্রকল্প অফিস এর কর্মকর্তাদের থেকে জানা যায় যে, মোট (১০৬০+৪০৫) ১৪৬৫ জনকে যে বরাদ্দ দেয়া হয় এর মধ্যে ২৬৮ জন বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি বিভিন্ন কারণ দেখিয়ে পরবর্তীতে ফ্ল্যাট নিতে অস্বীকার করেন এবং তাদের থেকে প্রসপেক্টাস অনুযায়ী জামানতকৃত টাকা থেকে ২% কর্তন করে তা বরাদ্দপ্রাপ্তগণদের বাকি টাকা ফেরত প্রদান করা হয়। ৩য় পর্যায়ে পুনরায় অবরাদ্দকৃত ৩৪৩টি ফ্ল্যাটের জন্য মার্চ-২০২১ তারিখে বিজ্ঞাপন দেয়া হয়েছে। প্রতিটি ফ্ল্যাটের বিপরীতে ১:৪ অনুপাতে আবেদন জমা পরেছে। কিন্তু এখন পর্যন্ত বরাদ্দ প্রদান করা হয়নি। নিম্নের সারণিতে বিস্তারিত দেয়া হলো-

ভবন নং	মোট ফ্ল্যাট সংখ্যা	বরাদ্দকৃত ফ্ল্যাট সংখ্যা	অবরাদ্দকৃত ফ্ল্যাট সংখ্যা যে গুলো বরাদ্দ প্রদান করা হবে
১	২	৩	৪
১১	১০৪	৯৩	১১
১২	১০৪	৮৫	১৯
১৩	১০৪	৭২	৩২
১৪	১০৪	৭৫	২৯
১৫	১০৪	৬৬	৩৮
১৬	১০৪	৭৯	২৫
১৭	১০৪	৯৪	১০

ভবন নং	মোট ফ্ল্যাট সংখ্যা	বরাদ্দকৃত ফ্ল্যাট সংখ্যা	অবরাদ্দকৃত ফ্ল্যাট সংখ্যা যে গুলো বরাদ্দ প্রদান করা হবে
১	২	৩	৪
১৮	১০৪	৯২	১২
১৯	১০৪	৯৩	১১
২০	১০৪	৮৭	১৭
২১	১০৪	৮৭	১৭
২২	১০৪	৮৫	১৯
২৩	১০৪	৮৪	২০
২৪	১০৪	৫০	৫৪
২৫	১০৪	৫৫	৪৯
মোট	১৫৬০	১১৯৭	৩৪৩

তথ্য সূত্রঃ প্রকল্প অফিস

### ৩.২০ ফ্ল্যাটের মূল্য ও কিস্তি পরিশোধ সংক্রান্ত পর্যালোচনা ও বিশ্লেষণ

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন “ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে ১৫টি ১৪ তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের আওতায় জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক ৩ পর্যায়ে ফ্ল্যাটের জন্য বিজ্ঞাপন বা প্রসপেক্টাস দেয়া হয়েছে। সমীক্ষাকালীন দেখা যায় যে, ৩ পর্যায়ে ফ্ল্যাটের জন্য নির্ধারিত মূল্য ও কিস্তি পরিশোধে ভিন্নতা রয়েছে। দেখা যায় যে, ১ম পর্যায়ে ১৫৪৫ বর্গফুট (কম/বেশি) আয়তনের ফ্ল্যাটের সাময়িক মূল্য ৭২,৯৫,০০০/- (কম-বেশি), ১৩৩৮ (কম/বেশি) আয়তনের ফ্ল্যাটের সাময়িক মূল্য ৬২,৮৭,০০/- (কম-বেশি) এবং ৮৭৮ আয়তনের ফ্ল্যাটের সাময়িক মূল্য ৩৯,৮৭,০০০/- (কম-বেশি) টাকা ধার্য করা হয়েছে। ২য় পর্যায়ে ফ্ল্যাটের মূল্য ১ম পর্যায়ের ন্যায় একই ছিল।

কিন্তু ৩য় পর্যায়ে এসে ১ম ও ২ পর্যায় থেকে ফ্ল্যাটের মূল্য বৃদ্ধি করে বিজ্ঞাপন দেয়া হয়েছে-যেমন- ১৫৪৫ বর্গফুট (কম/বেশি) আয়তনের ফ্ল্যাটের সাময়িক মূল্য ৮১,১১,০০০/- (কম-বেশি), ১৩৩৮ (কম/বেশি) আয়তনের ফ্ল্যাটের সাময়িক মূল্য ৬৯,৫৮,০০০/- (কম-বেশি) এবং ৮৭৮ আয়তনের ফ্ল্যাটের সাময়িক মূল্য ৪৪,৭৮,০০০/- (কম-বেশি) টাকা ধার্য করা হয়েছে। এ ক্ষেত্রে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের থেকে জানা যায় যে, প্রকল্পের নির্মাণ কাজ সম্পন্ন হওয়ার পর মূলত প্রকৃত ফ্ল্যাটের মূল্য নির্ধারণ করা হবে এবং প্রকৃত মূল্য অনুযায়ী ফ্ল্যাট মালিকগণকে মূল্য পরিশোধ করতে হবে এ ক্ষেত্রে ফ্ল্যাটের মূল্য কম/বেশি হতে পারে যেহেতু প্রসপেক্টাসে (কম/বেশি) উল্লেখ করা হয়েছে। বিস্তারিত নিম্নে দেয়া হলো-

পর্যায়	ফ্ল্যাটের আয়তন (বর্গফুট)	ফ্ল্যাটের মূল্য	ফ্ল্যাটের মূল্য পরিশোধের পর্যায় (কিস্তি মাধ্যম)
১	২	৩	৪
১ম পর্যায়	১৫৪৫	৭২,৯৫,০০০/-	৪ কিস্তি
	১৩৩৮	৬২,৮৭,০০/-	
	৮৭৮	৩৯,৮৭,০০০/-	
২য় পর্যায়	১৫৪৫	৭২,৯৫,০০০/-	৩ কিস্তি
	১৩৩৮	৬২,৮৭,০০/-	
	৮৭৮	৩৯,৮৭,০০০/-	
৩য় পর্যায়	১৫৪৫	৮১,১১,০০০/-	২ কিস্তি
	১৩৩৮	৬৯,৫৮,০০০/-	
	৮৭৮	৪৪,৭৮,০০০/-	

তথ্য সূত্রঃ প্রকল্প অফিস


### ৩.২১ প্রকল্পের আওতায় উপকারভোগীদের জরিপের ফলাফল পর্যালোচনা ও বিশ্লেষণ

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন “ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে ১৫টি ১৪ তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ সমীক্ষাকালীন কাঠামোগত প্রশ্নপত্রের মাধ্যমে প্রকল্পের আওতায় যারা বরাদ্দ পেয়েছেন (সুবিধাভোগী) তাদের থেকে সর্বমোট ৩১০ জন উত্তরদাতা থেকে তথ্য/উপাত্ত সংগ্রহ এবং তথ্য/উপাত্ত বিশ্লেষণ করা হয়েছে। আর্থ-সামাজিক অবস্থার ফলাফলসমূহ নিম্নে দেয়া হলো-

#### ৩.২১.১ আর্থ-সামাজিক তথ্যাদি

#### ৩.২১.২ উত্তরদাতাদের লিঙ্গ বিভাজন


কাঠামোগত প্রশ্নের মাধ্যমে যাদের থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে তন্মধ্যে নিম্নের চিত্র: ৩.২১.২ বিশ্লেষণে দেখা যায় যে, মোট উত্তরদাতাদের মধ্যে পুরুষের সংখ্যা নারীর চেয়ে অনেক বেশি। উপকারভোগী (বরাদ্দপ্রাপ্তগণ) ৩১০ জন উত্তরদাতাদের মধ্যে পুরুষ এবং নারীর অনুপাত ৯৩.৫৫%: ৬.৪৫%। নমুনা জরিপের উত্তরদাতাদের লিঙ্গাভিত্তিক বিস্তারিত বর্ণনা চিত্র-৩.২১.২ এ দেয়া হলো।



চিত্রঃ ৩.২১.২ উত্তরদাতাদের লিঙ্গ বিভাজন

#### ৩.২১.৩ উত্তরদাতাদের পেশা সম্পর্কিত মতামত

প্রকল্পের আওতায় যারা বরাদ্দ পেয়েছেন (সুবিধাভোগী) তাদের থেকে ৩১০ জন উত্তরদাতার পেশা সম্পর্কিত তথ্য সংগ্রহ করা হয়েছে। বিশ্লেষণে দেখা যায় যে, উত্তরদাতাদের মধ্যে সবচেয়ে বেশি ৪০.৩২% ব্যবসা করেন। এছাড়াও ৩৫.৪৮% উত্তরদাতা জানান তাঁরা বেসরকারি চাকুরি করেন, ১৪.৫২% উত্তরদাতা জানান সরকারি চাকুরি করেন এবং সবচেয়ে কম ৯.৬৮% উত্তরদাতা জানান তাঁরা প্রবাসী। বিস্তারিত নিম্নের চিত্র: ৩.২১.৩ দেয়া হলো-



চিত্র: ৩.২১.৩ উত্তরদাতাদের পেশা সম্পর্কিত মতামত

### ৩.২১.৪ উত্তরদাতাদের শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত মতামত

প্রকল্পের আওতায় যারা বরাদ্দ পেয়েছেন সর্বমোট ৩১০ জন উত্তরদাতার থেকে তথ্য সংগ্রহকালীন তাদের শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত তথ্য সংগ্রহ করা হয়েছে। সারণি ৩.২১.৪ বিশ্লেষণে দেখা যায় যে, যারা বরাদ্দ পেয়েছেন তাদের মধ্যে সবচেয়ে বেশি ৬১.৩০% উত্তরদাতা মাস্টার্স, ৩৭.১০% উত্তরদাতা স্নাতক এবং সবচেয়ে কম ১.৬০% উত্তরদাতা এইচএসসি/সমমান পাস। বিস্তারিত নিম্নের সারণি ৩.২১.৪ দেয়া হলো।

সারণি: ৩.২১.৪ শিক্ষাগত যোগ্যতার স্তর

নির্দেশক	সংখ্যা	শতকরা হার (%)
শিক্ষাগত যোগ্যতা		
১ম-৫ম শ্রেণী	০০	০০
৬ষ্ঠ-১০ম শ্রেণি	০০	০০
এসএসসি/সমমান	০০	০০
এইচএসসি/সমমান	৫	১.৬০
স্নাতক	১১৫	৩৭.১০
মাস্টার্স	১৯০	৬১.৩০
<b>মোট</b>	<b>৩১০</b>	<b>১০০</b>

### ৩.২১.৫ পরিবারের মোট সদস্য সংখ্যা সম্পর্কিত মতামত

সারণি ৩.২১.৫ বিশ্লেষণে দেখা যায় যে, প্রকল্পের আওতায় যারা যারা বরাদ্দ পেয়েছেন তাদের মধ্যে সবচেয়ে বেশি ৫৯.৫৮% উত্তরদাতা জানান তাদের পরিবারের সদস্য সংখ্যা ৪ জন, ৩৫.৮১% উত্তরদাতা জানান ৫ জন, ২.৯০% উত্তরদাতা জানান ৬জন বা অধিক এবং সবচেয়ে কম ১.৬১% উত্তরদাতা জানান তাদের পরিবারে সদস্য সংখ্যা মাত্র ২-৩ জন। বিস্তারিত নিম্নে সারণি ৩.২১.৫তে দেওয়া হলো-

সারণি: ৩.২১.৫ পরিবারের মোট সদস্য সংখ্যা

নির্দেশক	সংখ্যা	শতকরা হার (%)
২-৩ জন	৫	১.৬১
৪ জন	১৮৫	৫৯.৬৮
৫ জন	১১১	৩৫.৮১
৬ জন বা অধিক	৯	২.৯০
<b>মোট</b>	<b>৩১০</b>	<b>১০০</b>

### ৩.২১.৬ পরিবারের উপার্জনকারী সদস্য সংখ্যা সম্পর্কিত মতামত

সারণি ৩.২১.৬ বিশ্লেষণে দেখা যায় যে, প্রকল্পের আওতায় যারা যারা বরাদ্দ পেয়েছেন তাদের মধ্যে সবচেয়ে বেশি ৫৭.৭৪% উত্তরদাতা জানান তাদের পরিবারের উপার্জনকারী সদস্য সংখ্যা ২ জন, ৩৬.১৩% উত্তরদাতা জানান ১ জন, ৪.১৯% উত্তরদাতা জানান ৩ জন এবং সবচেয়ে কম ১.৯৪% উত্তরদাতা জানান তাদের পরিবারে ৩ জন বা এর বেশী উপার্জনকারী সদস্য সংখ্যা রয়েছে। বিস্তারিত নিম্নে সারণি ৩.২১.৬ তে দেওয়া হলো-


#### ৩.২১.৬ পরিবারের উপার্জনকারী সদস্য সংখ্যা

নির্দেশক	সংখ্যা	শতকরা হার (%)
পরিবারের উপার্জনকারী সদস্য সংখ্যা		
১ জন	১১২	৩৬.১৩
২ জন	১৭৯	৫৭.৭৪
৩ জন	১৩	৪.১৯
৩ জন/অধিক	৬	১.৯৪
মোট	৩১০	১০০

### ৩.২১.৭ পরিবারের উপার্জনকারী সদস্য সংখ্যা ১ জন এর অধিক হলে তাদের পেশা সম্পর্কিত মতামত

প্রকল্পের আওতায় যারা বরাদ্দ পেয়েছেন (সুবিধাভোগী) তাদের থেকে ৩১০ জন উত্তরদাতার পেশা সম্পর্কিত তথ্য সংগ্রহ করা হয়েছে তন্মধ্যে ১৯৮ জন উত্তরদাতা জানান তাদের পরিবারের উপার্জনকারী সদস্য সংখ্যা ১ এর অধিক। সারণি ৩.২১.৭ বিশ্লেষণে দেখা যায় যে, উত্তরদাতাদের মধ্যে সবচেয়ে বেশি ৫৪.৫৫% বেসরকারি চাকুরি করেন। এছাড়াও ২৮.২৮% সরকারি চাকুরি করেন, ৭.৫৭% ব্যবসা করেন, ৫.৫৬% প্রবাসী এবং সবচেয়ে কম ৪.০৪% রিটায়ার্ড করেছেন। বিস্তারিত নিম্নের সারণি ৩.২১.৭ দেয়া হলো-

নির্দেশক	সংখ্যা	শতকরা হার (%)
১ জন এর বেশি উপার্জনকারী সদস্য সংখ্যা		
বেসরকারি চাকুরি	১০৮	৫৪.৫৫
সরকারি চাকুরি	৫৬	২৮.২৮
রিটায়ার্ড	৮	৪.০৪
ব্যবসা	১৫	৭.৫৭
প্রবাসী	১১	৫.৫৬
মোট	১৯৮	১০০



চিত্র: পরিবারের ১ জন এর অধিক উপার্জনকারীদের পেশা সম্পর্কিত

### ৩.২১.৮ পরিবারের মোট মাসিক আয় সম্পর্কিত মতামত

জরিপকালীন সময়ে কাঠামোগত প্রশ্নপত্রের মাধ্যমে উত্তরদাতাদের পরিবারের মোট মাসিক আয় সম্পর্কে জানতে চাওয়া হয়। এ সময় উত্তরদাতাদের মধ্যে সবচেয়ে বেশি ৭১.২৯% জানান তাদের মাসিক মোট আয় ১-১.৫০ লক্ষ টাকা। এছাড়াও ১৫.১৬% উত্তরদাতা জানান তাদের মোট মাসিক আয় ২-২.২৫লাখ টাকা, ১১.২৯ উত্তরদাতা জানান ১ লক্ষ টাকার কম এবং সবচেয়ে কম ২.২৬% উত্তরদাতা জানান তাদের পরিবারের মাসিক আয় ২.৫-৩ লক্ষ টাকা। বিস্তারিত সারণি ৩.২১.৮ দেয়া হলো।

সারণি ৩.২১.৮ পরিবারের মোট মাসিক আয়

নির্দেশক	সংখ্যা	শতকরা হার (%)
মোট মাসিক আয়		
২.৫-৩ লাখ	৭	২.২৬
২-২.৫ লাখ	৪৭	১৫.১৬
১-১.৫০ লাখ	২২১	৭১.২৯
১ লাখ এর কম	৩৫	১১.২৯
মোট	৩১০	১০০

### ৩.২২ বরাদ্দ পাওয়া সংক্রান্ত তথ্যাদি

#### ৩.২২.১ প্রকল্পের আওতায় ফ্ল্যাট বরাদ্দের জন্য আবেদনের সাল সম্পর্কিত মতামত

সারণি ৩.২২.১ বিশ্লেষণে দেখা যায় যে, প্রকল্পের আওতায় সুবিধাভোগীদের সবচেয়ে বেশি ৮৫.১৬% উত্তরদাতা জানান তাঁরা ২০১৭ সালে ফ্ল্যাট বরাদ্দের জন্য আবেদন করেছেন এবং সবচেয়ে কম সংখ্যক ১৪.৮৪% উত্তরদাতা জানান তাঁরা ২০১৮ সালে ফ্ল্যাটের বরাদ্দের জন্য আবেদন করেছেন। বিস্তারিত নিম্নের সারণি ৩.২২.১ দেয়া হলো।

সারণি ৩.২২.১ ফ্ল্যাটের জন্য আবেদনের সাল

নির্দেশক	সংখ্যা	শতকরা হার (%)
আবেদনের সাল		
২০১৭	২৬৪	৮৫.১৬
২০১৮	৪৬	১৪.৮৪
মোট	৩১০	১০০

#### ৩.২২.২ যত বর্গফুটের ফ্ল্যাটের জন্য আবেদন করেছিলেন সে সম্পর্কিত মতামত

সারণি ৩.২২.২ বিশ্লেষণে দেখা যায় যে, প্রকল্পের আওতায় যারা বরাদ্দ পেয়েছেন তাদের মধ্যে সবচেয়ে বেশি ৯১.৯৪% উত্তরদাতা জানান তাঁরা ১৫৪৫ বর্গফুট ফ্ল্যাটের জন্য আবেদন করেছিলেন এবং ৮.০৬% উত্তরদাতা জানান তাঁরা ১৩৩৮ বর্গফুট ফ্ল্যাটের জন্য আবেদন করেছিলেন। বিস্তারিত নিম্নে সারণি ৩.২২.২ এ দেয়া হলো-

সারণি ৩.২২.২ যত বর্গফুট ফ্ল্যাটের জন্য আবেদন করেছিলেন

নির্দেশক	সংখ্যা	শতকরা হার (%)
১৫৪৫ বর্গফুট	২৮৫	৯১.৯৪
১৩৩৮	২৫	৮.০৬
মোট	৩১০	১০০

### ৩.২২.৩ আবেদনের সাথে জমাকৃত অর্থের পরিমাণ সম্পর্কিত মতামত

সারণি ৩.২২.৩ বিশ্লেষণে দেখা যায় যে, প্রকল্পের আওতায় যারা বরাদ্দ পেয়েছেন তাঁরা আবেদনের সময় সবচেয়ে বেশি ৯১.৯৪% উত্তরদাতা জানান তাঁরা ২৫০,০০০ (দুই লাখ পঞ্চাশ হাজার) টাকা আবেদনের সাথে জমা দেন এবং ৮.০৬% উত্তরদাতা জানান তাঁরা আবেদনের সাথে ২০০,০০০ (দুই লাখ) টাকা জমা দেন। বিস্তারিত নিম্নে সারণি ৩.২২.৩ এ দেয়া হলো-

সারণি ৩.২২.৩ আবেদনের সাথে জমাকৃত অর্থের পরিমাণ

নির্দেশক	সংখ্যা	শতকরা হার (%)
২৫০,০০০ টাকা	২৮৫	৯১.৯৪
২০০,০০০ টাকা	২৫	৮.০৬
মোট	৩১০	১০০

### ৩.২২.৪ প্রতি বর্গফুটে ফ্ল্যাটের মূল্য সম্পর্কিত মতামত

প্রকল্পের আওতায় যারা বরাদ্দ পেয়েছেন অর্থাৎ সুবিধাভোগী প্রত্যেকেই (১০০%) জানান যে, প্রসপেক্টাস অনুযায়ী প্রতি বর্গফুটে ৪,৭০০ টাকা মূল্য নির্ধারণ করা ছিল। বিস্তারিত নিম্নের সারণি ৩.২২.১ দেয়া হলো

সারণি ৩.২২.৪ প্রতি বর্গফুটে ফ্ল্যাটের মূল্য

নির্দেশক	সংখ্যা	শতকরা হার (%)
৪৭০০ টাকা	৩১০	১০০
মোট	৩১০	১০০

### ৩.২২.৫ পরবর্তীতে ফ্ল্যাটের মূল্য বৃদ্ধি পেয়েছে কিনা সে সম্পর্কিত মতামত

প্রকল্পের আওতায় যারা বরাদ্দ পেয়েছেন অর্থাৎ সুবিধাভোগী প্রত্যেকেই (১০০%) জানান যে, সমীক্ষাকালীন সময় পর্যন্ত মূল্য বৃদ্ধি হয়নি। বিস্তারিত নিম্নের সারণি ৩.২২.৫ দেয়া হলো

সারণি: ৩.২২.৫ ফ্ল্যাটের মূল্য বৃদ্ধি সম্পর্কিত

নির্দেশক	সংখ্যা	শতকরা হার (%)
হ্যাঁ	০০	০০
না	৩১০	১০০
মোট	৩১০	১০০

### ৩.২২.৬ যখন বরাদ্দ পেয়েছেন সে সম্পর্কিত মতামত

সারণি ৩.২২.৬ বিশ্লেষণে দেখা যায় যে, সমীক্ষাকালীন ৩১০ জন উত্তরদাতাদের মধ্যে সবচেয়ে বেশি ৮৫.১৬% উত্তরদাতা জানান তাঁরা ২০১৭ সালে বরাদ্দ পেয়েছেন এবং ১৪.৮৪% উত্তরদাতা জানান তাঁরা ২০১৮ সালে বরাদ্দ পেয়েছেন। বিস্তারিত নিম্নের সারণি ৩.২২.৬ এ দেয়া হলো-

সারণি: ৩.২২.৬ বরাদ্দের সাল

নির্দেশক	সংখ্যা	শতকরা হার (%)
২০১৭	২৬৪	৮৫.১৬
২০১৮	৪৬	১৪.৮৪
মোট	৩১০	১০০



### ৩.২২.৭ ফ্ল্যাট ক্রয় করতে যে ধরনের পদ্ধতি অবলম্বন করেছেন সে সম্পর্কিত মতামত

প্রকল্পের আওতায় যারা বরাদ্দ পেয়েছেন অর্থাৎ সুবিধাভোগী প্রত্যেকেই (১০০%) জানান কিস্তির মাধ্যমে তাঁরা ফ্ল্যাট ক্রয় করার পদ্ধতি অবলম্বন করেছেন। বিস্তারিত নিম্নের সারণি ৩.২২.৭ দেয়া হলো

সারণি-৩.২২.৭ ফ্ল্যাট ক্রয় করতে যে ধরনের পদ্ধতি অবলম্বন করেছেন

নির্দেশক	সংখ্যা	শতকরা হার (%)
এককালীন	০০	০০
কিস্তির মাধ্যমে	৩১০	১০০
মোট	৩১০	১০০

### ৩.২২.৮ কিস্তির মাধ্যমে হলে, কত % হারে সুদ প্রদান করতে হয় সে সম্পর্কিত মতামত


প্রকল্পের আওতায় যারা বরাদ্দ পেয়েছেন অর্থাৎ সুবিধাভোগী প্রত্যেকেই (১০০%) জানান ফ্ল্যাট মূল্যের ৯% হারে সুদ প্রদান করতে হয়। বিস্তারিত নিম্নের সারণি ৩.২২.৮ দেয়া হলো

সারণি: ৩.২২.৮ যত % করে সুদ প্রদান করতে হয়

নির্দেশক	সংখ্যা	শতকরা হার (%)
৯%	৩১০	১০০
১০%	০০	০০
১১%	০০	০
মোট	৩১০	১০০

### ৩.২২.৯ এ পর্যন্ত কত % অর্থ পরিশোধ করেছেন সে সম্পর্কিত মতামত

প্রকল্পের আওতায় যারা বরাদ্দ পেয়েছেন তাদের মধ্যে সবচেয়ে বেশি ৯৫.৪৮% উত্তরদাতা জানান তাঁরা ফ্ল্যাট মূল্যের ৫০% অর্থ পরিশোধ করেছেন এবং ৪.৫২% উত্তরদাতা জানান তাঁরা ফ্ল্যাট মূল্যের ৪০% অর্থ পরিশোধ করেছেন। বিস্তারিত নিম্নে চিত্র ৩.২২.৯ এ দেওয়া হলো-



চিত্র: ৩.২২.৯ যত % অর্থ পরিশোধ করেছেন

### ৩.২২.১০ ফ্ল্যাট বুঝে পেয়েছেন কিনা সে সম্পর্কিত মতামত

সমীক্ষাকালীন প্রকল্পের আওতায় যারা বরাদ্দ পেয়েছেন তাদের নিকট জানতে চাওয়া হয় নির্ধারিত সময়ে বরাদ্দপ্রাপ্ত ফ্ল্যাট বুঝে পেয়েছেন কিনা? উত্তরদাতাদের প্রত্যেকেই (১০০%) জানান যে, তাঁরা এখনো ফ্ল্যাট বুঝে পাননি। বিস্তারিত নিম্নের চিত্র: ৩.২২.১০ এ দেয়া হলো-



চিত্র: ৩.২২.১০ ফ্ল্যাট বুকে পেয়েছেন কিনা?

### ৩.২২.১১ ফ্ল্যাট বুকে না পাওয়ার কারণ সম্পর্কিত মতামত (একাধিক উত্তর)

নির্ধারিত সময়ের মধ্যে ফ্ল্যাট বুকে না পাওয়ার কারণ হিসেবে সারণি ৩.২২.১১ বিশ্লেষণে দেখা যায় যে, উত্তরদাতাদের প্রত্যেকেই (১০০%) জানান যে, নির্মাণ কাজের ধীরগতি এবং কর্তৃপক্ষের তদারকির অভাব রয়েছে। বিস্তারিত সারণি ৩.২২.১১ এ দেয়া হলো-

সারণি: ৩.২২.১১ ফ্ল্যাট বুকে না পাওয়ার কারণ

নির্দেশক	সংখ্যা	শতকরা হার (%)
নির্মাণ কাজ এর ধীরগতি	৩১০	১০০
কর্তৃপক্ষের তদারকির অভাব	৩১০	১০০

### ৩.২২.১২ ফ্ল্যাট বুকে না পাওয়া কোন ধরনের পদক্ষেপ নিয়েছে কি না সে সম্পর্কিত মতামত

সারণি ৩.২২.১২ বিশ্লেষণে দেখা যায় যে, প্রকল্পের আওতায় যারা বরাদ্দ পেয়েছেন তাদের মধ্যে সবচেয়ে বেশি ৯৬.১৩% উত্তরদাতা জানান তাঁরা কোন পদক্ষেপ গ্রহণ করেননি এবং সবচেয়ে কম ৩.৮৭% উত্তরদাতা জানান তাঁরা ফ্ল্যাট বুকে না পাওয়ার পদক্ষেপ গ্রহণ করেছেন। বিস্তারিত সারণি ৩.২২.১২ এ দেওয়া হলো-

সারণি: ৩.২২.১২ ফ্ল্যাট বুকে না পাওয়ায় পদক্ষেপ নিয়েছে কিনা?

নির্দেশক	সংখ্যা	শতকরা হার (%)
হ্যাঁ	১২	৩.৮৭
না	২৯৮	৯৬.১৩
মোট	৩১০	১০০

### ৩.২২.১৩ ফ্ল্যাট বুকে না পাওয়ায় যে ধরনের পদক্ষেপ গ্রহণ করেছেন সে সম্পর্কিত মতামত (একাধিক উত্তর)

সারণি ৩.২২.১৩ বিশ্লেষণে দেখা যায় যে, উত্তরদাতাদের প্রত্যেকেই (১০০%) জানান যে, ফ্ল্যাট বুকে না পাওয়ায় তাঁরা জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট লিখিতভাবে জানিয়েছেন। বিস্তারিত নিম্নের সারণি ৩.২২.১৩ এ দেয়া হলো-

সারণি: ৩.২২.১৩ যে ধরনের পদক্ষেপ গ্রহণ করেছেন

নির্দেশক	সংখ্যা	শতকরা হার (%)
গৃহায়ন কর্তৃপক্ষকে লিখিতভাবে জানানো হয়েছে	১২	১০০
মোট	১২	১০০

### ৩.২২.১৪ লিখিত অভিযোগের প্রেক্ষিতে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কোন ব্যবস্থা নিয়েছে কিনা সে সম্পর্কিত মতামত

সারণি ৩.২২.১৪ বিশ্লেষণে দেখা যায় যে, উত্তরদাতাদের প্রত্যেকেই (১০০%) জানান যে, ফ্ল্যাট বুকে না পাওয়ায় তাঁরা জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট লিখিতভাবে জানিয়েছেন উক্ত লিখিত অভিযোগের প্রেক্ষিতে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কোন ধরনের ব্যবস্থা গ্রহণ করেন নি।

সারণি: ৩.২২.১৪ লিখিত অভিযোগের প্রেক্ষিতে গৃহায়ন কর্তৃপক্ষ কোন ধরনের ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা

নির্দেশক	সংখ্যা	শতকরা হার (%)
হ্যাঁ	০০	০০
না	১২	১০০
মোট	১২	১০০

### ৩.২২.১৫ ফ্ল্যাট প্রাপ্তি বিলম্বের ফলে কতখানি আর্থিক ক্ষতির সম্মুখীন হচ্ছেন সে সম্পর্কিত মতামত

অনুমোদিত ডিপিপি অনুযায়ী মূল প্রকল্পের মেয়াদকাল ছিল জানুয়ারি-২০১৭-জুন-২০২০ পর্যন্ত। সমীক্ষাকালীন প্রকল্পের আওতায় যারা বরাদ্দ পেয়েছেন তাদের থেকে জানতে চাওয়া হয় নির্ধারিত সময়ের মধ্যে ফ্ল্যাট বুকে না পাওয়ায় তাঁরা আর্থিক ক্ষতিগ্রস্ত হচ্ছেন কিনা। সারণি ৩.২২.১৫ বিশ্লেষণে দেখা যায় যে, বরাদ্দপ্রাপ্তদের মধ্যে সবচেয়ে বেশি ৩৫.৮১% উত্তরদাতা জানান তাঁরা মাসিক ৩০,০০০-৩৫,০০০/- টাকা ক্ষতিগ্রস্ত হচ্ছেন, ৩২.৯০% উত্তরদাতা জানান তাঁরা মাসিক ৩৫,০০০-৪০,০০০/- টাকা ক্ষতিগ্রস্ত হচ্ছেন, ২৫.১৬% উত্তরদাতা জানান তাঁরা ২৫,০০০-৩০,০০০/- টাকা মাসিক ক্ষতিগ্রস্ত হচ্ছেন এবং সবচেয়ে কম সংখ্যক ৬.১৩% উত্তরদাতা জানান তাঁরা মাসিক ৪০,০০০/- টাকার উপরে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। বিস্তারিত নিম্নের সারণি ৩.২২.১৫ এ দেয়া হলো-

সারণি: আর্থিক ক্ষতি সম্পর্কিত মতামত

নির্দেশক	সংখ্যা	শতকরা হার (%)
২৫,০০০-৩০,০০০ টাকা	৭৮	২৫.১৬
৩০,০০০-৩৫,০০০ টাকা	১১১	৩৫.৮১
৩৫,০০০-৪০,০০০ টাকা	১০২	৩২.৯০
৪০,০০০ টাকার উপরে	১৯	৬.১৩
মোট	৩১০	১০০

### ৩.২২.১৬ ফ্ল্যাট প্রাপ্তি বিলম্বের ফলে আর্থিক ক্ষতি ছাড়াও যে ধরনের ক্ষতির সম্মুখীন হচ্ছেন সে সম্পর্কিত মতামত

সমীক্ষাকালীন প্রকল্পের আওতায় সুবিধাভোগীদের নিকট জানতে চাওয়া হয়, নির্ধারিত সময়ের মধ্যে ফ্ল্যাট বুকে না পাওয়ায় আর্থিক ক্ষতির পাশাপাশি আর কি কি ধরনের ক্ষতির সম্মুখীন হচ্ছেন। সারণি ৩.২২.১৬ বিশ্লেষণে দেখা যায় যে, উত্তরদাতাদের মধ্যে সবচেয়ে বেশি ৭২.৫৮% জানান, তাঁরা মানসিক সমস্যায় ভুগতেছে এবং সবচেয়ে কম ২৭.৪২% উত্তরদাতা জানান, তাঁরা বিভিন্ন সামাজিক ক্ষতির সম্মুখীন হচ্ছেন।

সারণি: ৩.২২.১৬ আর্থিক ক্ষতি ছাড়াও অন্যান্য ক্ষতি

নির্দেশক	সংখ্যা	শতকরা হার (%)
মানসিক সমস্যায় ভুগতেছি	২২৫	৭২.৫৮
সামাজিক ক্ষতির সম্মুখীন	৮৫	২৭.৪২
মোট	৩১০	১০০

### ৩.২৩ নির্মাণ কাজের গুণগত মান ও অন্যান্য বিষয়াদি সম্পর্কিত তথ্যাদি

প্রকল্পের আওতায় যারা বরাদ্দ পেয়েছেন তাদের মধ্যে ৩১০ জনের থেকে কাঠামোগত প্রশ্নপত্রের মাধ্যমে চলমান নির্মাণ কাজের গুণগতমান সম্পর্কে জানতে চাওয়া হয়। উত্তরদাতাদের বেশিরভাগই জানান নির্মাণ কাজ সম্পর্কে তাদের যথেষ্ট পরিমাণ ধারণা নেই তাঁরা মনে করেন যেহেতু সরকারি প্রকল্প তাই প্রকল্পের নির্মাণ কাজ গুণগতমান বজায় রেখেই হবে এটাই তাদের প্রত্যাশা। নির্মাণ কাজের গুণগতমান সম্পর্কিত তথ্যাদির ফলাফলসমূহ নিম্নে দেয়া হলো।

### ৩.২৩.২ কিভাবে গ্যাস সরবরাহ করা হবে সে সম্পর্কিত মতামত

সারণি ৩.২৩.২ বিশ্লেষণে দেখা যায় যে, উত্তরদাতাদের মধ্যে সবচেয়ে বেশি ৬৭.৪২% জানান, ভবনে কিভাবে গ্যাস সরবরাহ হবে সে সম্পর্কে তাদের জানা নেই এবং ৩২.৫৮% উত্তরদাতা জানান, এ সম্পর্কে কর্তৃপক্ষ ভাল জানেন যেহেতু প্রসপেক্টাসে বলা হয়েছে আধুনিক বাসস্থান তাই কর্তৃপক্ষই ভাল জানবেন। বিস্তারিত নিম্নের সারণি ৩.২৩.২ এ দেয়া হলো

নির্দেশক	সংখ্যা	শতকরা হার (%)
কর্তৃপক্ষ ভাল জানেন	১০১	৩২.৫৮
জানিনা	২০৯	৬৭.৪২
মোট	৩১০	১০০

### ৩.২৩.৩ ভবনে সোলার প্যানেলের কাজ অন্তর্ভুক্ত করা হয়েছে কিনা সে সম্পর্কিত মতামত


প্রকল্পের আওতায় যারা বরাদ্দ পেয়েছেন তন্মধ্যে ৩১০ জনের কাছে ভবনে সোলার প্যানেলে অন্তর্ভুক্ত করা হবে কিনা এ ব্যাপারে জানতে চাওয়া হলে তাদের মধ্যে সবচেয়ে বেশি ৯৫.১৬% উত্তরদাতা জানান এ ব্যাপারে তাদের জানা নেই এবং খুবই অল্প সংখ্যক ৪.৮৪% উত্তরদাতা জানান ভবনে সোলার প্যানেল অন্তর্ভুক্ত করা হবে। বিস্তারিত নিম্নের সারণি ৩.২৩.৩ এ দেয়া হলো-

### ৩.২৩.৩ ভবনে সোলার প্যানেল অন্তর্ভুক্ত হবে কিনা সে সম্পর্কিত মতামত

নির্দেশক	সংখ্যা	শতকরা হার (%)
হ্যাঁ	১৫	৪.৮৪
না	০০	০০
জানিনা	২৯৫	৯৫.১৬
মোট	৩১০	১০০

### ৩.২৩.৪ Arboriculture কি খরনের হলে টেকসই হবে? এ ব্যাপারে আপনার মতামত প্রদান করুন।

চিত্র: ৩.২৩.৪ বিশ্লেষণে দেখা যায় যে, প্রকল্পের আওতায় কিভাবে Arboriculture করা হলে টেকসই হবে এ সম্পর্কে উত্তরদাতাদের মধ্যে সবচেয়ে বেশি ৮১.৯৪% উত্তরদাতা জানান এ ব্যাপারে কর্তৃপক্ষ ভাল জানেন এবং ১৮.০৬% উত্তরদাতা জানান এ ব্যাপারে খরনা নেই। বিস্তারিত নিম্নের চিত্র: ৩.২৩.৪ এ দেয়া হলো-



চিত্র: ৩.২৩.৪ Arboriculture সম্পর্কিত

### ৩.২৩.৫ ভবনে বৃষ্টির পানি সংরক্ষণাগার (Rain Water Harvesting) অন্তর্ভুক্ত করা হয়েছে কি?

সারণি ৩.২৩.৫ বিশ্লেষণে দেখা যায় যে, প্রকল্পের আওতায় ভবনে বৃষ্টির পানি সংরক্ষণাগার (Rain Water Harvesting) ব্যবস্থা কেমন হলে ভাল হবে এ সম্পর্কে উত্তরদাতাদের প্রত্যেকেই (১০০%) জানান এ ব্যাপারে তাদের জানা নেই।

সারণি: ৩.২৩.৫ বৃষ্টির পানি সংরক্ষণাগার (Rain Water Harvesting) সম্পর্কিত

নির্দেশক	সংখ্যা	শতকরা হার (%)
হ্যাঁ	০০	০০
না	০০	০০
জানিনা	৩১০	১০০
মোট	৩১০	১০০

### ৩.২৩.৬ প্রকল্প এলাকায় Solid Waste Management (বর্জ্য নিষ্কাশন ব্যবস্থা) ব্যাপারে আপনার মতামত ব্যক্ত করুন।

প্রকল্পের আওতায় যারা বরাদ্দ পেয়েছেন তন্মধ্যে ৩১০ জনের কাছে প্রকল্প এলাকায় Solid Waste Management (বর্জ্য নিষ্কাশন ব্যবস্থা) এ ব্যাপারে জানতে চাওয়া হলে তাদের মধ্যে সবচেয়ে বেশি ৯২.৫৮% উত্তরদাতা জানান নির্দিষ্ট একটি স্থান নির্বাচন করলে ভাল এবং খুবই অল্প সংখ্যক ৭.৪২% উত্তরদাতা জানান কর্তৃপক্ষ এ ব্যাপারে যে সিদ্ধান্ত নেন। বিস্তারিত নিম্নের সারণি ৩.২৩.৬ এ দেয়া হলো

সারণি: ৩.২৩.৬ Solid Waste Management (বর্জ্য নিষ্কাশন ব্যবস্থা) সম্পর্কিত

নির্দেশক	সংখ্যা	শতকরা হার (%)
নির্দিষ্ট একটি স্থান নির্বাচন	২৮৭	৯২.৫৮
কর্তৃপক্ষ কর্তৃক এ ব্যাপারে যে সিদ্ধান্ত নেন	২৩	৭.৪২
মোট	৩১০	১০০

### ৩.২৩.৭ ভবনে ওয়াটার সাপ্লাই এবং স্যানিটেশন (Water Supply and Sanitation) এর কাজ কিভাবে হলে ভাল হতো বলে মনে করেন?


সারণি ৩.২৩.৭ বিশ্লেষণে দেখা যায় যে, প্রকল্পের আওতায় ওয়াটার সাপ্লাই এবং স্যানিটেশন (Water Supply and Sanitation) এর কাজ কিভাবে কেমন হলে ভাল হবে এ সম্পর্কে উত্তরদাতাদের প্রত্যেকেই (১০০%) জানান ডিজাইন অনুযায়ী হলেই তাঁরা সন্তুষ্ট। বিস্তারিত নিম্নের সারণি ৩.২৩.৭ এ দেয়া হলো

সারণি: ৩.২৩.৭ ওয়াটার সাপ্লাই এবং স্যানিটেশন (Water Supply and Sanitation) সম্পর্কিত

নির্দেশক	সংখ্যা	শতকরা হার (%)
ডিজাইন অনুযায়ী যেন হয়	৩১০	১০০
মোট	৩১০	১০০

### ৩.২৩.৮ চলমান নির্মাণ কাজের গুণগত মান কেমন বলে মনে হয় সে সম্পর্কিত মতামত

প্রকল্পের আওতায় যারা বরাদ্দ পেয়েছেন তন্মধ্যে ৩১০ জনের কাছে প্রকল্প এলাকায় চলমান নির্মাণ কাজের গুণগত মান সম্পর্কে জানতে চাওয়া হলে উত্তরদাতাদের মধ্যে সবচেয়ে বেশি ৭৪.১৯% জানান চলমান কাজের গুণগত মান মোটামুটি, ২০.৯৭% উত্তরদাতা জানান তাদের নির্মাণ কাজে সম্পর্কে জানা নেই এবং সবচেয়ে কম সংখ্যক ৪.৮৪% উত্তরদাতা জানান চলমান কাজের গুণগত মান ভাল। বিস্তারিত নিম্নের চিত্র: ৩.২৩.৮ এ দেয়া হলো-



চিত্র: ৩.২৩.৮ নির্মাণ কাজের গুণগত মান সম্পর্কিত

### ৩.২৩.৯ নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন সম্পর্কে মতামত সম্পর্কিত

প্রকল্পের চলমান কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য বরাদ্দপ্রাপ্তদের নিকট জানতে চাওয়া হলে, তাদের মধ্যে সবচেয়ে বেশি ৮৯.৩৫% জানান চলমান কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে মনিটরিং/তদারকি বৃদ্ধি করা প্রয়োজন এবং ১০.৬৫% উত্তরদাতা জানান কর্তৃপক্ষ কর্তৃক দ্রুত নির্মাণ কাজ সম্পন্নের জন্য ঠিকাদারকে সময় নির্ধারণ করে দেয়া প্রয়োজন। বিস্তারিত নিম্নের সারণি ৩.২৩.৯ এ দেয়া হলো-

সারণি: ৩.২৩.৯ নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত

নির্দেশক	সংখ্যা	শতকরা হার (%)
মনিটরিং/তদারকি বৃদ্ধি করতে হবে	২৭৭	৮৯.৩৫
কর্তৃপক্ষ কর্তৃক দ্রুত নির্মাণ কাজ সম্পন্নের জন্য ঠিকাদারকে সময় নির্ধারণ করে দেয়া	৩৩	১০.৬৫
মোট	৩১০	১০০

### ৩.২৪ বরাদ্দপ্রাপ্তগণ নির্ধারিত সময়ে ফ্ল্যাট বুকে না পাওয়ায় আর্থিক ক্ষতি পর্যালোচনা ও বিশ্লেষণ

সারণি ৩.২৪.১ বিশ্লেষণে দেখা যায় যে, প্রসপেক্টাস অনুযায়ী ১৫৪৫ বর্গফুটের বর্তমান মূল্য ৭২,৯৪,৬৭১.১৫ টাকা থাকলেও ডিপিপি অনুযায়ী ফ্ল্যাট হস্তান্তরের পর অর্থাৎ ১৬ বছরে ৯% সুদসহ ১৫৪৫ বর্গফুটের ফ্ল্যাটের মূল্য ৯৮.৯৯ লক্ষ টাকা। প্রকল্পের আওতায় বরাদ্দপ্রাপ্তগণদের জানানো হয়েছিল ফ্ল্যাট মূল্যের ৫০% অর্থ পরিশোধ করার পর তঁরা ফ্ল্যাট বুকে পাবেন। এ পর্যন্ত বরাদ্দ প্রাপ্তগণ প্রায় সকলেই ফ্ল্যাট মূল্যের ৫০% অর্থ পরিশোধ করেছেন কিন্তু তঁরা ফ্ল্যাট বুকে পাননি। এ হিসেবে দেখা যায় যে, নির্দিষ্ট সময়ে ফ্ল্যাট বুকে না পাওয়ায় বরাদ্দপ্রাপ্তগণ প্রতি বছর ৯% সুদ হিসেবে ১৫৪৫ বর্গফুটের ফ্ল্যাটে প্রতি বছর ৩.২৭ লক্ষ টাকার ক্ষতির সম্মুখীন হবেন। বিস্তারিত নিম্নের সারণি ৩.২৪.১ এ দেয়া হলো-

সারণি: ৩.২৪.১ ফ্ল্যাটের মূল্য ও সুবিধাভোগীদের বছরভিত্তিক আর্থিক ক্ষতি

ফ্ল্যাটের আয়তন (বর্গফুট)	ডিপিপি অনুযায়ী ফ্ল্যাটের সর্বমোট মূল্য (৯% সুদ সহ) লক্ষ টাকা	প্রতি বর্গফুটে ফ্ল্যাটের বর্তমান মূল্য	ফ্ল্যাটের বর্তমান মূল্য (লক্ষ টাকা)	সুবিধাভোগীদের থেকে এ পর্যন্ত অর্থ-পরিশোধ (৫০%) লক্ষ টাকা	নির্দিষ্ট সময়ে ফ্ল্যাট বুকে না পাওয়ায় প্রতি বছর ক্ষতি হবে (৯% সুদসহ) লক্ষ টাকা
১৫৪৫	৯৮.৯৯	৪,৭০৪/-	৭২.৬৮	৩৬.৩৪	৩.২৭
১৩৩৮	৮৫.৩১	৪,৬৮১/-	৬২.৬৪	৩১.৩২	২.৮২
৮৭৮	৫৪.১০	৪,৫২৪/-	৩৯.৭২	১৯.৮৬	১.৭৯

উৎসঃ ডিপিপি (পৃষ্ঠা-২৩,২৪,২৫)

### ৩.২৫ কেআইআই হতে প্রাপ্ত তথ্য ও ফলাফল বিশ্লেষণ

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন কর্মকর্তাদের থেকে (প্রকল্প পরিচালক, নির্বাহী প্রকৌশলী (সিভিল), নির্বাহী প্রকৌশলী (ইলেক্ট্রিক্যাল), উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), উপ-বিভাগীয় প্রকৌশলী (ইলেক্ট্রিক্যাল), সহকারী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এবং প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাদের সাথে আধা-কাঠামোগত প্রশ্নমালার মাধ্যমে ১৫টি KII বা নিবিড় সাক্ষাৎকার গ্রহণ করা হয়েছে। নিবিড় সাক্ষাৎকার থেকে প্রাপ্ত তথ্যগুলো নিম্নে সংক্ষেপে তুলে ধরা হলো-



চিত্রঃ ৩.২১.১ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে নিবিড় আলোচনা

#### ফলাফলসমূহ:

- নিবিড় সাক্ষাৎকারে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা মতামত প্রকাশ করেন যে, পণ্য ও কাজ ক্রয় ডিপিপি এবং সরকারি ক্রয় আইন/নীতিমালা (পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮) অনুযায়ী সম্পন্ন করা হচ্ছে/হয়েছে। ক্রয় প্রক্রিয়ায় কাজ ক্রয়ের ক্ষেত্রে ওটিএম (ওপেন টেন্ডার মেথোড) অনুসরণ করা হয়েছে এবং পণ্য ক্রয়ের ক্ষেত্রে ডিপিএম পদ্ধতি অনুসরণ করা হয়েছে।
- কর্মকর্তাগণ জানান যে, ২০১৬-২০১৭ অর্থ বছরে ডিসেম্বর/জানুয়ারি মাসের মধ্যে বিভিন্ন সময়ে প্রকল্পের অন্তর্ভুক্ত ১৪ তলা বিশিষ্ট ১৫টি ভবনের দরপত্র আহ্বান করা হয়। বিভিন্ন পর্যায়ের প্রক্রিয়াকরণের মধ্য দিয়ে ২০১৭ সালের ফেব্রুয়ারী মাসের মধ্যে সবকটি ভবনের NOA প্রদান করা হয়। NOA প্রদানের প্রায় ২-৩ মাস পর ঠিকাদার প্রতিষ্ঠান নির্মাণ কাজ শুরু করেন।
- প্রকল্পের নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্নের ব্যাপারে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা মতামত প্রকাশ করেন যে, ১৯ নং ভবনের জন্য পুনরায় দরপত্র আহ্বানের প্রস্তুতি চলছে। প্রকল্প এলাকায় মাটি ভরাটের জন্য ঠিকাদারকে জানানো হয়েছে যেন দ্রুত ভূমি উন্নয়নের কাজ সম্পন্ন হয় এবং মাটি কম্পেকশনের পরপরই রাস্তা বা অন্যান্য কাজ শুরু করা হবে। এছাড়াও স্যানিটারি ড্রইং এবং সীমানা প্রাচীর এর এন্টিমেট এর জন্য স্থাপত্য অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তরকে অবগত করা হয়েছে। স্থাপত্য অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তর থেকে উক্ত ড্রইং এবং এন্টিমেট পাওয়া গেলেই কাজ শুরু করা হবে বলে জানানো হয়।
- প্রকল্পের কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন না হওয়ার ব্যাপারে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা মতামত প্রকাশ করেন যে, প্রকল্প অঞ্চল অধিকতর নিচু হওয়ার কারণে প্রায় ১০-১৫ ফুট আর্থ-ফিলিং করে মাটি ভরাট করে তারপর নির্মাণ কাজ শুরু করতে হয়েছে যার কারণে প্রায় ৪-৫ মাস সময় অতিবাহিত হয়েছে। এছাড়াও প্রকল্প এলাকায় ৮-১০ হাজার পরিবার ছিল যাদের উচ্ছেদ করে ভূমি দখল করতে প্রায় ৩-৪ মাস সময় অতিবাহিত হয়েছে এবং প্রকল্প এলাকায় প্রায় ৩ একর এর উপরে জায়গা জুড়ে সেনাবিহীনদের রেডি-মিস্কার প্ল্যান্ট থাকার কারণে তাদেরকে প্রকল্প এলাকা থেকে সরাতে প্রায় ৩-৪ মাস সময় অতিবাহিত হয়েছে।

- প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা আরও জানান যে, স্থাপত্য অধিদপ্তর এবং গণপূর্ত অধিদপ্তর কর্তৃক সময়মত ড্রইং/ডিজাইন প্রাপ্তিতে দেরি হয়েছে। এছাড়া একই ঠিকাদার প্রতিষ্ঠান ৫টি ভবনের (১৫, ১৬, ১৭, ২৪ ও ২৫) কাজ পাওয়ার কারণে তাদের কাজের অগ্রগতি খুবই কম এবং তাদেরকে বার বার কাজ সম্পন্ন করার জন্য বলা হলেও তাদের থেকে তেমন কোন ভাল অগ্রগতি পাওয়া যাচ্ছে না। যার কারণে উক্ত ৫টি ভবনেরই শুল্ক অগ্রগতি কম এবং বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (Covid-19) এর কারণে প্রায় ৫-৬ মাস কাজ বন্ধ ছিল। এ কারণে প্রকল্পের কাজ অনেকটা ব্যহত হয়েছে বলে জানা যায়।
- প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান যে, ১৯ নং ভবনের ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক ৫০০টি প্রি-কাস্ট পাইল করার কথা ছিল এর মধ্যে ঠিকাদার মাত্র ২৯২টি প্রি-কাস্ট পাইলিং এর কাস্টিং করার পর তাদের অভ্যন্তরীণ সমস্যাজনিত কারণে কাজ বন্ধ রাখে। এমতাবস্থায় জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক ঠিকাদার প্রতিষ্ঠানকে সঠিক সময়ে কাজ সম্পন্ন না করতে পারলে জরিমানা আদায় করা হবে বলে জানানো হয়। পরবর্তীতে ঠিকাদার প্রতিষ্ঠান কাজ না করায়, ঠিকাদার প্রতিষ্ঠান যে পর্যন্ত কাজ করেছে সে অনুযায়ী ১০% Security money বাবদ প্রায় ১৯ লক্ষ টাকা এবং পারফরম্যান্স সুরক্ষা বাবদ ৩ কোটি টাকা জরিমানা আদায় করা হয়। বর্তমানে কাজ বন্ধ আছে এবং পুনরায় দরপত্র আহবান করা হবে।
- প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট প্রকল্পের টেকসইকরণ পরিকল্পনা (sustainability Plan) সম্পর্কে জানতে চাওয়া হলে, প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা মতামত প্রকাশ করেন যে, প্রস্তাবিত আরডিপিপি'তে সংস্থান অনুযায়ী প্রকল্প এলাকায় আধুনিক সুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট, ওয়াটার ট্রিটম্যান্ট প্ল্যান্টসহ নির্মাণ কাজ সম্পন্ন হলে টেকসই আরবরিকালচার করা হবে।

### ৩.২৫.১ ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে নিবিড় আলোচনার ফলাফল

প্রকল্প সংশ্লিষ্ট ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তাদের সাথে আধা-কাঠামোগত প্রশ্নমালার মাধ্যমে ৬টি KII বা নিবিড় সাক্ষাৎকার গ্রহণ করা হয়েছে। নিবিড় সাক্ষাৎকার থেকে প্রাপ্ত তথ্যগুলো নিম্নে সংক্ষেপে তুলে ধরা হলো-

- ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ জানান যে, ২০১৭ সালের ফেব্রুয়ারী মাসের মধ্যে তাঁরা ভবনের NOA পায়। কিন্তু NOA পাওয়ার পর প্রায় ২-৩ মাস পর নির্মাণ কাজ শুরু করেন।
- ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তারা মতামত প্রকাশ করেন যে, প্রকল্প অঞ্চল নিচু হওয়ার কারণে প্রায় ১০-১৫ ফুট আর্থ-ফিলিং করে মাটি ভরাট করে তারপর নির্মাণ কাজ শুরু করতে হয়েছে যার কারণে প্রায় ৪-৫ মাস সময় অতিবাহিত হয়েছে। এছাড়াও জানান যে, প্রকল্পের পাশ্ববর্তী নতুন রাস্তার কাজ চলমান থাকায় রেইনফোর্সমেন্ট, সিমেন্ট ও পাথরের ট্র্যাকগুলো প্রকল্প এলাকায় প্রবেশ করতে পারেনা। যার কারণে, পাথর, সিমেন্ট ছোট ছোট ভ্যান/ট্রলি দিয়ে প্রকল্প এলাকায় প্রবেশ করাতে হয়। যার কারণে নির্মাণ কাজে কিছুটা বিলম্ব হচ্ছে বলে জানানো হয়।
- নির্মাণ কাজে প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োগ দিয়েছে কিনা এ ব্যাপারে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা মতামত প্রকাশ করেন যে, তাঁরা পর্যাপ্ত পরিমাণে জনবল নিয়োগ দিয়েছে। তবে করোনা সময় জনবল কিছুটা ঘাটতি ছিল বলে জানানো হয়।
- নির্মাণ কাজের ধীরগতির বিষয়ে মতামত প্রকাশ করেন যে, বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (Covid-19) এর কারণে প্রায় ৫-৬ মাস কাজ বন্ধ ছিল, কার্যাদেশের পর সাইট প্রাপ্তিতে ২-৩ মাস দেরি হয়েছে এছাড়াও জানান যে, অনেক সময় ড্রইং/ডিজাইন প্রাপ্তিতে দেরি হয়েছে। বর্তমানে ভূমি উন্নয়নের কাজ শুরু করা হচ্ছে খুব শীঘ্রই শেষ হবে বলে জানানো হয়।

### ৩.২৬ দলীয় আলোচনা হতে প্রাপ্ত তথ্যের ফলাফল বিশ্লেষণ

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নধীন “ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে ১৫ টি ১৪ তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের সমীক্ষা দল কর্তৃক প্রকল্প এলাকায় ৩টি এফজিডি/আলোচনা সভা পরিচালিত হয়। দলীয় আলোচনায় প্রকল্পের আওতায় বরাদ্দপ্রাপ্তগণ,



স্থানীয় সমাজ সেবক, শিক্ষাবিদ এবং গণ্যমান্য ব্যক্তিবর্গ দলীয় আলোচনায় অংশগ্রহণ করেন। দলীয় আলোচনার ফলাফল নিম্নে দেয়া হলো-



চিত্রঃ ৩.২২.১ দলীয় আলোচনা

#### দলীয় আলোচনা হতে প্রাপ্ত ফলাফলসমূহ:

- প্রকল্পের আওতায় যারা বরাদ্দ পেয়েছেন সভায় উপস্থিত সকলেই মতামত প্রকাশ করেন যে, নির্মাণ কাজের ধীরগতি এবং নির্দিষ্ট সময়ে ফ্ল্যাট বুঝে না পাওয়ায় তারা মাসিক ন্যূনতম ৩৫-৪০ হাজার টাকা ক্ষতিগ্রস্ত হচ্ছেন। এ হিসেবে দেখা যায় যে, মূল প্রকল্প জুন-২০২০ শেষ হওয়ার কথা ছিল সে ক্ষেত্রে তাঁরা প্রত্যেকে জুন-২০২০ এর পর ন্যূনতম ২৮০,০০০-৩২০,০০০ টাকা ক্ষতির সম্মুখীন হয়েছেন/হচ্ছেন। এছাড়াও সামাজিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন বলে জানান।
- এছাড়াও উপস্থিত বরাদ্দপ্রাপ্তগণ মতামত প্রকাশ করেন যে, কোন বেসরকারি বিল্ডার্স কোম্পানি কর্তৃক ফ্ল্যাট ক্রয় করা হলে যদি উক্ত কোম্পানি নির্দিষ্ট সময়ে ফ্ল্যাট বুঝিয়ে না দিতে পারে তাহলে ফ্ল্যাট মালিকদের মাসিক ক্ষতিপূরণ দিয়ে যায়। কিন্তু এই প্রকল্পে সেই ধরনের কোন ব্যবস্থা নেই তবে যদি তাঁরা কিস্তি দিতে বিলম্ব করে সেই ক্ষেত্রে তাদের থেকে সুদের হার বারিয়ে কিস্তির টাকা আদায় করা হবে বলে জানানো হয়।
- সভায় উপস্থিত প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান যে, প্রকল্প অঞ্চল অধিকতর নিচু হওয়ার কারণে প্রায় ১০-১৫ ফুট আর্থ-ফিলিং করে মাটি ভরাট করে তারপর নির্মাণ কাজ শুরু করতে হয়েছে যার কারণে প্রায় ৪-৫ মাস সময় অতিবাহিত হয়েছে। এছাড়াও প্রকল্প এলাকায় ৮-১০ হাজার পরিবার ছিল যাদের উচ্ছেদ করে ভূমি দখল করতে প্রায় ৩-৪ মাস সময় অতিবাহিত হয়েছে এবং প্রকল্প এলাকায় প্রায় ৩ একর এর উপরে জায়গা জুড়ে সেনাবিহীনদের রেডি-মিস্তার প্ল্যান্ট থাকার কারণে তাদেরকে প্রকল্প এলাকা থেকে সরাতে প্রায় ৩-৪ মাস সময় অতিবাহিত হয়েছে।
- সভায় উপস্থিত প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা আরও জানান যে, স্থাপত্য অধিদপ্তর এবং গণপূর্ত অধিদপ্তর কর্তৃক সময়মত ড্রইং/ডিজাইন প্রাপ্তিতে দেরি হয়েছে। এছাড়া একই ঠিকাদার প্রতিষ্ঠান ৫টি ভবনের (১৫,১৬,১৭,২৪ ও ২৫) কাজ পাওয়ার কারণে উক্ত ৫টি ভবনেরই শুল্ক অগ্রগতি কম। বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (Covid-19) এর কারণে প্রায় ৫-৬ মাস কাজ বন্ধ ছিল। এ কারণে প্রকল্পের কাজ অনেকটা ব্যহত হয়েছে বলে জানানো হয়।
- প্রকল্পের নির্মাণ কাজের গুণগত মান সম্পর্কে জানতে চাওয়া হলে সভায় উপস্থিত বরাদ্দপ্রাপ্তগণ মতামত প্রকাশ করেন যে, ভাল ব্র্যান্ডের রেইনফোর্সমেন্ট দেয়ার কথা ছিল কিন্তু বাস্তবে ASBRMসহ অন্যান্য ব্র্যান্ডের রেইনফোর্সমেন্ট ব্যবহার করা হয়েছে। তাছাড়া নির্মাণ কাজের গুণগত মান সম্পর্কে তাদের তেমন কোন অভিজ্ঞতা নেই। সভায় উপস্থিত সকলেই বলেন, যেহেতু সরকারের প্রকল্প তাই নির্মাণ কাজের গুণগতমান ভাল হবে এটাই

তঁরা আশা রাখেন। সভায় উপস্থিত প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান যে, রেইনফোর্সমেন্টের ব্র্যান্ডগুলো গণপূর্ত অধিদপ্তরের রোট শিডিউলে উল্লেখ রয়েছে যার জন্য নির্মাণ কাজে ব্যবহারে কোন সমস্যা নেই।

- সভায় উপস্থিত বরাদ্দপ্রাপ্তগণের সকলেই মতামত প্রকাশ করেন যে, ১৫৬০টি আবাসিক ফ্ল্যাট হবে কিন্তু প্রকল্পের আওতায় মাত্র ২ তলা বিশিষ্ট মসজিদ নির্মাণ করা হবে যাতে জায়গায় সংকুলান/ঘাটতি দেখা দিবে। এ ব্যাপারে যেন যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হয় সে ব্যাপারে তঁরা মতামত প্রকাশ করেন।
- প্রকল্পের আওতায় নিচু ভূমি হওয়ার কারণে বর্তমানে বৃষ্টির কারণে মাঝে মাঝে জলাবদ্ধতা সৃষ্টি হয় বলে উপস্থিত বরাদ্দপ্রাপ্তগণের সকলেই জানান। তবে ভবিষ্যতে মাটি ভরাটের কাজ সম্পন্ন হলে, প্রকল্প এলাকায় জলাবদ্ধতা সৃষ্টি হবে কি না সে ব্যাপারে তঁরা অবগত নয়। এ ব্যাপারে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা মতামত প্রকাশ করেন যে, মাটি ভরাট করার ফলে প্রকল্প অঞ্চল আর নিচু থাকবেনা আর সেই সময় জলাবদ্ধতা হওয়ারও সম্ভাবনা থাকবেনা।
- সভায় উপস্থিত প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান যে, প্রকল্পের বৃহৎ কাজের স্বার্থে কাউকে নিজস্ব ফ্ল্যাটে টাইলস লাগানোর কাজে অনুমোতি দেয়া হচ্ছে না কারণ এই মুহূর্তে বাহিরের লোক প্রবেশ করলে চলমান কাজে বিঘ্ন ঘটানোর সম্ভাবনা রয়েছে এবং কাজের গতি কমে যাবে-উদাহরণস্বরূপ স্বপ্ননগর-১ এ এই সমস্যা জনিত কারণে ১ বছর প্রকল্পের কাজ পিছিয়ে যায় বলে জানানো হয়। সে জন্য আপাতত প্রকল্প এলাকায় বাহিরের থেকে শ্রমিক প্রবেশ করতে দেয়া হবে না। তবে নির্মাণ কাজ শেষে ভবন হস্তান্তর এর পরে ফ্ল্যাট মালিকগণ নিজস্ব চাহিদামত যা ইচ্ছে করতে পারবেন বলে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা মতামত প্রকাশ করেন।
- প্রকল্পের আওতায় গ্যাস সরবরাহ কিভাবে হবে এবং কোথা থেকে ভবনে গ্যাস সরবরাহ হবে এ ব্যাপারে বরাদ্দপ্রাপ্তগণের কারো জানা নেই বলে মতামত প্রকাশ করেন। তঁরা জানান, যেহেতু সরকারের প্রকল্প আর বলা হয়েছে আধুনিক ভবন নির্মাণ করা হবে এ কারণে এর দায়-দায়িত্ব জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ নিবেন এবং ফ্ল্যাট মালিকদের অবগত করবেন বলে আশা ব্যক্ত করেন।
- সভায় উপস্থিত বরাদ্দপ্রাপ্তগণের সকলেই মতামত প্রকাশ করেন যে, তঁরা যদি কখনো কোন কারণে প্রকল্প সম্পর্কে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অফিস কিংবা কোন কর্মকর্তার নিকট তথ্য নেয়ার জন্য যায় সে ক্ষেত্রে গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক কোন সাহায্য সহযোগিতা পাচ্ছেন না।
- প্রকল্পের আওতায় যারা বরাদ্দ পেয়েছেন সভায় উপস্থিত সকলেই মতামত প্রকাশ করেন যে, প্রতিটি ভবনে প্রায় ১০০টির ওপরে ফ্ল্যাট কিন্তু Car Parking করা যাবে ৮০টি যা কম বলে অবহিত করেন এবং জানান যে, তাহলে বাকি ফ্ল্যাটের মালিকগণ কিভাবে তাদের গাড়ি পার্কিং করবে সে ব্যাপারে যেন কর্তৃপক্ষ যথাযথ উদ্যোগ গ্রহণ করেন।
- সভায় উপস্থিত বরাদ্দপ্রাপ্তগণের সকলেই জানান যে, প্রকল্পের আওতায় Solid waste management Plant কিভাবে হবে এ সম্পর্কে তাদের ধারণা নেই তবে কর্তৃপক্ষ যেন এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ গ্রহণ করেন, না হলে, ভবিষ্যতে ১৫৬০টি ফ্ল্যাটে বসবাসরত পরিবারের আবর্জনা নিষ্কাশন জটিল আকার ধারণ করবে বলে মতামত প্রকাশ করা হয়।
- বর্তমানে প্রকল্পের কাজ নির্দিষ্ট সময়ে এবং গুণগত মান বাজায় রেখে কাজ সম্পন্নে সভায় উপস্থিত বরাদ্দপ্রাপ্তগণের সকলেই মতামত প্রকাশ করেন যে, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এবং মন্ত্রণালয়ের মনিটরিং ও তদারকি বাড়ানো দরকার।
- সভায় উপস্থিত প্রকল্প এলাকার স্থানীয় জনগণ ও গণ্যমান্য ব্যক্তিবর্গ মতামত প্রকাশ করেন যে, স্বপ্ন-নগর-১ ও স্বপ্ন-নগর-২ মিলিয়ে প্রকল্প এলাকায় হাজার হাজার মানুষের বসবাস তৈরি হবে। প্রকল্প এলাকায় উন্নত শপিংমল, উন্নত খাবার হোটেলসহ অন্যান্য সুযোগ সুবিধা বৃদ্ধি পাবে এতে এলাকার স্থায়ী জনগণের কিছু কর্মসংস্থান সৃষ্টি হবে বলে মতামত প্রকাশ করেন।

## স্থানীয় পর্যায়ে মতবিনিময় কর্মশালার ফলাফল পর্যালোচনা

### ৩.২৭ স্থানীয় পর্যায়ে মতবিনিময় কর্মশালার কার্যবিবরণীঃ

গত ২০ এপ্রিল ২০২১ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন “ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে ১৫টি ১৪ তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার নিমিত্ত স্থানীয় পর্যায়ের কর্মশালা অনলাইন “ZOOM ভিডিও কনফারেন্সের” মাধ্যমে মতবিনিময় কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মোঃ মইনুল হক আনছারী, প্রকল্প পরিচালক, “ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে ১৫টি ১৪ তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্প। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ১। জনাব মোঃ পূবন আখতার, সহকারী পরিচালক (সিনিয়র সহকারী সচিব) পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৭, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় এবং ২। বিজয় কুমার মন্ডল, সদস্য, পরিকল্পনা, নকশা, বিশেষ প্রকল্প, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।

কর্মশালায় সভাপতিত্ব করেন জনাব এস এম নাজিম উদ্দিন, পরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৭, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। সভায় সঞ্চালক হিসেবে উপস্থিত ছিলেন, ড. অশোক কুমার ঘোষ, সমীক্ষা টিম লিডার, “ঢাকার মিরপুরস্থ ৯নং সেকশনে ১৫টি ১৪ তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্প। এছাড়াও উক্ত সভায় উপস্থিত ছিলেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী, উপ-বিভাগীয় প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ ও প্রকল্পের আওতায় সুবিধাভোগী যারা ফ্ল্যাট বরাদ্দ পেয়েছেন এবং ঠিকাদার সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সভায় উপস্থিত ছিলেন।

সভাপতি মহোদয়ের স্বাগত বক্তব্যের মাধ্যমে কর্মশালার কার্যক্রম শুরু হয়। সভার শুরুতে পরামর্শক সংস্থা ইউনিকনসাল্ট ইন্টারন্যাশনাল লিঃ এর টিম লিডার প্রফেসর ড. অশোক কুমার ঘোষ চলমান নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন এর মাধ্যমে প্রকল্প সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা দেন এবং পরামর্শক সংস্থা কর্তৃক নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা কার্যক্রমের উপর গৃহীত বিভিন্ন কার্যাবলীর বর্ণনা দেন। পরবর্তীতে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কর্মশালায় উপস্থিত সদস্যবৃন্দের কাছ থেকে প্রকল্প সংশ্লিষ্ট মতামত ও প্রশ্ন আহবান করা হয় এবং উক্ত কর্মশালা থেকে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নোক্ত ফলাফলসমূহ তুলে ধরা হলোঃ

### ফলাফলসমূহঃ

- প্রথমেই প্রকল্পের আওতায় যারা বরাদ্দ পেয়েছেন কিন্তু এখনো ফ্ল্যাট বুকে পাননি তাঁরা জানান যে, ডিসেম্বর-২০২০ তারিখের মধ্যে তাদেরকে ফ্ল্যাট হস্তান্তর করার কথা ছিল কিন্তু নির্ধারিত সময় অতিবাহিত হওয়ার পরেও তাদেরকে ফ্ল্যাট বুঝিয়ে দেয়া হয়নি এবং যে সমস্ত ভবনে ফ্ল্যাট বরাদ্দ পেয়েছেন উক্ত ভবনগুলোর কাজ এখনও সম্পন্ন হয়নি। এমতাবস্থায় তাঁরা অনেকটাই অনিশ্চিত কবে নাগাদ প্রকল্পের কাজ শেষ হবে এবং কবে নাগাদ ফ্ল্যাট বুকে পাবেন। নির্ধারিত সময়ের মধ্যে ফ্ল্যাট বুকে না পাওয়ায় আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন।
- সভায় উপস্থিত সুবিধাভোগীরা আরও জানান যে, যেহেতু আধুনিক আবাসনের ব্যবস্থা করা হবে কিন্তু নির্মাণাধীন প্রতিটি ভবনে ১০৪টি ফ্ল্যাটের অনুকূলে ৮২টি Car Parking এর ব্যবস্থা রাখা হয়েছে এবং উক্ত ৮২টি Car Parking এ লটারির মাধ্যমে ফ্ল্যাট মালিকদের দেয়া হলেও এখনও লটারি করা হয়নি তাই প্রকল্পের কোন খালি জায়গায় Car Parking এর ব্যবস্থা করা যায় কিনা এ ব্যাপারে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণের জন্য মতামত প্রকাশ করা হয়।
- সভায় উপস্থিত বরাদ্দপ্রাপ্তগণ মতামত প্রকাশ করেন যে, তাদের পরিবারের ছেলে-মেয়েদের লেখাপড়া এবং আধুনিক ও স্বাস্থ্যসম্মত আবাসন নিশ্চিত না করতে পারায় সামাজিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। এছাড়াও ফ্ল্যাট পেতে বেশি দীর্ঘসূত্রিতা ঘটলে মানসিকভাবেও ক্ষতিগ্রস্ত হবেন বলে সভায় জানানো হয়।
- সভায় অংশগ্রহণকারী বরাদ্দপ্রাপ্তগণ আরও জানান যে, অন্যান্য ডেভেলপারদের তুলনায় বর্তমান প্রকল্পের নির্মাণাধীন ফ্ল্যাটের মূল্য এমনিতেই কিছুটা বেশি তাই ভবিষ্যতে যেন ফ্ল্যাটের মূল্য বৃদ্ধি না পায় সে দিকে যেন

কর্তৃপক্ষ যথাযথ দৃষ্টিপাত করেন। এছাড়াও নির্মাণ কাজের মালামাল (ইট, বালি, সিমেন্ট, রেইনফোর্সমেন্ট ইত্যাদি) এর গুণগত মান বজায় রেখে যেন দ্রুত এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের যাবতীয় কাজ সম্পন্ন করার লক্ষ্য কর্তৃপক্ষের তদারকি যেন বৃদ্ধি করা হয়।

- সভায় উপস্থিত প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান যে, পণ্য ও কাজ ক্রয় ডিপিপি এবং সরকারি ক্রয় আইন/নীতিমালা (পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮) অনুযায়ী সম্পন্ন করা হচ্ছে/হয়েছে। ক্রয় প্রক্রিয়ায় কাজ ক্রয়ের ক্ষেত্রে ওটিএম (ওপেন টেন্ডার মেথোড) অনুসরণ করা হয়েছে এবং পণ্য ক্রয়ের ক্ষেত্রে ডিপিএম পদ্ধতি অনুসরণ করা হয়েছে।
- প্রকল্পের নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন বিষয়ে সভায় উপস্থিত প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা প্রকাশ করেন যে, ১৯ নং ভবনের জন্য পুনরায় দরপত্র আহবানের প্রস্তুতি চলছে। প্রকল্প এলাকায় মাটি ভরাটের জন্য ঠিকাদারকে জানানো হয়েছে যেন দ্রুত ভূমি উন্নয়নের কাজ সম্পন্ন হয় এবং মাটি কম্পেকশনের পরপরই রাস্তা বা অন্যান্য কাজ শুরু করা হবে। এছাড়াও স্যানিটারি ড্রইং এবং সীমানা প্রাচীর এর এন্টিমেট এর জন্য স্থাপত্য অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তরকে অবগত করা হয়েছে। স্থাপত্য অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তর থেকে উক্ত ড্রইং এবং এন্টিমেট পাওয়া গেলেই কাজ শুরু করা হবে বলে জানানো হয়।
- প্রকল্পের কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন না হওয়ার ব্যাপারে সভায় উপস্থিত প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা মতামত প্রকাশ করেন যে, প্রকল্প অঞ্চল নিচু হওয়ার কারণে প্রায় ১০-১৫ ফুট আর্থ-ফিলিং করে মাটি ভরাট করে তারপর নির্মাণ কাজ শুরু করতে হয়েছে যার কারণে প্রায় ৪-৫ মাস সময় অতিবাহিত হয়েছে। এছাড়াও প্রকল্প এলাকায় ৮-১০ হাজার পরিবার ছিল যাদের উচ্ছেদ করে ভূমি দখল করতে প্রায় ৩-৪ মাস সময় অতিবাহিত হয়েছে এবং প্রকল্প এলাকায় প্রায় ৩ একর এর উপরে জায়গা জুড়ে সেনাবিহীনদের রেডি-মিস্সার প্ল্যান্ট থাকার কারণে তাদেরকে প্রকল্প এলাকা থেকে সরাতে প্রায় ৩-৪ মাস সময় অতিবাহিত হয়েছে এবং বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (Covid-19) এর কারণে প্রায় ৫-৬ মাস কাজ বন্ধ ছিল। এ কারণে প্রকল্পের কাজ অনেকটা ব্যহত হয়েছে।
- সভায় উপস্থিত প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান যে, প্রস্তাবিত আরডিপিপি'তে সংস্থান অনুযায়ী প্রকল্প এলাকায় আধুনিক সুর্যরেজ ড্রিটমেন্ট প্ল্যান্ট, ওয়াটার ড্রিটম্যান্ট প্ল্যান্টসহ নির্মাণ কাজ সম্পন্ন হলে টেকসই আরবরিকালচার করা হবে। এছাড়াও আগামি জুন/জুলাই/আগস্ট-২০২২ (সম্ভাব্য) তারিখের মধ্যে বরাদ্দপ্রাপ্তদের ফ্ল্যাট বুঝিয়ে দেয়া হবে বলে মতামত প্রকাশ করেন।
- সভায় উপস্থিত প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা মতামত প্রকাশ করেন যে, চলমান কাজের গুণগত মান বজায় রেখে কাজ করা হচ্ছে। তবে কিছু ক্ষেত্রে ব্যত্যয় ঘটলেও পরবর্তীতে তা সংশোধনের ব্যবস্থা নেয়া হচ্ছে বলে সভায় জানানো হয়।
- সবশেষে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান যে, যেহেতু আরডিপিপি প্রস্তুত করা হচ্ছে তাই এই অবস্থায় বলা যাচ্ছে না প্রকল্পের ফ্ল্যাটের নির্ধারিত মূল্য কম/বেশি হবে কিনা। তবে আরডিপিপি প্রস্তুতকালীন কিছু নতুন জিনিস সংযোজন এবং ডিপিপি থেকে কিছু জিনিস বিয়োজন করে আরডিপিপি প্রস্তুত করা হবে। এক্ষেত্রে আরডিপিপি প্রস্তুতকালীন সময়ে আইএমইডি কর্তৃক পরামর্শক প্রতিষ্ঠানের সুপারিশগুলো বাস্তব করার ব্যাপারে মতামত প্রকাশ করা হয়।
- সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় পুনরায় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

### ৩.২৮ প্রকল্প টেকসইকরণ পরিকল্পনা

প্রকল্পের ভৌত অগ্রগতি গড়ে ৫৫% যা খুবই কম এবং নির্ধারিত সময়ে (ডিসেম্বর-২০২১ প্রস্তাবিত) প্রকল্পের নির্মাণ কাজ সম্পন্ন হবে না বলে ধারণা করা যায়। ভবন নং- ১৫, ১৬, ১৭, ২৪ ও ২৫ এর ভৌত অগ্রগতি খুবই কম এবং ১৯ নং ভবনের পাইলিং এর কাজ এখনো শেষ হয়নি পুনরায় পুনঃদরপত্র আহবান কার্যক্রম চলামন। উক্ত ০৬টি ভবনের কাজ দ্রুত এবং নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে বাস্তবমুখী কর্ম-পরিকল্পনা প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ের অনুমোদন নিয়ে কাজ করা আবশ্যিক। তবে বাকি ০৯টি ভবনের মূল স্ট্রাকচার সম্পন্নসহ ফিনিশিং কাজ চলমান রয়েছে। এমতাবস্থায় বাকি ০৯টি ভবনের ইলেক্ট্রিক্যাল কাজসহ অন্যান্য কাজ দ্রুত সম্পন্ন করে প্রকল্পের আওতায় যারা ফ্ল্যাট বরাদ্দ পেয়েছেন তাদেরকে ফ্ল্যাটের বাস্তব দখল অনতিবিলম্বে বুঝিয়ে দিতে হবে। এতে করে ভুক্তভোগী ব্যক্তিগণের আর্থিক সুরক্ষা নিশ্চিত হবে ও প্রকল্পের লক্ষ্য বাস্তবায়িত হবে। যথোপযুক্ত প্রচারণার মাধ্যমে অবরাদ্দকৃত ফ্ল্যাটগুলো অতি দ্রুত বরাদ্দ প্রদান করতে হবে এবং যথাসময়ে বাস্তব দখল বুঝিয়ে দিতে হবে।

প্রকল্পের আওতায় ১৫৬০ পরিবারের ফেকাল স্লাজ ম্যানেজমেন্ট (FSM) ভবিষ্যতে একটি সমস্যার কারণ হতে পারে। টেকসই পরিবেশ রক্ষার্থে শুরুর্তেই যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। যথাযথ আরবরিকালচার সুনিশ্চিত করতে হবে যা প্রকল্প এলাকায় একটি মনোরম পরিবেশ তৈরি করতে সাহায্য করবে। প্রকল্প এলাকায় ১৫৬০ পরিবারে গড়ে ৫ জন সদস্য থাকলে প্রকল্প এলাকার জনসংখ্যা ৭,৮০০ জনের কাছাকাছি হবে। ঢাকা শহরে দৈনিক জনপ্রতি ০.৫৫ কেজি বর্জ্য উৎপন্ন হয়। সেই অনুযায়ী প্রকল্প এলাকা হতে দৈনিক ৪,২৯০ কেজি বর্জ্য উৎপন্ন হবে যার আনুমানিক ৫০% অর্থাৎ ২,১৪৫ কেজি জৈব বর্জ্য। যেহেতু আধুনিক বর্জ্য নিষ্কাশন ব্যবস্থার জন্য প্রস্তাবিত আরডিপিপি'তে সংস্থান রয়েছে তাই সঠিক বর্জ্য ব্যবস্থাপনার প্রতি যথাযথ গুরুত্ব আরোপ করতে হবে।

এছাড়াও প্রকল্প অঞ্চল নিঁচু হওয়ায় অভ্যন্তরীণ ড্রেনগুলো যথাযথভাবে নির্মাণ করতে হবে যেন ড্রেনে পানি/আবর্জনা জমে না থাকে এবং প্রকল্প বাস্তবায়ন হবার পর প্রকল্প এলাকার (১৪.৪০ একর) বেশীরভাগ অংশ দ্বারা বৃষ্টির পানি ভূ-গর্ভে অনুপ্রবেশ করতে পারবেনা। জলাবদ্ধতা এড়ানোর জন্য বৃষ্টির পানি নিষ্কাশনের ব্যবস্থা পর্যাাপ্ত কিনা সে অনুযায়ী সঠিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

প্রকল্পের আওতায় প্রতি ভবনে ১০৪টি ফ্ল্যাটের বিপরীতে ৮২টি Car Parking এর ব্যবস্থা রাখা হয়েছে যা কম বলে মনে হয়েছে। গত ০৭/০৬/২০১৮ তারিখের পিআইসি কমিটি সভার সিদ্ধান্তে আরডিপিপি প্রণয়নকালীন প্রকল্পের আওতায় ১টি ১২তলা কমিউনিটি কাম ক্লাব হাউস ভবন নির্মাণের সংস্থান রেখে ডিপিপি সংশোধন করতে বলা হয়েছে। উক্ত পিআইসি সভার সিদ্ধান্তের আলোকে কমিউনিটি কাম ক্লাব হাউসের নীচ তলা ও বেইজমেন্ট এ Car Parking এর ব্যবস্থা রাখা যায় কিনা সে বিষয়ে কর্তৃপক্ষের যথাযথ পরিকল্পনা প্রণয়ন করা দরকার। কারণ, ১০৪-৮২= ২২ সুতরাং ১৫টি ভবনে ১৫x২২=৩৩০টি পরিবারের ভবিষ্যতে Car Parking নিয়ে প্রকল্প এলাকায় সমস্যা সৃষ্টি হতে পারে। তাই Car Parking বিষয়টি অতিব জরুরি মনে করে আরডিপিপি প্রস্তুত করা প্রয়োজন।

## চতুর্থ অধ্যায়

### প্রকল্পের SWOT বিশ্লেষণ

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন “ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে ১৫টি ১৪ তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ সমীক্ষাকালীন কাঠামোগত প্রশ্নপত্রের মাধ্যমে প্রকল্পের আওতায় সুবিধাভোগীদের থেকে তথ্য সংগ্রহ, আধা-কাঠামোগত প্রশ্নপত্রের মাধ্যমে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে নিবিড় আলোচনা, দলীয় মুক্ত আলোচনা (এফজিডি), সরজমিনে নির্মাণ কাজের গুণগত মান পর্যবেক্ষণ, ক্রয় কার্যক্রম পর্যালোচনা, অডিট সংক্রান্ত নথি/রেকর্ডসমূহ পর্যালোচনা, পিআইসি ও পিএসসি সভার সিদ্ধান্তসমূহ পর্যালোচনাসহ, এডিপি’তে অর্থ বরাদ্দ, অর্থ-ছাড় ও প্রকৃত ব্যয় সম্পর্কিত তথ্য পর্যালোচনা এবং স্থানীয় কর্মশালা হতে প্রাপ্ত তথ্যের মাধ্যমে প্রকল্পের সবল ও দুর্বলদিক, সম্ভাবনা ও ঝুঁকিসমূহ নির্ণয় করা হয়েছে। প্রকল্পের সবল দিক (Strength), দুর্বলদিক (Weakness), সুযোগ (Opportunity) এবং ঝুঁকিসমূহের (Threat) পর্যালোচনা নিম্নে দেওয়া হলো-

#### সবলদিক (Strength)

- ১) প্রকল্প বাস্তবায়নের জন্য ডিপিপি’তে প্রয়োজনীয় অর্থের সংস্থান;
- ২) এডিপি’তে যথাসময়ে প্রয়োজনীয় অর্থ-বরাদ্দ ও যথাসময়ে অর্থ-ছাড়;
- ৩) স্বল্প পরিমাণ জমিতে ঢাকা শহরে পরিকল্পিতভাবে তীব্র আবাসন সমস্যা সমাধানের উদ্যোগ;
- ৪) স্বল্প ও মধ্যম আয়ের জনগণকে স্থায়ীভাবে উন্নত বাসস্থানসহ উন্নত নাগরিক সুবিধা প্রদান।

#### দুর্বলদিক (Weakness)

- ১) নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের নির্মাণ কাজ সম্পন্ন করতে না পারা এবং ঘন ঘন সময় বৃদ্ধি করা;
- ২) যথাসময়ে ভূমি দখল এবং ভূমি উন্নয়নের কাজ সম্পন্ন করতে না পারা;
- ৩) ঠিকাদার প্রতিষ্ঠানকে যথাসময়ে সাইট হস্তান্তর করতে না পারা;
- ৪) প্রকল্পের বেইজলাইন সার্ভে ও প্রকল্পের সম্ভাব্যতা যাচাই না করা;
- ৫) ডিপিপি সংশোধন ব্যাতিত প্রকল্পের আওতায় সংস্থানকৃত অর্থের তুলনায় অধিকতর বেশি অর্থ খরচ করা;
- ৬) প্রকল্পের পরিবেশগত ছাড়পত্র (IEE and EIA) না থাকা;
- ৭) প্রকল্পের আওতায় যারা বরাদ্দ পেয়েছেন তাদেরকে যথাসময়ে ফ্ল্যাটের বাস্তব দখল বুঝিয়ে দিতে না পারা;
- ৮) ৩ পর্যায়ে বিজ্ঞাপন দিয়েও নির্ধারিত সময়ের মধ্যে সবগুলো ফ্ল্যাটের বরাদ্দ প্রদান করতে না পারা;
- ৯) বছর ভিত্তিক কর্ম-পরিকল্পনা তৈরি পূর্বক মন্ত্রণালয়ের অনুমোদন না নেওয়া;
- ১০) ডিপিপি ও পরিপত্র অনুযায়ী নিয়মিত পিআইসি ও পিএসসি সভার আয়োজন করতে না পারা;
- ১১) প্রকল্পের মেয়াদ নির্ধারণ করার জন্য CPM/PERT অথবা অন্য কোন পদ্ধতি অনুসরণ না করা এবং
- ১২) প্রকল্প বাস্তবায়নে আইএমইডি কর্তৃক প্রকল্প পরিদর্শনের সুপারিশগুলো যথাযথভাবে পালন না করা।

#### সুযোগ (Opportunity)

- ১) টেকসই উন্নয়ন অভীষ্ট “২০৩০ এজেন্ডা” – ১১ “অন্তর্ভুক্তিমূলক, নিরাপদ, অভিঘাত সহনশীল এবং টেকসই নগর ও জনবসতি গড়ে তোলা” বাস্তবায়নের সুযোগ রয়েছে;
- ২) ফ্ল্যাটের বাস্তব দখল বুঝিয়ে দিয়ে সরকারের বিপুল পরিমাণ রাজস্ব আয় বৃদ্ধিতে সহায়ক হওয়ার সুযোগ রয়েছে;
- ৩) সাশ্রয়ী মূল্যে স্থায়ীভাবে ফ্ল্যাট ক্রয়ের জন্য স্বল্প ও মধ্যম আয়ের জনগণের সুযোগ রয়েছে;
- ৪) যথাযথ আর্থবোরিকালচার এর মাধ্যমে সবুজ ও টেকসই পরিবেশ তৈরি করার সুযোগ রয়েছে;
- ৫) পরিবেশবান্ধব ও টেকসই বর্জ্য ব্যবস্থাপনা পদ্ধতি প্রণয়নের মাধ্যমে উন্নত পরিবেশ তৈরি করার সুযোগ রয়েছে;
- ৬) স্বল্প ও মধ্যম আয়ের লোকদের উন্নত সামাজিক পরিবেশ নিশ্চিত করার সুযোগ রয়েছে।

## ঝুঁকি (Threat)

১. প্রকল্পের আওতায় বরাদ্দপ্রাপ্ত ফ্ল্যাট মালিকদের যথাসময়ে ফ্ল্যাটের বাস্তব দখল বুলিয়ে দিতে ব্যর্থ হলে সরকার বিপুল পরিমাণ রাজস্ব আয় থেকে বঞ্চিত হবে;
২. প্রকল্পের আওতায় ১৫৬০ পরিবারের ফেকাল স্লাজ ম্যানেজমেন্ট (FSM) ভবিষ্যতে একটি সমস্যার কারণ হতে পারে;
৩. প্রকল্পের প্রতিটি ভবনের ভূ-গর্ভস্থ জলাধার খুব গভীর হবে, যা পরিষ্কার করা কঠিন এবং ভবিষ্যতে সংরক্ষিত পানি দূষণের সম্ভাবনা রয়েছে এবং উক্ত পানি ব্যবহারের অনুপযোগী হয়ে যেতে পারে;
৪. নির্মাণ কাজের ধীরগতি, ভবিষ্যতে ফ্ল্যাটের মূল্য বৃদ্ধি ইত্যাদি কারণে বরাদ্দপ্রাপ্তগণ যথাসময়ে ফ্ল্যাটের বাস্তব দখল বুঝে না পেলে মহামান্য আদালতে রিট-পিটিশনের সম্ভাবনা থাকবে এতে নির্মাণ কাজে বিঘ্ন এবং অবরাদ্দকৃত ফ্ল্যাট বরাদ্দপ্রদানে হুমকি হতে পারে।

## পঞ্চম অধ্যায়

### পর্যবেক্ষণ

#### ৫.১ সমীক্ষালব্ধ পর্যবেক্ষণ

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার অন্যতম উদ্দেশ্য হচ্ছে প্রকল্পের আওতায় সকল কর্মকান্ড যথাযথভাবে বাস্তবায়ন হচ্ছে কিনা তা যাচাই করা। এছাড়াও প্রকল্পের আওতায় সম্পাদিত ক্রয় কার্যক্রম, বার্ষিক কর্ম-পরিকল্পনা, অবকাঠামোসমূহ রক্ষণাবেক্ষণ ব্যবস্থা, নির্মাণ কাজে ব্যবহৃত নির্মাণ সামগ্রীর গুণগত মান, প্রকল্পের আওতায় প্রধান প্রধান কাজগুলোর কার্যকারিতা, প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা বিশ্লেষণ, অনুমোদিত ডিপিপি, ড্রইং বা নকশা অনুযায়ী প্রকল্পের নির্মাণ কাজ চলমান রয়েছে কিনা ইত্যাদি বিষয় পর্যবেক্ষণ, পর্যালোচনা ও বিশ্লেষণ করে সুপারিশ প্রণয়ন করা। নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার প্রাপ্ত ফলাফলসমূহ নিম্নে উল্লেখ করা হলো-

#### ৫.২ এডিপি'তে অর্থ-বরাদ্দ, অর্থ-ছাড় ও প্রকৃত ব্যয় বিভাজন পর্যবেক্ষণ

১. প্রকল্পের কর্ম-পরিকল্পনা অনুযায়ী অর্থ-বছরভিত্তিক ডিপিপি'তে যে প্রাক্কলন ব্যয় ধরা হয়েছে তার থেকে অনেক কম এডিপি'তে বরাদ্দ হয়েছে।
২. বিগত বছরগুলোতে প্রকল্পের অনুকূলে এডিপিতে অর্থ-বরাদ্দ এবং অর্থ-ছাড়ে কোন সমস্যা হয়নি।
৩. মে-২০২১ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ৩৯,৪০০.৬১ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ৪২.০৯%।

#### ৫.৩ ডিপিপি পর্যবেক্ষণ

১. প্রকল্পটি নেয়ার সময় বেজলাইন সার্ভে ও ফিজিবিলিটি স্টাডি করা হয়নি।
২. অপরিবর্তিতভাবে প্রকল্পের মেয়াদ নির্ধারণ করা হয়েছে যার কারণে বার বার সময় বৃদ্ধি করা হচ্ছে এবং সময় বৃদ্ধি ও কিছু আইটেমের পরিমাণ কম/বেশি হওয়ার কারণে ভেরিয়েশন অনুমোদনের দরকার হতে পারে এবং ব্যয় বৃদ্ধি পেতে পারে।
৩. ডিপিপি সংশোধন ব্যতীত অর্থ ব্যয় করা হয়েছে।

#### ৫.৪ প্রকল্প বাস্তবায়নে ধীরগতির কারণ পর্যবেক্ষণ

১. প্রকল্প অঞ্চল অধিকতর নিচু হওয়ার কারণে প্রায় ১০-১৫ ফুট আর্থ-ফিলিং করে মাটি ভরাট করে তারপর নির্মাণ কাজ শুরু করতে হয়েছে যার কারণে প্রায় ৪-৫ মাস সময় অতিবাহিত হয়েছে।
২. প্রকল্প এলাকায় ৮-১০ হাজার পরিবার ছিল যাদের উচ্ছেদ করে ভূমি দখল করতে প্রায় ৩-৪ মাস সময় অতিবাহিত হয় এবং প্রকল্প এলাকায় প্রায় ৩ একর এর উপরে জায়গা জুড়ে সেনাবিহীনদের রেডি-মিস্সার গ্ল্যান্ট থাকার কারণে তাদেরকে প্রকল্প এলাকা থেকে সরাতে প্রায় ৩-৪ মাস সময় অতিবাহিত হয়েছে।
৩. ড্রইং এর লে-আউট প্ল্যান ১ বার পরিবর্তন হওয়াতে সময় বিলম্ব হয়েছে এবং স্থাপত্য অধিদপ্তর এবং গণপূর্ত অধিদপ্তর কর্তৃক সময়মত ড্রইং/ডিজাইন প্রাপ্তিতে দেরি হয়েছে।
৪. একই ঠিকাদার প্রতিষ্ঠান ৫টি ভবনের (১৫, ১৬, ১৭, ২৪ ও ২৫) কাজ পাওয়ার কারণে তাদের কাজের অগ্রগতি খুবই কম এবং তাদেরকে বার বার কাজ সম্পন্ন করার জন্য বলা হলেও তাদের থেকে তেমন কোন ভাল অগ্রগতি পাওয়া যাচ্ছে না। যার কারণে উক্ত ৫টি ভবনেরই শুধু অগ্রগতি কম।
৫. বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (Covid-19) এর কারণে প্রায় ৫-৬ মাস কাজ বন্ধ ছিল। এ কারণে প্রকল্পের কাজ অনেকটা ব্যহত হয়েছে।

#### ৫.৫ প্রকল্পের আওতায় প্রধান প্রধান কার্যক্রমের অগ্রগতি পর্যবেক্ষণ

১. প্রকল্পের আওতায় ১৪ তলা বিশিষ্ট ১৫টি ভবনে মোট ১৫৬০টি ফ্ল্যাট নির্মাণ কাজ চলমান রয়েছে তবে বর্তমান সময় পর্যন্ত একটি ভবনের কাজও পুরোপুরিভাবে সম্পন্ন হয়নি।
২. প্রকল্পের আওতায় ভূমি উন্নয়নের কাজ শেষ হয়নি, রাস্তা ও অভ্যন্তরীণ ড্রেন নির্মাণের কাজ শুরু করা হয়নি।
৩. আরডিপিপি (প্ৰস্তাবিত) অনুমোদন হওয়ার পর আরডিপিপি'তে সংস্থান অনুযায়ী STP, WTP স্থাপন কাজ শুরু করা হবে এবং STP, WTP এর সাথেই গভীর নলকূপ স্থাপন এর কাজ করা হবে।



৪. মূল অবকাঠামোর কাজ সম্পন্ন হয়নি তাই ইলেক্ট্রিক্যাল কোন কাজ শুরু করা হয়নি।
৫. সীমানা প্রাচীরের জন্য গণপূর্ত অধিদপ্তরকে স্ট্রাকচারাল ড্রইং করার জন্য জানানো হয়েছে। গণপূর্ত অধিদপ্তর/স্বাপত্য অধিদপ্তর কর্তৃক স্ট্রাকচারাল ডিজাইন ও এস্টিমেট আসার পরে সীমানা প্রাচীর এর কাজ শুরু করা হবে।

#### ৫.৬ প্রকল্পের আওতায় পিআইসি এবং পিএসসি সভা সংক্রান্ত পর্যবেক্ষণ

১. প্রকল্পের আওতায় মে-২০২১ তারিখ পর্যন্ত মোট ০৬টি পিআইসি সভা অনুষ্ঠিত হয়েছে এবং ০৪টি পিএসসি সভা অনুষ্ঠিত হয়েছে।
২. প্রকল্পের আওতায় ডিপিপি এবং পরিপত্র অনুযায়ী নিয়মিত পিআইসি ও পিএসসি সভা অনুষ্ঠিত হয়নি।
৩. ডিপিপি'তে পিআইসি সভার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা থাকলেও পিএসসি সভা সংক্রান্ত কোন লক্ষ্যমাত্রা উল্লেখ করা হয়নি।

#### ৫.৭ প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা পর্যবেক্ষণ

১. প্রকল্প অফিসের ক্রয় সংক্রান্ত বিভিন্ন নথি'তে দেখা যায় যে, ডিপিপি'তে সংযুক্ত ক্রয় পরিকল্পনার সাথে মিল রেখে বার্ষিক ক্রয় পরিকল্পনা তৈরি করা হয়নি। এছাড়া ক্রয় পরিকল্পনায় দেখা যায় যে, নির্ধারিত সময় অনুযায়ী ক্রয় পরিকল্পনার কার্যক্রম সমাপ্ত করা সম্ভব হয়নি।

#### ৫.৮ পণ্য ক্রয় সংক্রান্ত পর্যবেক্ষণ

১. পণ্য ক্রয়ের ০৬টি প্যাকেজের মধ্যে ০১টি প্যাকেজের দরপত্র আহবান করা হয়েছে।
২. জীপ গাড়ী ক্রয়েয় ক্ষেত্রে ডিপিপি'তে উল্লিখিত ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ NHA, Board থাকলেও বাস্তবে নির্বাহী প্রকৌশলী (ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেকশন-০২, মিরপুর) উক্ত পণ্য ক্রয় কার্যক্রম সম্পন্ন করেছেন যেখানে ডিপিপি'র ব্যত্যয় এবং পাবলিক প্রকিউরমেন্ট রুলস-২০০৮ এর ব্যত্যয় করা হয়েছে।
৩. পণ্য ক্রয়ের GD-1 (কম্পিউটার প্রিন্টার ও ফটোকপিয়ারসহ-৫টি) প্যাকেজের ডিপিপি অনুযায়ী পরিমাণ ছিল ০৫টি এবং প্রাক্কলিত ব্যয় ১১.৪০ লক্ষ টাকা। তবে বাস্তবে দেখা যায় যে, উক্ত প্যাকেজের আওতায় ০৪টি কম্পিউটার ক্রয় করা হয়েছে তবে কোন দরপত্র আহবান করা হয়নি।
৪. GD-1 প্যাকেজের ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ PD, NHA থাকলেও বাস্তবে নির্বাহী প্রকৌশলী (ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেকশন-০২, মিরপুর) উক্ত পণ্য ক্রয় কার্যক্রম সম্পন্ন করেছেন যেখানে ডিপিপি'র ব্যত্যয় এবং পাবলিক প্রকিউরমেন্ট রুলস-২০০৮ এর ব্যত্যয় করা হয়েছে।

#### ৫.৯ কার্য ক্রয় সংক্রান্ত পর্যবেক্ষণ

১. কার্য ক্রয়ের ২০টি প্যাকেজের মধ্যে ১১টি প্যাকেজের দরপত্র আহবান করা হয়েছে।
২. ডিপিপি অনুমোদন হওয়ার পূর্বেই বেশিরভাগ ২৪.১২.২০১৬ তারিখে দরপত্র আহবান করা হয়েছে যেখানে ডিপিপি'র ব্যত্যয় ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস-২০০৮ এর ব্যত্যয় করা হয়েছে।
৩. WD-3 থেকে WD-11 পর্যন্ত ০৯টি প্যাকেজ ডিপিপি অনুযায়ী দরপত্র আহবান করা হয়নি এক্ষেত্রে প্যাকেজ নাম্বার পরিবর্তন করে দরপত্র আহবান করা হয়েছে যেখানে ডিপিপি'র ব্যত্যয় ঘটেছে।

#### ৫.১০ পূর্ত অডিট পর্যবেক্ষণ

১. ২০১৯-২০২০ অর্থ-বছরের অডিট আপত্তির বিপরীতে এখনো গ্রি-পক্ষীয় অডিট সভা হয়নি এবং অডিট আপত্তিটি নিষ্পত্তি হয়নি।
২. অর্থ-বছর ২০১৭-২০১৮ তারিখের ৪টি অডিট আপত্তির বিপরীতে ৩টি অডিট আপত্তি বিষয়ে গ্রি -পক্ষীয় অডিট সভায় নিষ্পত্তির জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। বাকি ১টি অডিট আপত্তির বিষয়ে পুনরায় জবাব প্রেরণ করার জন্য বলা হয়েছে।

### ৫.১১ লগ-ফ্রেম অনুযায়ী প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য ও আউটপুট পর্যবেক্ষণ

১. স্বল্প পরিমাণ জায়গায় কিভাবে স্বল্প ও মধ্যম আয়ের জনগণ স্বাস্থ্যসম্মত উন্নত পরিবেশে এবং তাদেরকে কিভাবে আধুনিক আবাসনের ব্যবস্থা করা যায় সেই লক্ষ্যেই বাণিজ্যিক আবাসনের জন্য ফ্ল্যাট বৃদ্ধি করা হচ্ছে। নির্দিষ্ট সময়ের মধ্যে নির্মাণ কাজ শেষ না হওয়ায় প্রকল্পের উদ্দেশ্য উন্নত জীবনযাপনের জন্য অন্যান্য প্রয়োজনীয় আধুনিক সুবিধা সরবরাহ করা ব্যতীত হচ্ছে।
২. এখন পর্যন্ত ভূমি উন্নয়নের কাজ সম্পন্ন হয়নি, ১৫টি ভবনের মধ্যে একটি ভবনের কাজও শেষ হয়নি, রাস্তা উন্নয়নের কাজ শুরু করা হয়নি এবং বিদ্যুৎ সরবরাহের কাজও শুরু করা হয়নি।
৩. এছাড়াও আউটপুটে দেখা যায় যে, ২০১৯ এর মধ্যে গভীর নলকূপ স্থাপন করা হবে কিন্তু এখন পর্যন্ত গভীর নলকূপ স্থাপনের কাজ শুরু হয়নি। অর্থাৎ আউটপুট অর্জন খুবই কম।

### ৫.১২ বরাদ্দপ্রাপ্তগণ যথাসময়ে ফ্ল্যাট বুঝে না পাওয়ায় আর্থিক ও অন্যান্য ক্ষতি পর্যবেক্ষণ

১. বরাদ্দপ্রাপ্তগণ নির্ধারিত সময়ের মধ্যে ফ্ল্যাট বুঝে না পাওয়ায় মাসিক প্রায় ২৫,০০০- ৪০,০০০/- টাকার ওপরে কিছু কিছু পরিবার আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন।
২. বরাদ্দপ্রাপ্তগণের কিছু পরিবারের ছেলে-মেয়েদের লেখাপড়া এবং আধুনিক ও স্বাস্থ্যসম্মত আবাসন নিশ্চিত না করতে পারায় সামাজিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন।
৩. প্রকল্পের আওতায় বরাদ্দপ্রাপ্তগণ ফ্ল্যাট পেতে বেশি দীর্ঘসূত্রিতা ঘটলে বরাদ্দপ্রাপ্তগণ মানসিকভাবেও ক্ষতিগ্রস্ত হচ্ছেন বলে জানা যায়।

### ৫.১৩ বার্ষিক কর্ম-পরিকল্পনা পর্যবেক্ষণ

- ১) প্রকল্পের আওতায় অনুমোদিত অঙ্গগুলোর বছর ভিত্তিক কর্ম-পরিকল্পনা ডিপিপি'তে থাকলেও বিগত অর্থ-বছরগুলোতে সময়ভিত্তিক কর্ম-পরিকল্পনা প্রণয়নপূর্বক অর্থ-বছরের শুরুতে মন্ত্রণালয় হতে অনুমোদন নেয়া হয়নি।
- ২) প্রকল্পের অর্থ-বছর ভিত্তিক কর্ম-পরিকল্পনা ডিপিপি অনুযায়ী করা হয়নি এবং প্রকল্পের কর্ম-পরিকল্পনায় স্পষ্ট হয় যে ইতিপূর্বে বাস্তব সম্মত কোন কর্ম-পরিকল্পনা তৈরি করা হয়নি।

### ৫.১৪ চলমান কাজের বিভিন্ন নির্মাণ উপকরণের ল্যাব টেস্টের রিপোর্ট পর্যবেক্ষণ

১. প্রতিটি ল্যাব টেস্ট বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে করা হয়েছে।
২. কংক্রিটের Cylinder Test (Compressive Strength) টেস্টের ফলাফল সন্তোষজনক পাওয়া গিয়েছে।
৩. বালির, Sylhet Sand (Sieve Analysis of Sand-ASTM C 136) টেস্টের ফলাফল সন্তোষজনক পাওয়া গিয়েছে।
৪. পাথরের ক্ষেত্রে Crushed Stone (Stone Chips) এর Los Angeles Abrasion Value [ASTM C-131] টেস্টের ফলাফল সন্তোষজনক পাওয়া গিয়েছে।
৫. রেইনফোর্সমেন্ট এর Deformed M.S.BARS (ASTM A 615M-16) টেস্টের ফলাফল সন্তোষজনক পাওয়া গিয়েছে।

### ৫.১৫ নির্মাণ কাজের ব্যবহৃত উপকরণগুলোর গুণগত মান পর্যবেক্ষণ

১. ১১, ১৬, ১৭, ১৮ ও ২৪ নং ভবনের চলমান নির্মাণ কাজে ব্যবহৃত ইটের মান সন্তোষজনক নয় (আকৃতিগত ও কোনা ভাঙ্গা)।
২. চলমান কাজে সকল ক্ষেত্রেই মীর সিমেন্ট ব্যবহার করা হচ্ছে। এক্ষেত্রে সিমেন্ট এর কোন ল্যাব টেস্ট রিপোর্ট পাওয়া যায়নি। নির্মাণ কাজে ব্যবহৃত সিমেন্ট এর প্যাকেটগুলো অগোছালোভাবে সংরক্ষণ করা হয়েছে তবে ১৭ নং ভবনের সিমেন্ট সংরক্ষণ পদ্ধতি মোটামুটি গ্রহণযোগ্য ছিল।

৩. একেক ভবনে একেক ধরনের রেইনফোর্সমেন্ট ব্যবহার করা হচ্ছে-যেমন- ভবন নং-১৭ তে HI-TECH রেইনফোর্সমেন্ট আবার অন্য ভবনে ASBRM রেইনফোর্সমেন্ট ব্যবহার করা হচ্ছে যেগুলো বাজারের প্রসিদ্ধ কোন ব্র্যান্ড নয়।
৪. ভবনের ফলস স্ল্যাব ও লিফটেলের ঢালাই কাজে ব্যবহৃত স্টোনগুলো সন্তোষজনক নয় স্টোনগুলো একেকটা একেক সাইজের এবং স্টোনগুলোতে ময়লা আবর্জনা দেখা গিয়েছে অর্থাৎ স্টোনগুলো (পাথর) মানসম্মত নয়।

#### ৫.১৬ নির্মাণ কাজের বাস্তব অবস্থা এবং চলমান কাজের গুণগত মান পর্যবেক্ষণ

১. নির্মাণ কাজে বিএনবিসি অনুসরণ করা হচ্ছে এবং ড্রইং/ডিজাইন অনুযায়ী নির্মাণ কাজ চলমান রয়েছে।
২. ওজন ও পরিমাপ মান দস্ত অর্ডিন্যান্স-১৯৮২ এবং সর্বশেষ ওজন ও পরিমাপ মান দস্ত আইন-২০১৮ অনুযায়ী অত্র প্রকল্পের ড্রইং/ডিজাইনে মেট্রিক পদ্ধতির ব্যবহারের ক্ষেত্রে ব্যত্যয় হয়েছে।
৩. ভবন নং-১৮ এর R.C.C ঢালাই এ শেয়ার ওয়াল/কলামের ঢালাই এ এ্যালাইনমেন্ট সঠিক হয়নি (১-২ সেমিঃ পার্থক্য)। ভবন নং-১৬ এর ১৩তম তলার ঢালাই এর জন্য প্রস্তুতকৃত কলাম কাপ্টিং এর সাটারিং এবং এ্যালাইনমেন্ট যথাযথ হয়নি। এ্যালাইনমেন্ট কোথাও কোথাও ১-২ সেমিঃ পার্থক্য দিখা গিয়েছে যা কলাম ঢালাই এর জন্য গ্রহণযোগ্য নয়।
৪. ভবন নং-১৭ এর ১০ম তলার ছাদ ঢালাই এর জন্য প্রস্তুতকৃত স্ল্যাবের রেইনফোর্সমেন্ট স্প্যাসিং সঠিক পাওয়া যায়নি (১-২ সেমিঃ পার্থক্য)। এছাড়াও কলামের রেইনফোর্সমেন্ট কাটিং সঠিক হয়নি যেখানে কলাম ফেইল হওয়ার অনেক সম্ভাবনা রয়েছে। ভবন নং-১৭ এর ১০ম তলার ছাদ ঢালাই এর জন্য প্রস্তুতকৃত স্ল্যাবে ব্যবহৃত ব্লকগুলো যথাযথ হয়নি।
৫. বিধিমালা-মে ২০০৮ অনুযায়ী ভবনসমূহের সিঁড়ি নির্মাণের ক্ষেত্রে কোথাও কোথাও কিছু ব্যত্যয় হয়েছে। সিঁড়িতে ঢালাই পরবর্তীতে বিভিন্ন জায়গায় রেইনফোর্সমেন্ট কাটিং করা হয়নি এবং বহুতল ভবনের সিঁড়িতে অস্থায়ী কোন রেলিং দেয়া হয়নি।
৬. ঢালাই পরবর্তীতে বীমে অনেক বেশিই হানিকশ পরিলক্ষিত হয়েছে এবং তৎক্ষণাৎ কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। এছাড়াও বীম এর ঢালাই কোথাও কোথাও এমন নিম্ন মানের হয়েছে যে, রেইনফোর্সমেন্ট বের হয়ে এসেছে।
৭. নির্মাণ কাজে লিফটলে ঢালাই কাজে বাঁশ ও কাঠের সাঁটারিং ব্যবহার করা হচ্ছে যে জন্য ঢালাই পরবর্তীতে হানিকশ পরিলক্ষিত হয়েছে এবং যথাযথভাবে সাপোর্ট না দেয়ায় লিফটল উঁচু/নিচু দেখা গিয়েছে। ভবন নং-১৬ এর ১০ তম তলার ছাদের স্ল্যাবে দেখা যায় যে, স্ল্যাব সুখ হয়নি যেখানে উঁচু/নিচু দেখা গিয়েছে এবং স্ল্যাবের উপর অনেকগুলো স্থূপীকৃত আবর্জনা যা স্ল্যাবের জন্য ক্ষতিকারক ও ঝুঁকিপূর্ণ।
৮. কর্ম-পরিবেশ এবং নিরাপত্তা সন্তোষজনক নয় এবং নির্মাণ কাজে ঠিকাদার কর্তৃক শ্রমিকদের কোন সুরক্ষার ব্যবস্থা রাখা হয়নি। সেফটি বেল্ট, হেলমেট, গ্লাবস ইত্যাদি সরবরাহ করা হয়নি।
৯. চলমান কাজে ঢালাই পরবর্তীতে কিউরিং ঠিকভাবে করা হচ্ছেনা। যার কারণে ভবন নং-১৮ এর ১৪তম তলার ছাদে, ১৭ নং ভবনের ১০ তম তলার ছাদে এবং ১৬ নং ভবনের ১৩ তম তলার ছাদে বহু স্থানে ১মিমি অপেক্ষা অধিক ফাঁকা/ফাটল দেখা গিয়েছে এর ফলে প্লাস্টারের মান দুর্বল হবে যা স্ট্রাকচারাল ক্র্যাক এর পর্যায়ে পরে।

#### ৫.১৭ আইএমইডি'র পরিদর্শন প্রতিবেদন পর্যবেক্ষণ

১. চলতি ২০২০-২১ অর্থ-বছরের সময়ভিত্তিক কর্ম-পরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা প্রণয়নপূর্বক অর্থ-বছরের শুরুতে মন্ত্রণালয় হতে অনুমোদন নেয়ার জন্য সুপারিশ করা হলেও কিন্তু তা বাস্তবায়ন করা হয়নি।
২. প্রকল্পের কাজ সম্পন্ন করার লক্ষ্যে প্রকল্প পরিচালকের দপ্তর এবং বাস্তবায়নকারী সংস্থা হতে নিয়মিত পরিদর্শন/মনিটরিং জোরদার করার সুপারিশ প্রদান করা হলেও সে অনুযায়ী বাস্তবায়ন করা হয়নি।
৩. 'টিওবিএল-সিএইচএল (জেভি) ঠিকাদারী প্রতিষ্ঠানসহ যেসব ঠিকাদারী প্রতিষ্ঠানের কাজের অগ্রগতি কর্ম-পরিকল্পনা অনুযায়ী তুলনামূলকভাবে ধীরগতি সম্পন্ন যেসব ঠিকাদারী প্রতিষ্ঠানের কাজের অগ্রগতি বৃদ্ধির জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য সুপারিশ প্রদান করা হলেও সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়নি।

৪. প্রকল্পের ডিপিপি অনুসারে নিয়মিতভাবে পিআইসি ও পিএসসি সভা আয়োজন করার জন্য প্রতিবেদনে সুপারিশ করা হলেও পরবর্তীতে তা বাস্তবায়ন করা হয়নি।

#### ৫.১৮ প্রকল্পের দায়িত্ব পালনকারী প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যাদি পর্যবেক্ষণ

১. এ পর্যন্ত মোট ৩ জন প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।
২. পূর্বের ২জন প্রকল্প পরিচালক একাধিক প্রকল্পের সাথে সংশ্লিষ্ট ছিলেন কিন্তু বর্তমান প্রকল্প পরিচালক শুধু এই প্রকল্পের সাথেই জড়িত রয়েছেন।

#### ৫.১৯ SWOT পর্যবেক্ষণ

প্রকল্পের সবলতাপুলের (Strength) মধ্যে রয়েছেঃ স্বল্প পরিমাণ জমিতে ঢাকা শহরে পরিকল্পিতভাবে তীব্র আবাসন সমস্যা সমাধানের উদ্যোগ এবং স্বল্প ও মধ্যম আয়ের জনগণকে স্থায়ীভাবে উন্নত বাসস্থানসহ উন্নত নাগরিক সুবিধা প্রদান।

প্রকল্পের দুর্বলদিকে (Weakness) দেখা যায়, যথাসময়ে ভূমি দখল এবং ভূমি উন্নয়নের কাজ সম্পন্ন করতে পারেনি। প্রকল্পের পরিবেশগত ছাড়পত্র (IEE and EIA) নেওয়া হয়নি। প্রকল্পের বেইজলাইন সার্ভে ও প্রকল্পের সম্ভাব্যতা যাচাই করা হয়নি। দীর্ঘসময় অতিবাহিত হওয়ার পরেও প্রকল্পের আওতায় যারা বরাদ্দ পেয়েছেন তাদেরকে যথাসময়ে ফ্ল্যাটের বাস্তব দখল বুঝিয়ে দেওয়া হয়নি।

প্রকল্পের সুযোগে (Opportunity) দেখা যায়, ফ্ল্যাটের বাস্তব দখল বুঝিয়ে দিয়ে সরকারের বিপুল পরিমাণ রাজস্ব আয় বৃদ্ধিতে সহায়ক হওয়ার সুযোগ রয়েছে। যথাযথ আরবোরিকালচার এর মাধ্যমে সবুজ ও টেকসই পরিবেশ তৈরি করার সুযোগ রয়েছে। পরিবেশবান্ধব ও টেকসই বর্জ্য ব্যবস্থাপনা পদ্ধতি প্রণয়নের মাধ্যমে উন্নত পরিবেশ তৈরি করার সুযোগ রয়েছে।

প্রকল্পে ঝুঁকি (Threat) হলো, প্রকল্পের আওতায় বরাদ্দপ্রাপ্ত ফ্ল্যাট মালিকদের যথাসময়ে ফ্ল্যাটের বাস্তব দখল বুঝিয়ে দিতে ব্যর্থ হলে সরকার বিপুল পরিমাণ রাজস্ব আয় থেকে বঞ্চিত হবে। নির্মাণ কাজের ধীরগতি, ভবিষ্যতে ফ্ল্যাটের মূল্য বৃদ্ধি ইত্যাদি কারণে বরাদ্দপ্রাপ্তগণ যথাসময়ে ফ্ল্যাটের বাস্তব দখল বুঝে না পেলে মহামান্য আদালতে রিট-পিটিশনের সম্ভাবনা থাকবে এতে নির্মাণ কাজে বিলম্ব এবং অবরাদ্দকৃত ফ্ল্যাট বরাদ্দ প্রদানে হুমকি হতে পারে।

#### ৫.২০ প্রকল্প টেকসইকরণ পরিকল্পনা পর্যবেক্ষণ

১. প্রকল্পের আওতায় যারা ফ্ল্যাট বরাদ্দ পেয়েছেন তাদেরকে ফ্ল্যাটের বাস্তব দখল অনতিবিলম্বে বুঝিয়ে দেয়া প্রয়োজন। এতে করে ভুক্তভোগী ব্যক্তিগণের আর্থিক সুরক্ষা নিশ্চিত হবে ও প্রকল্পের লক্ষ্য বাস্তবায়িত হবে।
২. টেকসই পরিবেশ রক্ষার্থে শুরুতেই যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। যথাযথ আরবোরিকালচার সুনিশ্চিত করতে হবে যা প্রকল্প এলাকায় একটি মনোরম পরিবেশ তৈরি করতে সাহায্য করবে।
৩. প্রকল্প অঞ্চল নিচু হওয়ায় অভ্যন্তরীণ ড্রেনগুলো যথাযথভাবে নির্মাণ করতে হবে যেন ড্রেনে পানি/আবর্জনা জমে না থাকে।
৪. প্রকল্প বাস্তবায়ন হবার পর প্রকল্প এলাকার (১৪.৪০ একর) বেশীরভাগ অংশ দ্বারা বৃষ্টির পানি ভূ-গর্ভে অনুপ্রবেশ করতে পারবেনা। জলাবদ্ধতা এড়ানোর জন্য বৃষ্টির পানি নিষ্কাশনের ব্যবস্থা পর্যাপ্ত কিনা সে অনুযায়ী সঠিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৫. প্রতিটি ভবনের অনুকূলে ২২টি করে Car Parking না থাকায় ভবিষ্যতে ১৫x২২=৩৩০টি পরিবারের Car Parking নিয়ে প্রকল্প এলাকায় সমস্যা সৃষ্টি হতে পারে। তাই Car Parking বিষয়টি অতিব জরুরি মনে করে আরডিপিপি প্রস্তুত করা প্রয়োজন।

## ষষ্ঠ অধ্যায় সুপারিশমালা ও উপসংহার

### ৬.১ সুপারিশমালা

#### প্রকল্প মেয়াদে করণীয়-

১. ডিসেম্বর-২০২১ (প্রস্তাবিত) তারিখের মধ্যে প্রকল্পের সমস্ত নির্মাণ কাজ সম্পন্ন করার ক্ষেত্রে মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে বিভিন্ন বাস্তবমুখী কর্ম-পরিকল্পনা হাতে নেওয়া, যেমন-
  - ক. যথাযথভাবে ভূমি উন্নয়নের কাজ সম্পন্ন করা এবং ঠিকাদার প্রতিষ্ঠানের কাজের তদারকি বৃদ্ধি করা;
  - খ. প্রত্যেক নির্মাণকারী ঠিকাদারী প্রতিষ্ঠান তাদের নির্মাণাধীন ভবনগুলোর জন্য আলাদা আলাদা কর্ম-পরিকল্পনা তৈরি করবে যা প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা যাচাই করবে এবং অনুমোদন করবে;
  - গ. প্রকল্পের অর্থ-ছাড়ে আমাদের অর্থনীতিতে Covid-19 বৈশ্বিক মহামারীর প্রভাব বিবেচনা করা ও সেই অনুযায়ী ব্যবস্থা নেয়া।
২. প্রকল্পের কর্ম-পরিবেশ বজায় রেখে এবং নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কর্তৃপক্ষের নজরদারি রাখা;
৩. রেইনফোর্সমেন্ট কাটিং এবং কলাম, বীম ও স্ল্যাব কাষ্টিং এর সময় কর্তৃপক্ষ কর্তৃক নির্মাণ কাজের তদারকি বৃদ্ধি করা;
৪. নির্মাণ কাজে ইটের গুণগত মান বজায় রাখার্থে স্বীকৃত ল্যাবরেটরি থেকে ল্যাব টেস্ট করে ইট ব্যবহার করা;
৫. বরাদ্দকৃত ফ্ল্যাটগুলোর বাস্তব দখল নিশ্চিত করার জন্য ভবন ভিত্তিক কর্ম-পরিকল্পনা তৈরি করতে হবে এবং যথাসম্ভব দ্রুততার সাথে বাস্তব দখল প্রক্রিয়া সম্পন্ন করতে হবে যেন সুবিধাভোগীদের আর্থিক ও সামাজিক ক্ষতি যথাসম্ভব কম হয়;
৬. প্রকল্পের নির্মাণ কাজের গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে ঢালাই কাজে ভাইব্রেটর মেশিন যথাযথ ব্যবহার করার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের তদারকি বৃদ্ধি করা;
৭. প্রত্যেক ঢালাই কাজ শেষ হবার পর সেটির ডিজিটাল স্থির চিত্র ধারণ করে একটি ডাটাবেজ তৈরি করা;
৮. প্রকল্পের অগ্রগতির স্বার্থে ডিপিপি অনুযায়ী নিয়মিত পিআইসি ও পিএসসি সভার আয়োজন করা; এবং
৯. আইএমইডি'র পরিদর্শন প্রতিবেদনের সুপারিশগুলো যথাযথভাবে বাস্তবায়ন করা এবং এ ব্যাপারে যেন ব্যত্যয় না ঘটে সে ক্ষেত্রে মন্ত্রণালয়ের বিশেষ নজরদারি রাখা।

#### বর্তমানে করণীয়-

১. অবিলম্বে ১৯ নং ভবনের জন্য পুনরায় দরপত্র আহবান করা এবং ঠিকাদার প্রতিষ্ঠানের প্রাক যোগ্যতা যাচাই করা;
২. পণ্য ও কার্য ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট রুলস-২০০৮ এর বিধিমালা অনুসরণ করা;
৩. প্রকল্পের নির্মাণ কাজে ব্যবহৃত আধুনিক সরঞ্জামাদি খুবই সীমিত এ ক্ষেত্রে Roof hoist ও Tower hoist সিস্টেমের ব্যবহার করা;
৪. প্রকল্পের আওতায় অবরাদ্দকৃত ফ্ল্যাটগুলো অতি দ্রুত বরাদ্দ প্রদান করার ব্যবস্থা করা;
৫. যে সমস্ত ভবনের ভৌত অগ্রগতি কম সে সমস্ত ভবনের জন্য বাস্তব সম্মত কর্ম-পরিকল্পনা প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে ঠিকাদারের কাজের গতি বৃদ্ধির জন্য তদারকি করা;
৬. মাঠ পর্যায়ে কর্মকর্তাদের থেকে তথ্য নিয়ে প্রস্তাবিত আরডিপিপি'তে STP, WTP স্থাপন এর জন্য সংস্থান রাখা;
৭. আরডিপিপি প্রস্তুতকালীন প্রকল্পের আওতায় কমিউনিটি কাম ক্লাব হাউসে Car Parking এর ব্যবস্থা করা যায় কিনা সে বিষয়ে মন্ত্রণালয় ও সংস্থা কর্তৃক পরিকল্পনা গ্রহণ করা যেতে পারে;

৮. ভবনসমূহের জন্য ইউরোপিয়ান লিফটসমূহের স্পেসিফিকেশন এবং আমদানি প্রসেস এখন থেকেই তদারকি করা;
৯. ফেকাল স্লাজ ম্যানেজমেন্টের (FSM) জন্য বিশেষজ্ঞের মাধ্যমে একটি কার্যকর পরিকল্পনা গ্রহণ করা;
১০. প্রকল্পের আওতায় নির্মাণ কাজে নিয়োজিত শ্রমিকগণের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিতের লক্ষ্যে তাদেরকে যথাযথ ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জাম প্রদান করত সেগুলোর যথাযথ ব্যবহার নিশ্চিত করা।

#### ভবিষ্যতে করণীয়-

১. ভবিষ্যৎ প্রকল্পের ডিপিপি সংশোধন ব্যাতিত ব্যয় এবং অর্থনৈতিক খরচগুলোর ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নজরদারি বাড়াতে হবে;
২. প্রকল্প নেয়ার সময় IEE এবং EIA প্রতিবেদন তৈরি করা হয়নি যা প্রকল্পের পরিবেশ ছাড়পত্রের জন্য বাধ্যতামূলক। ভবিষ্যৎ প্রকল্প গ্রহণের সময় উল্লিখিত প্রতিবেদন তৈরি করা;
৩. ভবনে Fire Protection and Ditection সংক্রান্ত ড্রইং/ডিজাইন ইমারত বিধমালা-২০০৮ ও বিএনবিসি অনুযায়ী তৈরি করতে হবে;
৪. প্রকল্প নেয়ার সময় যথাযথভাবে বেইজলাইন সার্ভে এবং সম্ভাব্যতা যাচাই প্রতিবেদন তৈরি করা;
৫. ওজন ও পরিমাপ মান দস্ত আইন-২০১৮ অনুযায়ী প্রকল্পের ড্রইং/ডিজাইন মেট্রিক পদ্ধতিতে করার জন্য মন্ত্রণালয় কর্তৃক যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৬. ড্রইং সহজে বহনযোগ্য হয় এমন ড্রইং/ডিজাইন প্রণয়ন করা যেমন-A2 সাইজের ড্রইং/ডিজাইন তৈরি করা;
৭. ঢালাই কাজে কার্বন কোটিং, ফেরো সিমেন্ট এর এ্যাপ্লিকেশন এই বিষয়গুলো প্রচলনের ক্ষেত্রে রাষ্ট্রীয়ভাবে এবং মন্ত্রণালয় থেকে উদ্যোগ গ্রহণ করা; এবং
৮. প্রকল্পের মেয়াদ নির্ধারণ করার জন্য CPM/PERT অথবা অন্য কোন বাস্তব সম্মত পদ্ধতি অনুসরণ করা।

#### ৬.২ উপসংহার

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতায় জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন “ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে ১৫টি ১৪ তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের কাজ চলমান রয়েছে যা ডিসেম্বর ২০২১ (প্রস্তাবিত) তারিখে শেষ হওয়ার কথা রয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে, পরিকল্পিত উপায়ে অল্প জমির উপর সর্বাধিক সুযোগ সুবিধা সম্বলিত অত্যাধুনিক আবাসিক ভবন নির্মাণের মাধ্যমে তীব্র আবাসন সমস্যা হ্রাসসহ টেকসই উন্নয়ন অর্থাৎ “২০৩০ এজেন্ডা”— ১১ (অন্তর্ভুক্তিমূলক, নিরাপদ, অভিঘাত সহনশীল এবং টেকসই নগর ও জনবসতি গড়ে তোলা) বাস্তবায়নের সুযোগ রয়েছে। পরিবেশবান্ধব ও টেকসই বর্জ্য ব্যবস্থাপনা পদ্ধতি প্রণয়নের মাধ্যমে উন্নত পরিবেশ তৈরিতে আবাসনের ব্যবস্থা ছাড়াও পুরোপুরিভাবে সবগুলো ফ্ল্যাট বরাদ্দ হলে সরকারের যেমন বিপুল পরিমাণে রাজস্ব আয় বৃদ্ধি হবে তেমনি সাশ্রয়ী মূল্যে স্থায়ীভাবে ফ্ল্যাট ক্রয়ের মাধ্যমে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের উন্নত সামাজিক পরিবেশ নিশ্চিত হবে।

## রেফারেন্সসমূহঃ

- প্রকল্পের অনুমোদিত ডিপিপি।
- আইএমইডি'র পরিদর্শন প্রতিবেদন।
- প্রকল্পের ক্রয় কার্যক্রম সম্পর্কিত নথি/দলিলাদি।
- প্রকল্পের অনুমোদিত ডুইং/ডিজাইন
- টার্মস অফ রেফারেন্স (ToR), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি), পরিকল্পনা মন্ত্রণালয়।
- PPA-2006- Public Procurement Act-2006, Ministry of Law, Government of the People's Republic of Bangladesh.
- PPR-2008- Public Procurement Rule-2008, Ministry of Law, Justice and Parliamentary Affairs, Government of the People's Republic of Bangladesh.
- Bangladesh Bureau of the Statistic-2017, Government of the Peoples Republic of Bangladesh.
- প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য নথি/পত্র।
- চিত্র/ভিডিও।

প্রশ্ন নং

--	--	--

“ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে ১৫ টি ১৪ তলা বিশিষ্ট আবাসিক

ফ্ল্যাট নির্মাণ প্রকল্প (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের

## নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার

সুবিধাভোগীদের (ফ্ল্যাট মালিকগণ) খানা জরিপ প্রশ্নমালা

০১	নামঃ .....	০২। লিঙ্গঃ	ক) পুরুষ	খ) মহিলা	
০৩	পিতা/ মাতা/ স্বামীর নামঃ	০৪। ফোন/মোবাইলঃ			
০৫	বয়স (বছর):-.....				
০৬	পেশাঃ	ক) চাকুরীঃ সরকারী/ বেসরকারী/ স্বায়ত্বশাসিত	খ) ব্যবসা	গ) অন্যান্য	
০৭	ফ্ল্যাট বরাদ্দের শ্রেণীঃ	ক) মন্ত্রী/উপমন্ত্রী/সাংসদ/সমতুল্য সরকারী	খ) বিচারক	গ) সশস্ত্র বাহিনী	ঘ) স্বায়ত্বশাসিত
		ঙ) সরকারী	চ) অবসরপ্রাপ্ত	ছ) সাংবাদিক	জ) ব্যবসায়ী / শিল্পপতি
		ঝ) বেসরকারী	ঞ) আইনবিদ	ট) মুক্তিযোদ্ধা	ঠ) শিল্পী ও খেলোয়াড়
		ড) প্রবাসী	ণ) অন্যান্য		
০৮	ওয়ার্ড/ইউনিয়নঃ-	থানা/উপজেলাঃ-			
০৯	জেলাঃ-	বিভাগঃ-			
১০	সাক্ষাৎকার গ্রহণকারীর নামঃ-				
১১	স্বাক্ষরঃ-				

ক্রমিক নং	প্রশ্ন	উত্তরসমূহ	কোড	নির্দেশনা
<b>সেকশন-১ আর্থ-সামাজিক তথ্যাদি</b>				
০১	আপনি কোন স্তর পর্যন্ত লেখাপড়া করেছেন?	১ম-৫ম শ্রেণি	১	
		৬ষ্ঠ-১০ম শ্রেণি	২	
		এসএসসি/সমমান	৩	
		এইচএসসি/সমমান	৪	
		ম্নাতক	৫	
		মাস্টার্স	৬	
		অন্যান্য (নির্দিষ্ট করুন)	৯৯	
০২	আপনার পরিবারে সদস্য সংখ্যা কত জন?	পুরুষ.....জন		
		মহিলা.....জন		
		মোট..... জন		
০৩	আপনার পরিবারে আয়কারী সদস্য সংখ্যা কত জন?	১ জন	১	
		২ জন	২	
		৩ জন	৩	
		৩ জন/অধিক	৪	
০৪	যদি ১ জনের বেশি হয় তাহলে তাদের পেশা কি?			যদি রিটার্নার্ড হয় তাহলে তার পূর্বে আয়



ক্রমিক নং	প্রশ্ন	উত্তরসমূহ	কোড	নির্দেশনা
			কত ছিল? ..... টাকা	
০৫	পরিবারের মোট মাসিক আয় কত?	-----টাকা		
<b>সেকশন-২ বরাদ্দ পাওয়া সংক্রান্ত তথ্যাদি</b>				
০১	আপনি ফ্ল্যাটের জন্য কখন আবেদন করেছিলেন?	.....সাল		
০২	আবেদনের সাথে কত টাকা জমা দিয়েছিলেন?	-----টাকা		
০৩	আপনি কত বর্গফুটের ফ্ল্যাটের জন্য আবেদন করেছিলেন?	-----বর্গফুট		
০৪	প্রসপেক্টাস অনুযায়ী প্রতি বর্গফুটে ফ্ল্যাটের মূল্য কত ছিল?	.....টাকা		
০৫	পরবর্তিতে ফ্ল্যাটের মূল্য বৃদ্ধি পেয়েছে কি?	হ্যাঁ	১	
		না	২	
০৬	হ্যাঁ হলে, কত টাকা বৃদ্ধি পেয়েছে? (প্রতি বর্গফুট)	.....টাকা		
০৭	আপনি কখন বরাদ্দ পেয়েছেন?	.....সাল		
০৮	আপনি কোন মাধ্যমে ফ্ল্যাট ক্রয় করেছেন?	এককালীন	১	
		কিস্তির মাধ্যমে	২	
		অন্যান্য (নির্দিষ্ট করুন)	৯৯	
০৯	কিস্তির মাধ্যমে হলে, কত % হারে সুদ প্রদান করতে হয়? (ফ্ল্যাট মূল্যের)	৯%	১	
		১০%	২	
		১১%	৩	
		অন্যান্য (নির্দিষ্ট করুন)	৯৯	
১০	এ পর্যন্ত কত % অর্থ পরিশোধ করেছেন	১০%	১	
		২০%	২	
		৩০%	৩	
		৪০%	৪	
		৫০%	৫	
		৫০% এর ওপরে	৬	
		অন্যান্য (নির্দিষ্ট করুন)	৯৯	
১১	আপনি কি আপনার ফ্ল্যাট বুঝে পেয়েছেন?	হ্যাঁ	১	
		না	২	
১২	না পেয়ে থাকলে, কেন এখনো ফ্ল্যাট বুঝে পাননি বলে মনে করেন?	-----		
১৩	ফ্ল্যাট বুঝে না পাওয়ায় আপনি কোন ধরনের পদক্ষেপ নিয়েছেন কি?	হ্যাঁ	১	
		না	২	
১৪	হ্যাঁ হলে, কি ধরনের পদক্ষেপ নিয়েছেন?	-----		
১৫	আপনার পদক্ষেপ পরবর্তী জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক কোন ধরনের ব্যবস্থায় নিয়েছে কি?	হ্যাঁ	১	
		না	২	
১৬	হ্যাঁ হলে, কি ধরনের ব্যবস্থা নিয়েছে?	-----		
১৭	জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এর উক্ত ব্যবস্থায় আপনি সন্তুষ্ট কি?	হ্যাঁ	১	
		না	২	
১৮	না হলে, কেন সন্তুষ্ট নয়?	-----		
১৯	ফ্ল্যাট প্রাপ্তি বিলম্বের ফলে আপনি কতখানি আর্থিক ক্ষতির সম্মুখীন হচ্ছেন বলে আপনি মনে করেন?	সামান্য	১	
		মোটামুটি	২	
		অনেক	৩	
		অন্যান্য (নির্দিষ্ট করুন)	৯৯	

ক্রমিক নং	প্রশ্ন	উত্তরসমূহ	কোড	নির্দেশনা
২০	ফ্ল্যাট প্রাপ্তির বিলম্বের ফলে আপনি কতখানি সামাজিকভাবে ক্ষতির সম্মুখীন হচ্ছেন বলে মনে করেন?	সামান্য	১	
		মোটামুটি	২	
		অনেক	৩	
		অন্যান্য (নির্দিষ্ট করুন)	৯৯	

সেকশন-৩ নির্মাণ কাজ সম্পর্কিত				
০১	আপনার বরাদ্দকৃত ফ্ল্যাট এর ভবন পরিদর্শন করেছেন কিনা?	হ্যাঁ	১	
		না	২	
০৩	হ্যাঁ হলে, উক্ত ভবন ডিজাইন মোতাবেক নির্মাণ কাজ করা হচ্ছে কিনা?	হ্যাঁ	১	
		না	২	
০৪	ভবনে বাহ্যিক গ্যাস সরবরাহের কাজ হচ্ছে/হবে কিনা?	হ্যাঁ	১	
		না	২	
০৫	না হলে, কিভাবে গ্যাস সরবরাহ করা হবে?	-----		
০৬	ভবনে সোলার প্যানেলের কাজ অর্ন্তভুক্ত করা হয়েছে কিনা?	হ্যাঁ	১	
		না	২	
০৭	না হলে, কেন করা হয়নি বলে মনে করেন? (একাধিক উত্তর)	-----		
০৮	Arboriculture কি ধরনের হলে টেকসই হবে? এ ব্যাপারে আপনার মতামত প্রদান করুন।	-----		
০৯	পয়ঃনিষ্কাশনের জন্য ড্রেন ও সুয়ারেজ লাইনের কাজ করা হয়েছে কি?	হ্যাঁ	১	
		না	২	
		এখনো করা হয়নি	৩	
১০	ভবনে বৃষ্টির পানি সংরক্ষণাগাড় (Rain Water Harvesting) অর্ন্তভুক্ত করা হয়েছে কি?	হ্যাঁ	১	
		না	২	
১১	হ্যাঁ হলে, কিভাবে বৃষ্টির পানি সংরক্ষণ করা হবে?	-----		
১২	প্রকল্প এলাকায় Solid Waste Management (বর্জ্য নিষ্কাশন ব্যবস্থা) ব্যাপারে আপনার মতামত ব্যক্ত করুন।	-----		
১৩	ভবনের ওয়াটার রিজার্ভার ট্যাংক (Water Resourver Tank) কিভাবে স্থাপন হলে ভাল হতো বলে মনে করেন? এ ব্যাপারে আপনার মতামত ব্যক্ত করুন	-----		
১৪	ভবনে ওয়াটার সাপ্লাই এবং সেনিটেশন (Water Supply and Sanitation) এর কাজ কিভাবে হলে ভাল হতো বলে মনে করেন?	-----		
১৫	প্রকল্পের আওতায় টেকসই পরিবেশ স্থাপনে কি কি পদ্ধতি অবলম্বন করলে ভাল হবে বলে মনে করেন?	-----		
১৬	চলমান নির্মাণ কাজে ব্যবহৃত মালামালের (ইট, পাথর, বালি, রেইনফোর্সমেন্ট ইত্যাদি) গুণগতমান কেমন বলে মনে হয়?	ভাল	১	
		মোটামুটি	২	
		খারাপ	৩	
		খুবই খারাপ	৪	
		জানিনা	৫	
১৭	প্রকল্প বাস্তবায়ন সম্পর্কে আপনার মতামত ব্যক্ত করুন।	-----		

“ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে ১৫ টি ১৪ তলা বিশিষ্ট আবাসিক  
ফ্ল্যাট নির্মাণ প্রকল্প (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের

## নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার

নিবিড় আলোচনার (KII) গাইডলাইন:

(মন্ত্রণালয়/জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ/প্রকল্প পরিচালক এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সমন্বয়ে)

তারিখঃ

নাম:	
পদবি:	
শাখা/সংস্থা:	
দপ্তর/মন্ত্রণালয়:	
ফোন/মোবাইল:	

- আপনি ডিপিপি প্রণয়নের সময় সংশ্লিষ্ট ছিলােন কি?
- প্রকল্প গ্রহণের পূর্বে বেজলাইন সার্ভে বা ফিজিবিলিটি স্টাডি করা হয়েছিল কিনা? বিস্তারিত বলুন।
- প্রকল্প বাস্তবায়নের পূর্বে IEE এবং EIA কর্তৃক ছাড়পত্র নেয়া হয়েছে কি? বিস্তারিত বলুন।
- অনুমোদিত ডিপিপি এবং ডিজাইন অনুযায়ী প্রকল্পের নির্মাণ কাজ চলমান রয়েছে কিনা? বিস্তারিত বলুন।
- প্রকল্প বাস্তবায়নে অনুমোদিত ডিপিপি অনুযায়ী কর্ম-পরিকল্পনা কিভাবে প্রতিপালন করছেন? ব্যাখ্যা করুন।
- বহরভিত্তিক কর্ম-পরিকল্পনা প্রণয়ন পূর্বক যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন নেয়া হচ্ছে কিনা? এ সম্পর্কে বিস্তারিত বলুন।
- যথাসময়ে প্রকল্প বাস্তবায়ন করতে না পারা বা বিলম্বের কারণগুলো ব্যাখ্যা করুন।
- পণ্য, পূর্ত কাজ ও সেবা ক্রয় সংগ্রহের ক্ষেত্রে ক্রয় আইন ও বিধিমালা (পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮) কি উপায়ে প্রতিপালন করা হয়েছে? ব্যাখ্যা করুন।
- অবকাঠামো নির্মাণে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং বিভিন্ন সংস্থার সাথে কিভাবে সমন্বয় করা হয়? বিস্তারিত বলুন।
- পণ্য ও পূর্ত কাজ ক্রয় এর ক্ষেত্রে Rate Schedule এর কোন পরিবর্তন হয়েছে কিনা? পরিবর্তন হলে কিভাবে তা সমন্বয় করা হয়েছে? বিস্তারিত বলুন।
- প্রকল্পের আওতায় নির্মাণ কার্যক্রমসমূহের গুণগতমান নিশ্চিতকরণে কি কি পদক্ষেপ নেয়া হয়েছে?

১২. ঠিকাদারের কাছে প্রকল্পের সাইট সঠিক সময়ে বুঝিয়ে দিতে পেরেছেন কি? না পেরে থাকলে কারণগুলো বিস্তারিত বলুন।
১৩. প্রকল্পের আওতায় অডিট আপত্তি ছিল কিনা (ইন্টারনাল/এক্সটারনাল)? থাকলে কতটি আপত্তি ছিল এবং কতটি নিষ্পন্ন হয়েছে?
১৪. অডিট আপত্তি থাকলে কি উদ্দ্যোগ গ্রহণ করা হয়েছে এবং কেন নিষ্পত্তি হয়নি, বিস্তারিত বলুন।
১৫. প্রকল্পে আওতায় প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) আনুষাঙ্গিক বিষয়ে কোন ধরনের পদক্ষেপ নেয়া হয়েছে কি? বিস্তারিত বলুন।
১৬. প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (sustainable) করার লক্ষ্যে কি ধরনের পদক্ষেপ নেয়া হয়েছে? বিস্তারিত বলুন
১৭. প্রকল্প পরিদর্শন প্রতিবেদন এবং আইএমইডি'র সুপারিশগুলো যথাযথভাবে পালন করা হয়েছে কিনা- বিস্তারিত ব্যাখ্যা করুন।
১৮. প্রকল্পের পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা ডিপিপি অনুযায়ী হচ্ছে কিনা এবং উক্ত সভার সিদ্ধান্তগুলো প্রতিপালন করা হয়েছে কিনা? বিস্তারিত বলুন।
১৯. ফ্ল্যাটের জন্য কতজন আবেদন করেছিলেন? কতজন বরাদ্দ পেয়েছেন এবং কতজন সরেজমিনে ফ্ল্যাট বুঝে পেয়েছেন বিস্তারিত বর্ণনা করুন।
২০. ফ্ল্যাট প্রাপ্তি দেরি হওয়াতে ফ্ল্যাট বরাদ্দপ্রাপ্তগণ আদালতে কোন ধরনের রিট-পিটিশন দাখিল করেছে কিনা? করলে, তার বর্তমান কি অবস্থা-বিস্তারিত বলুন
২১. বরাদ্দপ্রাপ্তদের কবে নাগাদ তাদের ফ্ল্যাট বুঝিয়ে দিতে সক্ষম হবেন বলে মনে হয়?
২২. আরবরিকালচার বা টেকসই পরিবেশ সৃষ্টির লক্ষ্যে কি ধরনের কার্যক্রম নেয়া হয়েছে? বিস্তারিত বলুন।
২৩. প্রকল্পের আওতায় WTP, STP আছে কিনা? না থাকলে কি ব্যবস্থা রাখা হয়েছে? বিস্তারিত বলুন।

---

তথ্য সংগ্রহকারীর নাম ও স্বাক্ষর

“ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে ১৫ টি ১৪ তলা বিশিষ্ট আবাসিক  
ফ্ল্যাট নির্মাণ প্রকল্প (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের

## নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার

### এফজিডি-গাইডলাইন

(জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ/ঠিকাদার প্রতিষ্ঠান/ সুবিধাভোগী/স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে)

তারিখ:

সভার স্থান:

অংশগ্রহণকারীদের নাম	পেশা	ঠিকানা	মোবাইল নং	স্বাক্ষর
১.				
২.				
৩.				
৪.				
৫.				
৬.				
৭.				
৮.				
৯.				
১০.				
১১.				
১২.				

- ১। প্রকল্প বাস্তবায়নের ফলে অত্র এলাকায় আর্থ-সামাজিক প্রেক্ষাপটে কোন পরিবর্তন আসছে কি? এ সম্পর্কে আপনাদের মতামত প্রদান করুন।
- ২। প্রকল্প বাস্তবায়নে বিলম্বের ফলে স্থানীয় জনগণ কোন ধরনের ক্ষতির/ঝুঁকির সম্মুখীন হচ্ছে/হয়েছে বলে আপনি/আপনারা মনে করেন কি? এ সম্পর্কে আপনাদের মতামত ব্যক্ত করুন।
- ৩। প্রকল্পের আওতায় নির্মাণ কার্যক্রমসমূহের গুণগতমান বজায় থাকছে কি? এ সম্পর্কে আপনাদের মতামত ব্যক্ত করুন।
- ৪। নির্ধারিত সময়ে ফ্ল্যাট প্রাপ্তি না হওয়াতে আপনারা কতটা আর্থিক/সামাজিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন বলে মনে করেন? এ সম্পর্কে আপনাদের মতামত ব্যক্ত করুন।

- ৫। নির্মাণ কাজ চলাকালীন স্থানীয় জনগণের সাথে ঠিকাদার/ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের কর্মকর্তাদের সাথে কোন ধরনের হামলা/মামলা বা বিপত্তি হয়েছিল কিনা? এ সম্পর্কে আপনাদের মতামত ব্যক্ত করুন।
- ৬। প্রকল্প এলাকায় বৃষ্টি/অন্যান্য কারণে জলাবদ্ধতা সৃষ্টি হয় কি না এ সম্পর্কে আপনাদের মতামত ব্যক্ত করুন।
- ৭। প্রকল্পের আওতায় নিরাপত্তা ব্যবস্থা কেমন বলে আপনারা মনে করেন? এ সম্পর্কে আপনাদের মতামত ব্যক্ত করুন।
- ৮। ঠিকাদার নির্মাণ কাজে নিয়োজিত শ্রমিকদের যথাযথ (হ্যালমেট, গ্লাবস, গাম্বুট ইত্যাদি) সুরক্ষা নিশ্চিত করেছে কিনা? এ সম্পর্কে বলুন।
- ৯। প্রকল্প এলাকায় নাগরিক সুযোগ-সুবিধা (শিক্ষা, হাসপাতাল, খেলার মাঠ ইত্যাদি) বিদ্যমান রয়েছে কিনা? এ সম্পর্কে আপনাদের মতামত ব্যক্ত করুন।
- ১০। প্রকল্প এলাকায় Solid Waste Management (বর্জ্য নিষ্কাশন ব্যবস্থা) কেমন হওয়া উচিত বলে আপনারা মনে করেন? এ সম্পর্কে আপনাদের মতামত ব্যক্ত করুন।
- ১১। প্রকল্পের নির্মাণ কাজে গতিশীলতা বৃদ্ধি করতে বা প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন করতে এই মুহূর্তে কি ধরনের পদক্ষেপ নেয়া জরুরি বলে আপনারা মনে করেন? এ ব্যাপারে আপনাদের মতামত ব্যক্ত করুন।
- ১২। ভবনের ওয়াটার রিজার্ভার ট্যাংক (Water Resourver Tank) কিভাবে স্থাপন হলে ভাল হতো বলে মনে করেন? এ ব্যাপারে আপনাদের মতামত ব্যক্ত করুন।

---

তথ্য সংগ্রহকারীর নাম ও স্বাক্ষর

“ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে ১৫ টি ১৪ তলা বিশিষ্ট আবাসিক  
ফ্ল্যাট নির্মাণ প্রকল্প (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের

## নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার

### অবকাঠামো (ভবন) পরিদর্শন ও পরিবীক্ষণ চেকলিস্ট

প্যাকেজ নম্বর / ভবন নং :

তারিখ:

চুক্তি তারিখ	কাজ শুরুর তারিখ	সম্পাদনের প্রকৃত তারিখ	বাস্তব অগ্রগতি

#### চলমান কাজ এর পরিদর্শন চেকলিস্ট:

ভবনের গ্রাউন্ড ফ্লোরের বিভিন্ন অংশ ছাড়াও কলাম, বীম, সিঁড়ি, বিল্ডিংয়ের প্লিন্থ এরিয়া, মেঝে, বারান্দা, ইত্যাদি পরিমাপ করা হবে। এছাড়াও চলমান কাজের গুণগতমান যেভাবে পর্যবেক্ষণ করা হবে তার নমুনা নিম্নে দেয়া হলো-

- বিল্ডিং নির্মাণে বিএনবিসি অনুসরণ করা হয়েছে কিনা?
- অনুমোদিত ড্রইং/ডিজাইন অনুযায়ী বিল্ডিং এর লে-আউট স্থাপন করা হয়েছিল কিনা?
- অনুমোদিত ড্রইং/ডিজাইন অনুযায়ী যথাযথভাবে নির্মাণ কাজ হচ্ছে কিনা? ড্রইং/ডিজাইনে পরিবর্তন হয়ে থাকলে কিভাবে তা সমন্বয় করা হয়েছে?
- নির্মাণ কাজে ব্যবহৃত নির্মাণ সামগ্রীর গুণগতমান কিভাবে নিশ্চিত করছেন?- যেমন: ইট, পাথর, সিমেন্ট, রেইনফোর্সমেন্ট, বালি ইত্যাদি।
- নির্মাণ কাজে ব্যবহৃত সিমেন্ট, রেইনফোর্সমেন্ট কোন ব্র্যান্ডের ব্যবহার করা হচ্ছে?
- নির্মাণে কাজে ব্যবহৃত পাথর কোন জায়গা হতে সংগ্রহ করা হচ্ছে এবং বালির fm কত?
- ঠিকাদার ঢালাই কাজে যথাযথভাবে ভাইব্রেটর মেশিন ব্যবহার করেছে কিনা?
- ঢালাই সম্পন্ন হওয়ার পর ঠিকাদার যথাযথভাবে কিউরিং করেছে কিনা? কতদিন কিউরিং করেছে?
- ঢালাই সম্পন্ন হওয়ার পর বীম ও কলামে হানিকম্ব পরিলক্ষিত হয়েছে কিনা? হানিকম্ব পরিলক্ষিত হলে, তা কিভাবে সংশোধন করা হয়েছে?
- কংক্রিট টেস্টে কোন ধরনের ত্রুটি/বিচ্যুতি দেখা দিয়েছিল কিনা এবং ত্রুটি/বিচ্যুতি দেখা দিলে, তা কিভাবে সংশোধন করা হয়েছে?
- বিল্ডিং নকশায় পানি সরবরাহ এবং স্যানিটেশন অন্তর্ভুক্ত হয়েছে কিনা? অন্তর্ভুক্ত হয়ে থাকলে, পানি সরবরাহ কিভাবে করা হবে বিস্তারিত বলুন।
- ঠিকাদার নির্মাণ কাজে স্টিল সাঁটারিং ব্যবহার নিশ্চিত করেছে কি না? না করে থাকলে কেন করেনি বলে মনে করেন?
- সাইটে সাইট নোট বুক রয়েছে কিনা? পরিদর্শন এর মতামত সাইট নোট বুকে লিপিবদ্ধ করা হয় কিনা? হয়ে থাকলে

উক্ত মতামত অনুযায়ী নির্মাণ কাজ করা হচ্ছে কী?

- ঠিকাদার শ্রমিকদের জন্য নিরাপত্তা পরিমাপ সরঞ্জাম (গামবোট, হেলমেট, গ্লাভস, মাস্ক ইত্যাদি) সরবরাহ এবং ব্যবহার নিশ্চিত করেছে কিনা ?
- ভবনে ওয়াটার রিজার্ভার ট্যাংক এর কাজ কিভাবে সম্পন্ন করা হবে? বিস্তারিত বলুন।
- ড্রেন ও সুয়ারেজ লাইনের কাজ সঠিকভাবে সম্পন্ন হয়েছে কিনা? না হয়ে থাকলে, সুয়ারেজ লাইন কিভাবে স্থাপন করা হবে বিস্তারিত বলুন।
- ওয়াটার সাপ্লাই এবং সেনিটেশন এর কাজ সঠিকভাবে সম্পন্ন হয়েছে কিনা; না হয়ে থাকলে, ওয়াটার সাপ্লাই এবং সেনিটেশন এর কাজ কিভাবে হবে, বিস্তারিত বলুন।
- প্রকল্প এলাকায় বর্জ্য নিষ্কাশন ব্যবস্থা (solid waste management) কিভাবে নিশ্চিত করা হবে, বিস্তারিত বলুন।
- আরবরিকালচার (arboriculture) এর জন্য কি কি উদ্যোগ গ্রহণ করা হয়েছে বিস্তারিত বলুন।
- ভবনে সোলার প্যানেল এর কাজ অর্ন্তভুক্ত করা হয়েছে কিনা? হয়ে থাকলে, কিভাবে/কোথায় সোলার প্যানেল এর কাজ করা হবে, বিস্তারিত বলুন।
- ভবনে বৃষ্টির পানি সংরক্ষণাগাড়ের ব্যবস্থা রাখা হয়েছে কিনা? হয়ে থাকলে, কিভাবে বৃষ্টির পানি সংরক্ষণ করা হবে?

#### ইলেক্ট্রিক্যাল কাজের পরিদর্শন চেকলিস্ট:

- ❖ অনুমোদিত ড্রইং/ডিজাইন অনুযায়ী ভবনে যথাযথভাবে বৈদ্যুতিক কাজ সমন্ন করা হচ্ছে কি? কয়টি ভবনে বৈদ্যুতিক কাজ সম্পন্ন হয়েছে?
- ❖ পাম্প-মোটর (Pump-motor) কিভাবে এবং কয়টা স্থাপন করা হবে?
- ❖ ভবনে লিফট ইনস্টোলেশন এর কাজে লে-আউট যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে কী?
- ❖ অগ্নি-নির্বাপক ব্যবস্থা (Fire Management System) সঠিকভাবে করা হয়েছে কিনা (কোথাও হাজার্ড দেখা দিলে তার জন্য বিপদজনক সতর্কতা চিহ্ন সনাক্ত করা হয়েছে কিনা। যদি এরকম হয়, তবে সমস্যা দূরীকরণের জন্য কি ধরনের পদক্ষেপ আর কীভাবে নেওয়া হয়েছে);
- ❖ সাব-স্টেশন এর কাজ কয়টি সম্পন্ন হয়েছে?
- ❖ ভবনে ব্যবহৃত ইলেক্ট্রিক্যাল সার্কিট, সুইচ, সার্কিট ব্রেকার ইত্যাদি ঠিক রয়েছে কিনা এবং ট্রান্সফরমার থেকে যথাযথ ভোল্টেজ সরবরাহ হচ্ছে কিনা?
- ❖ ট্রান্সফরমার থেকে প্রাপ্ত ভোল্টেজ আপ-ডাউন হয় কিনা এবং হয়ে থাকলে কি ধরনের পদক্ষেপ নেওয়া হয়েছে?
- ❖ ভবনে ব্যবহৃত বৈদ্যুতিক ক্যাবল কোন ব্র্যান্ডের ব্যবহার করা হয়েছে?
- ❖ ভবনে বৈদ্যুতিক মিটার, মেইন সুইচ/কাটআউট যথাযথ কাজ করে কী?
- ❖ ভবনে জেনারেটর স্থাপনের কাজ যথাযথভাবে সম্পন্ন হয়েছে কিনা, এছাড়া কন্ট্রোল সিস্টেম বা কোন ধরনের ট্রাবল-সুটিং দেখা দিচ্ছে কি? ট্রাবল-সুটিং দেখা দিলে তা কিভাবে সংশোধন করা হয়েছে বা হবে?
- ❖ ভবনে অভ্যন্তরীণ বৈদ্যুতিক লাইনে কোন ধরনের ফলস্ সৃষ্টি হয় কী?



“ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে ১৫ টি ১৪ তলা বিশিষ্ট আবাসিক  
ফ্ল্যাট নির্মাণ প্রকল্প (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার

ক্রয় সংক্রান্ত চেকলিস্ট

ক্রমিক নং	বিষয়	উত্তর/মন্তব্য লিখুন
১	দরপত্র অনুযায়ী কাজের নাম ও লট/প্যাকেজ নং (ক্রমিক অনুসারে)	
২	অনুসৃত দরপত্র তৈরির পদ্ধতি কি ছিল?	
৩	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	
৪	ক্রয় প্রক্রিয়ার ধরন কি ছিল?	
৫	দরপত্র প্রস্তুতকরণের ক্ষেত্রে পিপিআর ২০০৮ অনুসরণ করা হয়েছিল কি?	হ্যাঁ না
৬	বিনির্দেশনা প্রস্তুতকরণে পিপিআর ২০০৮ অনুসরণ করা হয়েছিল কি?	হ্যাঁ না
৭	দরপত্র প্রস্তুতে ডিপিপিআর বিনির্দেশনা কি ছিল?	
৮	দরপত্র প্রকাশের মাধ্যম (জাতীয়/আন্তর্জাতিক) (বাংলা ও ইংরেজি পত্রিকার নাম)	১। পত্রিকার নামঃ (বাংলা)-----তারিখঃ----- ২। পত্রিকার নামঃ (ইংরেজি)-----তারিখঃ-----
৯	দরপত্র CPTU এর ওয়েবসাইটে প্রকাশ হয়েছিল কি?	হ্যাঁ না
১০	দরপত্র বিক্রয় শুরু এবং শেষের তারিখ	শুরু-----তারিখ শেষ-----তারিখ
১১	বিক্রয়কৃত দরপত্রের সংখ্যা	-----টি
১২	প্রাপ্ত দরপত্রের সংখ্যা	-----টি
১৩	টিওএস তৈরির তারিখ	
১৪	দরপত্র খোলার তারিখ ও সময়	তারিখঃ সময়ঃ
১৫	দরপত্র খোলার সময় উপস্থিত সদস্য সংখ্যা	-----জন
১৬	টিওএস কমিটির সদস্যবৃন্দের স্বাক্ষর আছে কি না?	
১৭	দরপত্র মূল্যায়ন কমিটির সভার তারিখ	-----তারিখ
১৮	মূল্যায়ন কমিটির সদস্য সংখ্যা	----- জন, বহিঃ সদস্য সংখ্যা-----জন
১৯	উপস্থিত সদস্য সংখ্যা	----- জন, বহিঃ সদস্য সংখ্যা-----জন
২০	দরপত্রের জামানত জমা হয়েছিল কি? (ব্যাংক পে- অর্ডার, চালান ইত্যাদি)	হ্যাঁ না
২১	রেসপনসিভ দরপত্রের সংখ্যা	----- টি
২২	নন-রেসপনসিভ দরপত্রের সংখ্যা	----- টি

ক্রমিক নং	বিষয়	উত্তর/মন্তব্য লিখুন	
২৩	মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের তারিখ		
২৪	Notification of Award (NOA) প্রদানের তারিখ	-----তারিখ	
২৫	প্রস্তাবকৃত মূল্য (ডিপিপি/আরডিপিপি)	-----টাকা	
২৬	চুক্তি মূল্য	-----টাকা	
২৭	কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের নাম		
২৮	চুক্তি স্বাক্ষরের তারিখ		
২৯	কার্যাদেশ/চুক্তি অনুযায়ী কাজ শুরুর তারিখ		
৩০	চুক্তি অনুযায়ী কাজ শেষ করার তারিখ		
৩১	সরবরাহকৃত পণ্য/মালামালের ওয়ারেন্টি ছিল কি?	হ্যাঁ	
		না	
৩২	ক্রয়ের ক্ষেত্রে পিপিআর ২০০৮ এর কোন ব্যত্যয় হয়েছিল কি না ?	হ্যাঁ	
		না	
৩৩	যদি হয়ে থাকে তবে তার কারণ উল্লেখ করুন		
৩৪	ক্রয় সংক্রান্ত রেকডপত্র সংরক্ষিত আছে কি না ?	হ্যাঁ	
		না	
৩৫	ক্রয়কৃত মালামাল রিসিভ পদ্ধতি		
৩৬	ক্রয় সংক্রান্ত কোন প্রকার অডিট হয়েছে কিনা?	হ্যাঁ	
		না	
৩৭	হ্যাঁ হলে অডিট আপত্তি ছিল কিনা?	হ্যাঁ	
		না	
৩৮	অডিট আপত্তি থাকলে কতটি আপত্তি ছিল এবং কতটি নিষ্পন্ন হয়েছে?	আপত্তির সংখ্যা-----টি	নিষ্পন্ন সংখ্যা-----টি
৩৯	অডিট আপত্তি নিষ্পন্ন না হয়ে থাকলে তার কারণ?	----- -----	